সাধারণকালের
সাপ্তাহিক ব্যবস্থা

রবিবার

১ম সন্ধ্যারতি

স্তোত্র

ওঁ, অগ্নির্জ্যোতি, জ্যোতিরগ্নি, জয়!
আনন্দের জ্যোতি, অমর স্বর্গীয় পিতার
পরম গৌরবের আনন্দের জ্যোতি।
যীশু জ্যোতি, ধন্য হে,
জ্যোতি যীশু, ধন্য হে, আনন্দের জ্যোতি।

১। সূর্য অস্ত গমন করল,
এসো, সান্ধ্য দীপ জ্বালিয়ে
সবে মিলে করি পূজা।
আনন্দের জ্যোতি ...

২। পিতা ও পুত্র ও পবিত্রাত্মার,
এসো, করি স্তুতিগান,
চিরকালীন ঈশ্বর হে।
আনন্দের জ্যোতি ...

৩। ঈশ্বরপুত্র, জীবনদাতা,
বিশ্বপতি, পরিত্রাতা,
সবে বলে, ধন্য হে।
আনন্দের জ্যোতি ... (৩য় শতাব্দী)

বিকল্প

১। অগ্নিময় গেল সূর্য,
পরম জ্যোতি মহান ঐক্য,
তব আলো, ওগো ত্রিত্ব,
মোদের বক্ষস্থলে দিও।

২। উষালগ্নে তোমায় ডাকি,
সন্ধ্যাকালে এ মিনতি:
স্বর্গনিবাসীদের সঙ্গে
করি যেন তব স্তুতি।

৩। স্রষ্টা পিতা, ত্রাতা পুত্র,
ঐশশক্তি পরম পবন,
সর্বযুগে সর্বস্থানে
ত্রিত্বের পূজি সর্বজনে। (৭ম শতাব্দী)

বাণী পাঠ

১ম সপ্তাহ **রো ১১:৩৩-৩৬**

আহা! কতই না গভীর ঈশ্বরের ঐশ্বর্য, প্রজ্ঞা ও জ্ঞান! কতই না দুর্জ্ঞেয় তাঁর বিচার সকল, সন্ধানের অতীত তাঁর কর্মপথ। আসলে কেবা জেনেছে প্রভুর মন? কেবা হয়েছে তাঁর মন্ত্রণাদাতা? আর কেইবা প্রথমে তাঁকে কিছু দান করেছে সে যেন পেতে পারে প্রতিদান? কেননা সমস্ত কিছু তাঁরই কাছ থেকে, তাঁরই দ্বারা, তাঁরই জন্য। তাঁর গৌরব হোক চিরকাল ধরে। আমেন।

২য় সপ্তাহ **কল ১:২খ-৬**

আমাদের পিতা ঈশ্বর থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের উপর বর্ষিত হোক। তোমাদের জন্য যখন আমরা প্রার্থনা করি, তখন আমাদের প্রভু যীশুখ্রীষ্টের পিতা ঈশ্বরকে অবিরত ধন্যবাদ জানাই, কারণ আমরা শুনেছি খ্রীষ্টযীশুর প্রতি তোমাদের বিশ্বাস ও সকল পবিত্রজনের প্রতি তোমাদের ভালবাসার কথা, কেননা এর মূল হল

তোমাদের জন্য স্বর্গে সঞ্চিত সেই প্রত্যাশা যার কথা তোমরা তখনই শুনেছিলে, যখন সুসমাচারের সত্যের বাণী তোমাদের কাছে এসে পৌঁছেছিল—সেই যে সুসমাচার সারা জগতেও ফলশালী হয়ে উঠছে ও বৃদ্ধিলাভ করছে; এইভাবে তোমাদের মধ্যেও ঘটছে সেই দিন থেকে, যেদিন থেকে তোমরা ঈশ্বরের অনুগ্রহের কথা শুনে তা সত্য বলে উপলব্ধি করেছিলে।

৩য় সপ্তাহ **হিব্রু ১৩:২০-২১**

শান্তিবিধাতা ঈশ্বর, যিনি চিরন্তন সন্ধির রক্তগুণে মেষগুলির সেই মহান পালককে, আমাদের প্রভু যীশুকে, মৃতদের মধ্য থেকে ফিরিয়ে আনলেন, তিনি মঙ্গলকর সবকিছুতে তাঁর ইচ্ছা পালন করতে তোমাদের দীক্ষিত করে তুলুন; তাঁর কাছে যা প্রীতিকর তা তিনি আমাদের অন্তরে সম্পন্ন করুন যীশুখ্রীষ্ট দ্বারা, যাঁর গৌরব হোক যুগে যুগান্তরে। আমেন।

৪র্থ সপ্তাহ **২ পি ১:১৯-২১**

নবীদের বাণীও আমাদের আছে, আর সেই বাণী অত্যন্ত দৃঢ়প্রতিষ্ঠিত; তোমরা ঠিকই করবে যদি সেই বাণীর প্রতি, যা অন্ধকার স্থানে জ্বলন্ত প্রদীপেরই মত, মনোযোগী থাক—যতক্ষণ না দিনের আলো ফুটে ওঠে এবং তোমাদের অন্তরে প্রভাতী তারা উদিত না হয়। সর্বপ্রথমে একথা জেনে রাখ যে, শাস্ত্রের কোন নবীয় বাণী ব্যক্তিবিশেষের ব্যাখ্যার বিষয় নয়, কারণ নবীয় বাণী মানুষের ইচ্ছাক্রমে কখনও উপনীত হয়নি, বরং পবিত্র আত্মা দ্বারা চালিত হয়েই সেই সকল মানুষ ঈশ্বরের পক্ষ থেকে কথা বললেন।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

প্র হে প্রভু, * কী অগণন তোমার কর্মকীর্তি!
উ হে প্রভু, * কী অগণন তোমার কর্মকীর্তি!
প্র প্রজ্ঞার সঙ্গেই নির্মাণ করেছ এ সবকিছু।
উ কী অগণন তোমার কর্মকীর্তি।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে প্রভু, * কী অগণন তোমার কর্মকীর্তি!

২য়, ৪র্থ সপ্তাহ

প্র সূর্যের উদয় থেকে তার অস্তেই * প্রভুর নাম প্রশংসিত হোক।
উ সূর্যের উদয় থেকে তার অস্তেই * প্রভুর নাম প্রশংসিত হোক।
প্র তাঁর গৌরব আকাশমন্ডলের ঊর্ধ্বে বিরাজিত।
উ প্রভুর নাম প্রশংসিত হোক।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ সূর্যের উদয় থেকে তার অস্তেই * প্রভুর নাম প্রশংসিত হোক।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি পিতা ও পুত্র ও পবিত্র আত্মা বলে আত্মপ্রকাশ করেছেন, আসুন, সেই ত্রিব্যক্তি একেশ্বরকে পূজা করে অনুনয় করি:

হে প্রভু, তোমার জনগণকে রক্ষা কর।

-হে মহান ও দয়ালু ঈশ্বর, তোমার ধর্মময়তা পৃথিবীর উপর উদিত হোক, যেন তোমার জনগণ শান্তি ও ভ্রাতৃত্বের যুগ দেখতে পায়।

-সর্বজাতির মাঝে তোমার রাজ্যের আগমন হোক। প্রাক্তন সন্ধির সেই জনগণের জন্যও তোমার পরিত্রাণের পরিকল্পনা সিদ্ধিলাভ করুক।

-সকল পরিবারের মধ্যে যেন সুসম্পর্ক ও প্রভুভক্তি বিরাজ করে। ত্রিত্বের মধ্যে যেরূপ ভালবাসার বন্ধন রয়েছে, তদ্রূপ বন্ধন যেন আমাদের মধ্যেও প্রকাশ পায়।

-যারা আমাদের উপকার করে, তাদের সকলকে আশীর্বাদ কর। প্রতিদানে তাদের সমৃদ্ধি ও অনন্ত জীবন দান কর।

-যাঁরা তোমার রাজ্য-প্রতিষ্ঠা ও সমাজ-কল্যাণের জন্য পরিশ্রম করে প্রাণ দিয়েছেন, তাঁদের উপর সদয় দৃষ্টিপাত কর। তাঁদের সকলকে স্বর্গীয় অনন্ত বিশ্রামে গ্রহণ কর।

২য় সপ্তাহ

যিনি তাঁর মনোনীত জনগণকে রক্ষা ও প্রতিপালন করে ঐশরাজ্যের পরমানন্দে আহ্বান করেন, আসুন, সেই ঈশ্বরের মঙ্গলময়তা স্মরণ করে তাঁর কাছে মিনতি জানাই:

হে প্রভু, আমরা তোমাতে ভরসা রাখি।

-আমাদের পোপ ... ও আমাদের বিশপ ...এর জন্য তোমার কাছে প্রার্থনা করি: তোমার পবিত্র আত্মার নিত্য সহায়তায় তাঁদের চালিত কর।

-তোমার আশীর্বাদে আমাদের অসুস্থ ভাইবোনেরা যেন অনুভব করেন, তাঁরা তোমার পুত্রের যন্ত্রণাভোগের সহভাগী। তাঁরা তোমার অনুগ্রহ ও সান্ত্বনাও উপলব্ধি করুন।

-বাস্তুহারাদের প্রতি করুণার দৃষ্টিতে চেয়ে দেখ; আমাদের উদ্দীপিত কর, যেন আমাদের আপ্রাণ চেষ্টার ফলে তাঁরা সমাজে উপযুক্ত মর্যাদা ও সমৃদ্ধি পেতে পারেন।

-ভূমির ফল ও মানুষের শ্রমের ফল আশীর্বাদ কর, কেউই যেন দৈনিক খাদ্য থেকে বঞ্চিত না হয়।

-আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার কোলে গ্রহণ কর; তোমার করুণায় তাঁদের অনন্ত বিশ্রাম দান কর।

৩য় সপ্তাহ

যিনি একদিন ক্ষুধার্ত জনগণকে অলৌকিক ভাবে খেতে দিয়েছিলেন, সেই খ্রীষ্টের ভালবাসা স্মরণ করে, আসুন, ভরসাভরে তাঁর কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার দয়ার অলৌকিক কাজ আজও সাধন কর।

-আমরা স্বীকার করি, এ সপ্তাহে মঙ্গলকর যা কিছু পেয়েছি, তা সবই তোমার মঙ্গলময়তার দান। আমাদের অন্তর উর্বর ভূমির মত তোমার সেই দানগুলি গ্রহণ করুক, তা যেন অনন্ত জীবনের ফসল ফলাতে পারে।

-তুমি সর্বজাতির আলো ও পরিত্রাণ; অখ্রীষ্টানদের মধ্যে যাঁরা তোমার বাণী প্রচার করেন, তাঁদের রক্ষা ও পরিচালনা কর; তাঁদের অন্তরে তোমার আত্মার আগুন জ্বালাও।

-আশীর্বাদ কর, সকল মানুষ যেন এমন এক নতুন বিশ্ব গড়ার কাজে সহযোগিতা করে, যেখানে ন্যায় ও শান্তি বজায় থেকে ব্যক্তিমর্যাদা ও মানবাধিকারের মূল্যবোধ অধিক গুরুত্বপূর্ণ স্থান পায়।

-তুমি দেহ ও আত্মার আরোগ্যদাতা; অসুস্থদের স্বস্তি ও মরণাপন্নদের সান্ত্বনা দান কর; তোমার দয়া দানে সকল মানুষকে হিংসারোগ থেকে সুস্থ করে তোল।

-আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার গৌরবময় স্বর্গীয় জনসমাবেশে গ্রহণ কর; তাঁদের নাম জীবন-গ্রন্থে লিখে তাঁদের শাশ্বত আনন্দ দান কর।

৪র্থ সপ্তাহ

যিনি তাঁর আপন আশ্রিতজনদের আনন্দ, আসুন, আশ্বাস নিয়ে সেই খ্রীষ্ট প্রভুকে ডাকি:

হে প্রভু, তোমার জনগণের প্রার্থনা শোন।

-হে বিশ্বস্ত সাক্ষ্যদাতা ও মৃতদের মধ্য থেকে প্রথমজাত, তুমি তো নিজের রক্তে আমাদের ধৌত করেছ; আমরা যেন কৃতজ্ঞতার সঙ্গে তোমার প্রেমের অপরূপ কীর্তি নিত্যই বন্দনা করতে পারি।

-অখ্রীষ্টানদের মধ্যে যাঁরা তোমার বাণী প্রচার করেন, তাঁদের অন্তরে আলো ও শক্তি সঞ্চার কর, তাঁরা যেন তোমার রাজ্যের বিশ্বস্ত ও নির্ভীক সাক্ষী হতে পারেন।

-হে শান্তিরাজ, সমাজনেতাদের মন তোমার পবিত্র আত্মা দানে উদ্বুদ্ধ করে তোল, তাঁরা যেন গরিব ও অসহায়দের মঙ্গল ব্যবস্থা করতে পারেন।

-যারা জাতি, ধর্ম, ভাষা বা সামাজিক অবস্থার জন্য অত্যাচারিত, তাদের তুমিই সহায় হও। তোমার আশীর্বাদে তারা যেন তাদের প্রাপ্য মানবাধিকার ফিরে পেতে পারে।

-যাঁরা তোমাতে বিশ্বাস রেখে পরলোকগমন করেছেন, তাঁদের সকলকে তোমার শান্তিরাজ্যে গ্রহণ কর; তাঁরা যেন ধন্যা মারীয়া ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে তোমার অবিরত মাহাত্ম্য-বন্দনা করতে পারেন।

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। মধ্যরাত্রির এই সময়ে,
এসো, নবীর কথামত
পিতা ও পুত্র ও পবিত্রাত্মার
জয়গানে থাকি রত।

২। এটি ছিল ভীতির লগ্ন :
ধ্বংসনকারী যমদূত এসে
প্রথমজাতদেরই মেরে
আনলেন মৃত্যু মিশরদেশে।

৩। এটি আবার ত্রাণের লগ্ন
সেই সব ভক্তজনের জন্য,
রক্তচিহ্ন দে'খে সেই দূত
যাদের দিলেন না কো দন্ড।

৪। মিশর তখন করল ক্রন্দন
হত্যাকান্ডের কথা শুনে।
একা ইস্রায়েল নন্দিত
মেষশাবকের রক্তগুণে।

৫। সত্যকার ইস্রায়েল মোরা,
মোরাই তোমাতে নন্দিত,
শত্রুর 'পরে করি জয়
খ্রীষ্টের রক্তে যে সিঞ্চিত।

৬। ওগো প্রভু, কর কৃপা,
মোরা যেন ভক্তিভরে
তব স্তুতি গাইতে পারি
স্বর্গধামে যুগযুগ ধরে। (৫ম শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। সৃষ্ট যত দিনের মধ্যে
অষ্টম দিবস পুণ্যতম :
পুনরুত্থিতদের প্রথম
ফল সেই খ্রীষ্টের দিন।

২। তব পুনরুত্থান, খ্রীষ্ট,
হোক মোদেরও পুনরুত্থান :
নব জীবন, নব প্রাণ,
মৃত্যুর 'পরে জয়।

৩। এখন তুমি স্বর্গে আসীন,
তুমিই জীবন, পুনরুত্থান!
মোদের আশা : তব জয়ের
হব অংশীদার।

৪। যখন তব দর্শন পাব,
—তুমিই সুখ, সত্যকার জ্যোতি—
তখন সেই সাদৃশ্যে হবে
মোদের রূপান্তর।

৫। পরমাত্মায় পরিপূর্ণ
মোদের তুমি পিতার কাছে
তুলে দেবে অর্ঘ্যরূপে :
ত্রিত্বের গৌরব হোক! (আরোন - ১২শ শতাব্দী)

১ম পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* খ্রীস্টের বাণী তার পূর্ণ ঐশ্বর্য নিয়ে তোমাদের অন্তরে বসবাস করুক ;
উ তোমরা পূর্ণ প্রজ্ঞায় পরস্পরকে চেতনা দান কর।

জোড় সপ্তাহ *প্র* সন্তান আমার, আমার বাণীর প্রতি মনোযোগ দাও,
উ আমার কথায় কান দাও।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* ধন্য তোমাদের চোখ, কারণ খ্রীষ্টকে দেখতে পায় ;
উ ধন্য তোমাদের কান, কারণ তাঁর কণ্ঠস্বর শুনতে পায়।

জোড় সপ্তাহ *প্র* ঈশ্বরের বাণী জীবন্ত ও কার্যকর ;
উ তা যে কোন দুধারী খড়্গের চেয়েও তীক্ষ্ণ।

৩য় পর্ব

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বিকল্প

ধুয়ো : হে প্রভু, * আমরা তোমারই প্রতীক্ষায় আছি ;
সঙ্কটকালে তুমিই আমাদের পরিত্রাণ।

সঙ্কটকালে আশ্বাসপূর্ণ প্রার্থনা **গীতিকা ইসা ৩৩:২-১০**

খ্রীস্টে নিহিত রয়েছে সমস্ত জ্ঞান ও প্রজ্ঞার অমূল্য সঞ্চয় (কল ২:৩)।

হে প্রভু, আমাদের প্রতি সদয় হও,
আমরা তোমারই প্রতীক্ষায় আছি ;
প্রতি প্রভাতে হও তুমি আমাদের বাহু যেন,
সঙ্কটকালে আমাদের পরিত্রাণ।

কোলাহলের শব্দে পালিয়ে যায় জাতিসকল,
তুমি উঠে দাঁড়ালেই দেশগুলো বিক্ষিপ্ত হয়ে যায়।
তোমাদের লুটের মাল জমে যেমনটি শুঁয়াপোকা এসে জমে,
তার উপর লোকে ছুটে আসে পঙ্গপালের ছুটাছুটি যেন।

প্রভু উচ্চতম, তিনি ঊর্ধ্বলোকেই তো করেন বসবাস,
ন্যায় ও ধর্মময়তায় সিয়োনকে পরিপূর্ণ করেন।
তোমার আয়ুষ্কালে তিনি হবেন সুস্থিরতা ; †
প্রজ্ঞা ও জ্ঞান-ই ত্রাণকারী ধনভাণ্ডার ;
প্রভুভয় তার ধনসম্পদ।

দেখ, তাদের বীরপুরুষেরা রাস্তা-ঘাটে চিৎকার করছে,
শান্তির দূতেরা তীব্রস্বরে ক্রন্দন করছে।
যত পথ জনশূন্য, রাস্তা-ঘাটে আর কোন পথিক নেই,
যত চুক্তি-সন্ধি ভগ্ন, সাক্ষীরা উপেক্ষিত, কারও প্রতি সম্মান নেই।

বিলাপ করতে করতে শুষ্ক হচ্ছে দেশ,
লজ্জায় ম্লান হচ্ছে লেবানন,
শারোন হয়ে গেছে প্রান্তরেরই মত,
বাশান ও কার্মেলের যত গাছ পাতা ঝেড়ে ফেলে।

‘এখন উঠব,’ বলছেন প্রভু,
‘এখন উন্নীত হব, এখন উত্তোলিত হব।’

ধর্মময়তার সঙ্গেই প্রভুর বিচার **গীতিকা ইসা ৩৩:১৩-১৬**

সেই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তোমাদের উদ্দেশে, তোমাদের সন্তানদের উদ্দেশে এবং দূরে যারা আছে, তাদের সকলেরও উদ্দেশে (শিষ্য ২:৩৯)।

দূরে আছ যারা, শোন কী করেছি আমি,
কাছে আছ যারা, জেনে নাও আমার প্রতাপ।
সিয়োনে যত পাপী সন্ত্রাসিত,
যত ভক্তিহীনকে ধরেছে শিহরণ—

‘আমাদের মধ্যে কে বাস করতে পারে
সর্বগ্রাসী আগুনের সঙ্গে?
চিরকালীন দাহনের সঙ্গে
আমাদের মধ্যে কেই বাস করতে পারে?’

যে ধার্মিকভাবে চলে ও সত্য কথা বলে, †
অত্যাচারের অর্থলাভ যে অগ্রাহ্য করে,
ঘুষ-স্পর্শ থেকে যে হাত দূরে রাখে;
রক্তপাতের কথা শোনা থেকে যে কান বিরত রাখে,
অনিষ্ট দর্শন থেকে যে বুজিয়ে রাখে চোখ;

তেমন মানুষই তো উঁচুস্থানে করবে বসবাস,
গিরিদুর্গ হবে তার আশ্রয়স্থল,
তাকে খাদ্য দেওয়া হবে, নিশ্চিত হবে তার জল।
ত্রিত্বের গৌরব হোক চিরকালের মত। আমেন।

ঈশ্বরের জাতির জন্য শান্তি কামনা **গীতিকা সিরা ৩৬:১১-১৭**

এইটি অনন্ত জীবন: তারা যেন তোমাকে, সেই একমাত্র সত্যময় পরমেশ্বর, তোমাকেই জানতে পারে, আর যাঁকে তুমি প্রেরণ করেছ, সেই যীশুখ্রীষ্টকেও যেন জানতে পারে (যোহন ১৭:৩)।

সেই জাতির প্রতি দয়া কর, প্রভু,
যার নাম তোমার আপন নাম,
সেই ইস্রায়েলের প্রতি,
যাকে তুমি করে তুলেছ তোমার আপন প্রথমজাতরূপে।

তোমার পবিত্র নগরীর প্রতি,
তোমার বিশ্রামস্থান সেই যেরুসালেমের প্রতি দয়া কর।
সিয়োনকে তোমার প্রশংসাগানে,
তোমার আপন জাতিকে তোমার গৌরবে পূর্ণ কর।

প্রথমেই যাদের সৃষ্টি করেছ, তাদের পক্ষসমর্থন কর,
তোমার আপন নামে দেওয়া ভাববাণী পূর্ণ কর।
যারা তোমার প্রতীক্ষায় আছে, তাদের পুরস্কৃত কর,
তোমার নবীরা বিশ্বাসযোগ্য বলে প্রতিপন্ন হোন।

তোমার দাসদের প্রার্থনায় সাড়া দাও, প্রভু,

তোমার আপন জনগণের উপর আরোনের সেই আশীর্বচন অনুসারে।
সকল মর্তবাসী যেন জানতে পারে যে,
তুমিই প্রভু, সর্বযুগের পরমেশ্বর।

ধুয়ো : আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বিকল্প

ধুয়ো : হে প্রভু, আমরা তোমারই প্রতীক্ষায় আছি;
সঙ্কটকালে তুমিই আমাদের পরিত্রাণ।

বিজোড় সপ্তাহ ℣ তোমার সত্যে আমাকে চালনা কর, প্রভু, আমাকে শিক্ষা দাও;
℟ তুমিই তো আমার ত্রাণেশ্বর।

জোড় সপ্তাহ ℣ তোমার মুখের বিধান আমার কাছে
℟ অজস্র সোনা ও রুপোর চেয়েও শ্রেয়তর।

স্তোত্র

তুমি ঈশ্বর, তোমারই করি প্রশংসাগান,
তুমি প্রভু, তা-ই আমরা করি স্বীকার,
তুমি সনাতন পিতা,
তোমাকে নিখিল বিশ্ব করে পূজা।
স্বর্গীয় দূতবৃন্দ, ঊর্ধ্বলোকের শক্তিবাহিনী,
খেরুব ও সেরাফদূত নিত্য করেন প্রচার :
'পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরব ও মহিমায় পরিপূর্ণ।'
প্রেরিতদূতেরা গৌরবের কণ্ঠে,
নবীরা সমস্বরে,
সাদা কাপড় পরা সেই সাক্ষ্যমর সেনাদল
তোমারই স্তুতি করেন গান।
পবিত্র তোমার মণ্ডলী বিশ্বব্যাপী করে প্রচার :
'হে পিতা, অসীম রাজমহিমা তোমার,
তোমার সত্যময় ও একমাত্র পুত্র সবারই পূজনীয়,
সহায়কই পবিত্র আত্মা।'
হে খ্রীষ্ট, তুমি গৌরবের রাজা,
পিতার সনাতন পুত্র তুমি,
তুমি মানুষকে মুক্তি দেবার জন্য
করনি উপেক্ষা কুমারীর গর্ভ।
তুমি মৃত্যুর অঙ্কুশ ক'রে জয়
বিশ্বাসীদের জন্য স্বর্গরাজ্য দিলে খুলে।
স্বর্গীয় গৌরবে পিতার ডান পাশেই সমাসীন তুমি,
তুমি আসবে—বিশ্বাস করি—বিচারকরূপে।
এসো, প্রভু, তোমার অমূল্য রক্তে যাদের করেছ মুক্ত,
এসো, তোমার এই জনগণের সহায় থেকো তুমি,
তোমার কৃপায় যেন নিখিল সাধুসাধ্বীর সঙ্গে

আমরাও শাশ্বত গৌরবের যোগ্য হয়ে উঠি।

বিকল্প অতিরিক্ত অংশ, পৃঃ ১০৬২। (৪র্থ শতাব্দী)

সুসমাচার ঘোষণা, পৃঃ ১০৬৩।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।

(৪র্থ শতাব্দী)

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। নিত্যকালীন বিশ্বকর্মা,
দিবানিশির বিধানকর্তা,
কালচক্র খণ্ড ক'রে
আন তৃপ্তি মোদের ঘরে।

২। ওঠ, ওঠ, ডাকে কোকিল,
খ্রীষ্টের সঙ্গে ওঠ সবাই ;
ঘোর রাত্রি দূরে যাচ্ছে,
সূর্য দ্রুত দৌড়ে আসছে।

৩। মোরগ ডাকছে, ফেরে আশা,
পায় মুক্তি নরঘাতক,
বিশ্বাসভ্রষ্ট ক্ষমা অর্জে,
পাপী-তাপী মন্দ বর্জে।

৪। যীশু, মোরা অপরাধী ;
মোদের দেখে কর ক্ষমা,
অশ্রুজলে ঘোচে দণ্ড,
তব চোখেই দয়ার ছন্দ।

৫। সূর্য, দিও তুমি জ্যোতি,
মনের নিদ্রা কর বিলীন।
মোদের ওষ্ঠে প্রথম গানে
জাগুক স্তুতি যীশু-নামে।

৬। ওগো যীশু, দয়াল রাজা,
পরম পিতা ও আত্মার সঙ্গে,
তব গৌরব মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প

১। ধন্য সৃষ্টির প্রথম দিবস,
ধন্য খ্রীষ্টের জয়দিবস।
অদ্য আনন্দেরই দিবস,
অদ্য উল্লাসেরই দিবস।

২। দেখ ! মুক্তিদাতার লীলা :
পাতাল তিনি করেন বিনাশ,
মৃত্যুর অঙ্কুশ করেন ছিন্ন,
হিংসার অস্ত্র করেন দীর্ণ।

৩। পুনরুত্থান ক'রে খ্রীষ্ট
এনে দিলেন নবজীবন ;
পাপ থেকে মুক্তি দিলেন,
কাঁধে মোদের তুলে নিলেন।

৪। 'আল্লেলুইয়া !' স্বর্গের কণ্ঠে,
'আল্লেলুইয়া !' মর্তের ওষ্ঠে,
'আল্লেলুইয়া !' পাপের বর্জন,
'আল্লেলুইয়া !' পুণ্যের অর্জন।

৫। ঊর্ধ্বলোকে জয়ধ্বনি,
নিত্যশান্তি বিশ্বজুড়ে,
পরম ত্রিত্বের গুণগানে
মত্ত মানুষ সর্বস্থানে। (সাধু ভিক্তর গির্জার আদম)

বাণী পাঠ

১ম সপ্তাহ **প্রত্যা ৭:১০,১২**

সিংহাসনে সমাসীন আমাদের ঈশ্বর এবং মেষশাবকেরই তো পরিত্রাণ। আমেন! প্রশংসা, গৌরব, প্রজ্ঞা ও ধন্যবাদ-স্তুতি, সম্মান, পরাক্রম ও শক্তি আমাদের ঈশ্বরের উদ্দেশে নিবেদিত হোক চিরদিন চিরকাল। আমেন।

২য় সপ্তাহ **এজে ৩৬:২৫-২৭**

প্রভু একথা বলছেন: আমি তোমাদের উপর ছিটিয়ে দেব শুদ্ধ জল আর তোমরা শুদ্ধ হবে; তোমাদের সমস্ত মলিনতা থেকে, তোমাদের সকল পুতুল থেকে তোমাদের শোধন করব। তোমাদের দেব এক নতুন হৃদয়, তোমাদের অন্তরে রাখব এক নতুন আত্মা। তোমাদের বুক থেকে সরিয়ে দেব সেই পাথরের হৃদয়, রক্তমাংসেরই এক হৃদয় তোমাদের দেব। তোমাদের অন্তরে রাখব আমার আত্মা, আমার বিধিপথে তোমাদের চালনা করব, আমার নিয়মনীতি পালনে তোমাদের নিষ্ঠাবান করব।

৩য় সপ্তাহ **এজে ৩৭:১২খ-১৪**

প্রভু পরমেশ্বর একথা বলছেন: হে আমার আপন জনগণ, আমি এখন তোমাদের সমাধিগুহা খুলে দিতে যাচ্ছি, তোমাদের কবর থেকে তোমাদের পুনরুত্থিত করব, ইস্রায়েল-দেশভূমির দিকে তোমাদের চালনা করব। তোমরা তখনই জানবে যে আমিই প্রভু, আমি যখন, হে আমার আপন জনগণ, তোমাদের কবর খুলে দেব ও তোমাদের সমাধিগুহা থেকে তোমাদের পুনরুত্থিত করব। আমি তোমাদের অন্তরে রাখব আমার আত্মা, আর তোমরা পুনরুজ্জীবিত হবে; তোমাদের নিজেদের দেশভূমিতে তোমাদের পুনর্বাসন করাব; তখন তোমরা জানবে যে, আমিই, প্রভু, আমি একথা বলেছি, আর তাই করব।' প্রভুর উক্তি।

৪র্থ সপ্তাহ **২ তি ২:৮,১১-১৩**

মনে রেখ যে দাউদের বংশধর যীশুখ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন—আমার [প্রচারিত] সুসমাচার অনুসারে। একথা বিশ্বাস্য যে, আমরা যদি তাঁর সঙ্গে মরি, তবে জীবিতও থাকব তাঁর সঙ্গে; যদি কষ্ট সহ্য করি, তবে রাজত্বও করব তাঁর সঙ্গে; যদি তাঁকে অস্বীকার করি, তবে তিনিও আমাদের অস্বীকার করবেন; যদি অবিশ্বস্ত হই, তবু তিনি বিশ্বস্ত থাকেন, কারণ তিনি নিজেকে অস্বীকার করতে পারেন না।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
℣ তুমি যে পিতার ডান পাশে সমাসীন,
℟ আমাদের প্রতি দয়া কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ আমরা তোমাকে জানাই ধন্যবাদ, প্রভু, * আমরা করি তোমার নাম।
℟ আমরা তোমাকে জানাই ধন্যবাদ, প্রভু, * আমরা করি তোমার নাম।
℣ প্রচার করি তোমার আশ্চর্য কর্মকীর্তির কথা।
℟ আমরা করি তোমার নাম।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমরা তোমাকে জানাই ধন্যবাদ, প্রভু, * আমরা করি তোমার নাম।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি মানবজাতির উপরে ধর্মময়তার সূর্য বলে উদিত হলেন, আসুন, ভক্তিভরে সেই খ্রীষ্ট প্রভুর কাছে মিনতি নিবেদন করি :

হে প্রভু, তুমি আমাদের জীবন, আমাদের পরিত্রাণ।

-হে চন্দ্র-সূর্যের স্রষ্টা, তোমার গৌরবময় পুনরুত্থানের কথা স্মরণ করে আমরা এই নতুন দিন তোমার কাছে উৎসর্গ করি।

-তোমার ইচ্ছা পূর্ণ করার জন্য তোমার পবিত্র আত্মা আমাদের সহায়তা করুন; তোমার ঐশপ্রজ্ঞা আজ ও সবসময় আমাদের চালিত করুক।

-তুমি তো আজ আমাদের একত্রিত কর আমরা যেন আনন্দের সঙ্গে রুটি-ছেঁড়া অনুষ্ঠানে যোগদান করতে পারি; তোমার বাণী ও দেহ দ্বারা আমাদের পরিপুষ্ট করে তোল।

-তোমার অশেষ উপকারের জন্য, প্রভু, তোমার ভক্তমণ্ডলী যেন তোমাকে সর্বদা ধন্যবাদ জানায়।

২য় সপ্তাহ

যিনি আমাদের-সঙ্গে-ঈশ্বর হবার জন্য স্বর্গ থেকে নেমে এসেছেন, আসুন, তাঁকে ধন্যবাদ জানিয়ে আহ্বান করি :

হে গৌরবের রাজা খ্রীষ্ট, হও আমাদের আলো, আমাদের আনন্দ।

-হে ঊর্ধ্ব থেকে উদীয়মান জ্যোতি, হে ভাবী পুনরুত্থানের প্রথম ফসল খ্রীষ্ট, আমাদের উপর তোমার অনুগ্রহ বর্ষণ কর, আমরা যেন জীবন-পথে তোমাকে অবিরত অনুসরণ করতে পারি।

-প্রতিটি সৃষ্টজীবের মধ্যে তোমার ক্রিয়াশীল মঙ্গলময়তা দেখতে আমাদের সাহায্য কর, আমরা যেন সকলের মধ্যে ও সবকিছুর মধ্যে তোমার গৌরবের আলো দেখতে পারি।

-রক্ষা কর, আমরা যেন আজ পাপাত্মা দ্বারা পরাজিত না হই; তুমি বরং সহায়তা কর, আমরা যেন মঙ্গল দ্বারা অমঙ্গল জয় করতে পারি।

-যর্দন নদীতে দীক্ষাস্নাত হয়ে তুমি পবিত্র আত্মার তৈলাভিষেকে অভিষিক্ত হয়েছিলে; সেই আত্মাই আজ ও সবসময় ধর্মময়তার পথে আমাদের চালিত করুন।

৩য় সপ্তাহ

যিনি আমাদের অন্তরে আলোর অফুরন্ত উৎস হবার জন্য পবিত্র আত্মাকে প্রেরণ করেছেন, আসুন, আমাদের সেই পিতা ঈশ্বরকে বিশ্বাসের সঙ্গে আহ্বান করি :

হে প্রভু, তোমার ভক্তদের আলোকিত কর।

-তোমার মঙ্গলময়তায় তুমি এ নতুন দিনের আলোতে আমাদের চালিত করেছ: আমরা তোমাকে আমাদের জীবনেশ্বর বলে স্বীকার করি।

-তুমি জগৎকে তোমার পুত্রের পুনরুত্থানের আলোতে উদ্ভাসিত করেছ; মণ্ডলীর মাধ্যমে সেই আলো সকল মানুষের উপর বিকশিত কর।

-তুমি পঞ্চাশত্তমী দিনের আগুনে তোমার পুত্রের শিষ্যদের তাঁর প্রকৃত সাক্ষী করে তুলেছিলে; মণ্ডলীর উপর সেই আত্মাকে আজও বর্ষণ কর, মণ্ডলী যেন তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারে।

হে প্রভু, তোমার ভক্তদের আলোকিত কর।

-তুমি সর্বজাতির আলো: যারা এখনও ভুলভ্রান্তির অন্ধকারে নিমজ্জিত, তাদের কথা স্মরণ কর; খ্রীষ্টবিশ্বাস দানে তাদের চোখ উন্মীলিত কর, তারা যেন তোমাকে একমাত্র সত্যকার ঈশ্বর বলে স্বীকার করে।

৪র্থ সপ্তাহ

যিনি আমাদের সকল প্রয়োজন জানেন, আসুন, সেই সর্বশক্তিমান ও করুণানিধান ঈশ্বরের প্রশংসাবাদ করি :

হে প্রভু, আমরা তোমাতে ভরসা রাখি।

-হে বিশ্বরাজ, তুমি ধন্য! তুমি ভুলভ্রান্তি ও পাপের অন্ধকার থেকে তোমার রাজ্যের দিব্য জ্যোতিতে আমাদের স্থানান্তর করেছ, এবং তোমার পবিত্র মণ্ডলীতে তোমার সেবা করতে আমাদের আহ্বান করেছ।

-তুমি বরাবর তোমার অসীম করুণা দেখিয়েছ; তোমার কৃপায় আমরা যেন জীবন পথ থেকে কখনও দূরে না সরে যাই।

-তোমার আশীর্বাদে আমরা যেন তোমার পুত্রের পুনরুত্থানের এদিন পুণ্য আনন্দের সঙ্গে উদ্‌যাপন করতে পারি।

-তোমার ভক্তদের অন্তরে প্রার্থনা ও প্রশংসাবাদের প্রকৃত মনোভাব সঞ্চার কর, আমাদের সমস্ত জীবনেই যেন আমাদের কৃতজ্ঞতা প্রকাশ পেতে পারে।

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

পূর্বাহ্ন প্রহর

স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,
তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : তৃতীয় ঘণ্টা পালন ক'রে; পৃঃ ৪৩৬।

বিকল্প ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ

১ম সপ্তাহ **১ যোহন ৪:১৬**

আমরাই সেই ভালবাসা জেনেছি ও বিশ্বাস করেছি,—আমাদের প্রতি ঈশ্বরের যে ভালবাসা। ঈশ্বর ভালবাসা; ভালবাসায় যার আবাস, সে ঈশ্বরে বসবাস করে ও ঈশ্বর তার অন্তরে বসবাস করেন।

℣ তোমার নির্দেশমালার দিকে, প্রভু, নত কর আমার হৃদয়,
℟ তোমার পথে আমাকে সঞ্জীবিত কর।

২য় সপ্তাহ **রো ৫:১-২,৫**

বিশ্বাসগুণে ধর্মময় হয়ে উঠে, আমাদের প্রভু যীশুখ্রীষ্ট দ্বারা আমরা এখন ঈশ্বরের সঙ্গে শান্তি ভোগ করি; তাঁর দ্বারা আমরা বিশ্বাসের মধ্য দিয়ে এই অনুগ্রহেই প্রবেশাধিকার লাভ করেছি যেখানে দাঁড়িয়ে আছি, এবং ঈশ্বরের গৌরবলাভের প্রত্যাশায় গর্ববোধ করি। আর এই প্রত্যাশা তো ছলনা করে না, কেননা ঈশ্বরের ভালবাসা আমাদের হৃদয়ে সঞ্চারিত হয়েছে সেই পবিত্র আত্মা দ্বারা যাঁকে আমাদের দেওয়া হয়েছে।

℣ আমি প্রভুর কৃপাধারার কথা গাইব চিরকাল,
℟ নিজ মুখেই তোমার বিশ্বস্ততার কথা প্রচার করব যুগে যুগান্তরে।

৩য় সপ্তাহ **রো ৮:১৫-১৬**

তোমরা তো দাসত্বের আত্মা পাওনি যে আবার ভয়ে পড়বে, তোমরা বরং দত্তকপুত্রত্বেরই আত্মা পেয়েছ, যে আত্মায় আমরা 'আব্বা, পিতা!' বলে ডেকে উঠি। স্বয়ং [ঐশ] আত্মা আমাদের মানবাত্মার সঙ্গে এই সাক্ষ্য দিচ্ছেন যে, আমরা ঈশ্বরের সন্তান।

℟ তোমাতেই, প্রভু, জীবনের উৎস!
℣ তোমার আলোতেই আমরা দেখি আলো।

৪র্থ সপ্তাহ **১ করি ৬:১৯-২০**

তোমরা কি জান না যে, তোমাদের দেহ হল পবিত্র আত্মারই মন্দির, যিনি তোমাদের অন্তরে বিদ্যমান ও যাঁকে তোমরা ঈশ্বর থেকেই পেয়েছ? আর তোমরা নিজেদের নও, মহামূল্য দিয়েই তো তোমাদের কিনে নেওয়া হয়েছে। সুতরাং তোমাদের দেহে ঈশ্বরকে গৌরবান্বিত কর!

℟ প্রভুর প্রাঙ্গণের জন্য আমার প্রাণ ব্যাকুল, আহা মূর্ছাতুর;
℣ জীবনময় ঈশ্বরের জন্য আনন্দচিৎকারে ফেটে পড়ে আমার হৃদয়, আমার দেহ।

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত :
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে; পৃঃ ৪৩৭।

বিকল্প ধুয়ো :আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ

১ম সপ্তাহ **গা ৬:৭খ-৮**

মানুষ যেমন বীজ বুনবে, ঠিক তেমন ফসলই পাবে। নিজ মাংসে যে বোনে, সে মাংস থেকে ক্ষয়ের ফসল পাবে; তেমনি আত্মায় যে বোনে, সে আত্মা থেকে পাবে অনন্ত জীবনের ফসল।

℟ প্রভু, তোমার বাণী চিরস্থায়ী,
℣ তোমার বিশ্বস্ততা যুগযুগস্থায়ী।

২য় সপ্তাহ **রো ৮:২৬**

আত্মা আমাদের দুর্বলতায় আমাদের সাহায্য করেন; কারণ কীবা প্রার্থনা করা উচিত, আমরা তা তো জানি না; কিন্তু স্বয়ং আত্মাই অনির্বচনীয় আর্তনাদের মধ্য দিয়ে আমাদের হয়ে প্রার্থনা করেন।

℟ তোমার সম্মুখে, প্রভু, যেতে পারে যেন আমার ডাক;
℣ তোমার বাণী অনুসারে আমাকে সুবুদ্ধি দাও।

৩য় সপ্তাহ **রো ৮:২২-২৩**

আমরা জানি, সমস্ত সৃষ্টি আজ পর্যন্তও আর্তনাদ করে আসছে, প্রসব-বেদনা ভোগ করছে; শুধু বিশ্বসৃষ্টি নয়, আমরা যারা ঐশআত্মার প্রথমফসল পেয়ে থাকি, আমরা নিজেরাও দত্তকপুত্রত্ব লাভের প্রতীক্ষায়, আমাদের দেহের মুক্তিরই প্রতীক্ষায় অন্তরে আর্তনাদ করছি।

℟ প্রাণ আমার, প্রভুকে বল ধন্য;
℣ তিনি গহ্বর থেকে মুক্ত করেন তোমার জীবন।

৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ১০:১২**

এখন, হে ইস্রায়েল, তোমার পরমেশ্বর প্রভু তোমার কাছে কী দাবি রাখছেন? শুধু এই, তুমি যেন তোমার পরমেশ্বর প্রভুকে ভয় কর, তাঁর সমস্ত পথে চল, তাঁকে ভালবাস, তোমার সমস্ত হৃদয় ও তোমার সমস্ত প্রাণ দিয়ে তোমার পরমেশ্বর প্রভুর সেবা কর।

℟ কে তোমার তাঁবুতে আতিথ্য পাবে, প্রভু?

℣ সেই আতিথ্য পাবে, যার কাজ ধর্মময়, অন্তর থেকে যে সত্য কথা বলে।

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর,
তোমায়, প্রভু, স্থিতি ;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : নবম ঘণ্টায়, এসো, করি ; পৃঃ ৪৩৮।

বিকল্প ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ

১ম সপ্তাহ **গা ৬:৯-১০**

এসো, সৎকাজ করায় আমরা যেন কখনও ক্লান্তি না মানি! কেননা ক্ষান্ত না হলে আমরা যথাসময় ফসল পাব। সুতরাং যতক্ষণ সময়-সুযোগ আছে, এসো, সকলের মঙ্গল সাধন করি, বিশেষভাবে তাদেরই, যারা বিশ্বাস সূত্রে আমাদের আপনজন।

℟ সমস্ত হৃদয় দিয়ে তোমায় ডাকছি—প্রভু, সাড়া দাও ;

℣ পালন করব তোমার বিধিসকল।

২য় সপ্তাহ **২ করি ১:২১-২২**

স্বয়ং ঈশ্বরই খ্রীষ্টে তোমাদের সঙ্গে আমাদের সুদৃঢ় করে রাখেন ; তৈলাভিষেকে আমাদের অভিষিক্ত করেছেন, আমাদের চিহ্নিতও করেছেন তাঁর আপন মুদ্রাঙ্কনে এবং অগ্রিম হিসাবে আমাদের হৃদয়ে আত্মাকে দিয়েছেন।

℟ প্রভুই আমার আলো, আমার পরিত্রাণ ;

℣ প্রভুই আমার জীবনের আশ্রয়দুর্গ।

৩য় সপ্তাহ **২ তি ১:৯**

ঈশ্বর আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল।

℟ প্রভু তাদের নিরাপদে নিয়ে চললেন, ফলে তারা কিছুই ভয় করল না ;

℣ তিনি তাঁর পবিত্র ভূমিতে তাদের নিয়ে গেলেন।

৪র্থ সপ্তাহ **পরম গীত ৮:৬খ-৭ক**

প্রেম মৃত্যুর মতই বলবান; উত্তপ্ত প্রেমের জ্বালা পাতালের মতই নিষ্ঠুর, তার শিখা আগুনের শিখা, তা ঐশাগ্নির ঝলক! বিপুল জলরাশি প্রেমকে নিবাতে পারে না, নদনদীও পারে না প্রেমকে ভাসিয়ে নিয়ে যেতে।

℣ আমি তোমাকে ভালবাসি, প্রভু, আমার বল!

℟ তুমি আমার ঢাল, আমার ত্রাণশক্তি।

সমাপন প্রার্থনা: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

২য় সন্ধ্যারতি

স্তোত্র

১। জ্যোতির মহান সৃষ্টিকর্তা,
দিনের জ্যোতি তব দান,
নব জ্যোতির আবির্ভাবে
বিশ্ব আদিলগ্ন লাভে।

২। প্রাতঃ সায়ং এই যে মিলন
তুমি দিবস তাকে বললে,
তিমিররাজ্যের হল পতন,
শোন এখন ভক্তের রোদন।

৩। শুদ্ধ কর মনশ্চিন্তা,
মায়াজালে ধরা দিয়ে
পাছে জীবন থেকে সরি,
মরণফাঁদে হায়রে পড়ি।

৪। স্বর্গের দ্বারে আঘাত ক'রে
জীবনমুকুট লাভি যেন:
কলুষ থেকে হব মুক্ত,
যত অনর্থ হবে লুপ্ত।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (মহাপ্রাণ সাধু গ্রেগরি † ৬০৪)

বাণী পাঠ

১ম সপ্তাহ **২ করি ১:৩-৪**

ধন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর ও পিতা, করুণাধারার সেই পিতা, সমস্ত সান্ত্বনার সেই পরমেশ্বর, যিনি আমাদের সমস্ত ক্লেশের মধ্যে আমাদের সান্ত্বনা দিয়ে থাকেন, যে সান্ত্বনায় আমরা নিজেরা ঈশ্বর দ্বারা সান্ত্বনাপ্রাপ্ত হয়েছি, তা দ্বারা যেন তাদেরই সান্ত্বনা দিতে পারি, যারা কোন ক্লেশের মধ্যে রয়েছে।

২য় সপ্তাহ **২ থে ২:১৩-১৪**

হে ভ্রাতৃগণ, হে প্রভুর ভালবাসার পাত্র, আমরা তোমাদের জন্য ঈশ্বরকে সবসময় ধন্যবাদ জানাতে বাধ্য, কারণ ঈশ্বর আত্মার পবিত্রীকরণের মাধ্যমে ও সত্যের প্রতি বিশ্বাসের মাধ্যমে পরিত্রাণের উদ্দেশ্যে প্রথমফসলস্বরূপ তোমাদেরই বেছে নিয়েছেন; এবং সেইজন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের গৌরবলাভের উদ্দেশ্যে আমাদের সুসমাচারের মাধ্যমে তোমাদের আহ্বানও করেছেন।

৩য় সপ্তাহ **১ পি ১:৩-৫**

ধন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর ও পিতা, আপন মহাকরুণাগুণে যিনি মৃতদের মধ্য থেকে যীশুখ্রীষ্টের পুনরুত্থান দ্বারা এক জীবন্ত আশার উদ্দেশে, অক্ষয়শীল, অকলঙ্ক ও অম্লান এক উত্তরাধিকারের উদ্দেশেই আমাদের নবজন্ম দান করেছেন। সেই উত্তরাধিকার স্বর্গে তোমাদেরই জন্য সঞ্চিত রয়েছে, যারা ঈশ্বরের পরাক্রমে বিশ্বাসগুণে সংরক্ষিত রয়েছ সেই পরিত্রাণের উদ্দেশে যা অন্তিমকালে প্রকাশিত হবার জন্য প্রস্তুত।

৪র্থ সপ্তাহ **হিব্রু ১২:২২-২৪**

তোমরা এগিয়ে গিয়ে যার সম্মুখীন হয়েছ, তা হল সেই সিয়োন পর্বত, জীবনময় ঈশ্বরের সেই নগরী, সেই

স্বর্গীয় যেরুসালেম, লক্ষ লক্ষ দূতবাহিনীর সেই উৎসব-সমাবেশ, স্বর্গীয় তালিকাভুক্ত সেই প্রথমজাতদের মণ্ডলী, সকলের বিচারকর্তা স্বয়ং ঈশ্বর, সিদ্ধতায় উন্নীত ধার্মিকদের আত্মা, নবীন এক সন্ধির সেই মধ্যস্থ স্বয়ং যীশু এবং সিঞ্চনের সেই রক্ত, যা আবেলের রক্তের চেয়ে মহত্তর বাণী ঘোষণা করে থাকে।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ ধন্য তুমি, প্রভু, * আকাশমণ্ডলের গগনতলে।

℟ ধন্য তুমি, প্রভু, * আকাশমণ্ডলের গগনতলে।

℣ স্তবস্তুতি ও গৌরবের যোগ্য তুমি চিরকাল

℟ আকাশমণ্ডলের গগনতলে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ধন্য তুমি, প্রভু, * আকাশমণ্ডলের গগনতলে।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ আমাদের প্রভু মহান, * সর্বশক্তিমান।

℟ আমাদের প্রভু মহান, * সর্বশক্তিমান।

℣ তাঁর প্রজ্ঞা সীমার অতীত।

℟ তিনি সর্বশক্তিমান।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমাদের প্রভু মহান, * সর্বশক্তিমান।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

খ্রীষ্ট প্রভু হলেন মণ্ডলীর মাথা, আর আমরা সবাই অঙ্গপ্রত্যঙ্গ। তাঁর স্তুতি-বন্দনার জন্য সম্মিলিত হয়ে, আসুন, আমরা সকলে বলি :

হে প্রভু, তোমার রাজ্যের আগমন হোক।

-তোমার মণ্ডলী যেন মানবজাতির জন্য একতার জীবন্ত ও সক্রিয় মাধ্যম হতে পারে; তার সাক্ষ্যদানে যেন তোমার পরিত্রাণের রহস্যময় সঙ্কল্প প্রকাশ পেতে পারে।

-পোপ মহোদয় ও বিশপবর্গকে সুষ্ঠুভাবে পরিচালনা কর। তাঁদের মধ্যে তোমার একতা, ভালবাসা ও শান্তি সঞ্চার কর।

-সকল খ্রীষ্টভক্ত যেন তাঁদের মাথা সেই তোমারই সঙ্গে ঘনিষ্ঠভাবে একতাবদ্ধ হয়ে তোমার বাণীর নির্ভীক সাক্ষী হতে পারেন।

-আমাদের এই দুর্যোগময় জগৎকে শান্তি দান কর। তোমার সহায়তায় যেন এমন এক নতুন নীতি প্রবর্তিত হয় যেখানে ন্যায় ও ভ্রাতৃত্ব বিরাজ করে।

-মৃত সকলকে গৌরবময় পুনরুত্থান দান কর। শেষদিনে আমরাও যেন তাঁদের সঙ্গে সানন্দে মিলিত হতে পারি।

২য় সপ্তাহ

যিনি আমাদের হয়ে প্রার্থনা করার জন্য চিরজীবিত, যাঁর মধ্য দিয়ে পিতার কাছে গেলে মানুষ পরিত্রাণ পায়, আসুন, সেই মানবত্রাতা খ্রীষ্টের প্রশংসাবাদ করে অনুনয় করি :

হে প্রভু, তোমার জনগণের কথা স্মরণে রাখ।

-হে ধর্মময়তার সূর্য, এদিনের শেষে আমরা সমগ্র মানবজাতির জন্য প্রার্থনা করি; প্রতিটি মানুষ যেন তোমার

অনির্বাণ আলোতে চিরকালের মত আলোকিত হতে পারে।

-তোমার রক্তে সাধিত সন্ধি সদা জীবন্ত ও বর্তমান করে রাখ; তোমার মন্ডলীকে পবিত্র ও নবীকৃত কর, সে যেন নিষ্কলঙ্ক ও শুচিশুভ্র থাকতে পারে।

হে প্রভু, তোমার জনগণের কথা স্মরণে রাখ।

-তোমার জনগণের কথা সবসময় স্মরণে রেখ, তোমার গৌরবের আবাস এই আমাদের আশীর্বাদ কর।

-আকাশ, স্থলভূমি ও সমুদ্রপথে সকল যাত্রীকে রক্ষা কর; তারা যেন অভীষ্ট গন্তব্যস্থানে নিরাপদে পৌঁছতে পারে।

-তোমার পরলোকগত সন্তানদের তোমার গৃহে গ্রহণ কর; তাঁদের পাপের ক্ষমা ও অনন্ত গৌরব দান কর।

৩য় সপ্তাহ

যিনি জগৎকে পবিত্র আত্মার প্রেরণায় সদা নবীভূত করে তোলেন, আসুন, সেই সৃষ্টিকর্তা ও বিশ্বত্রাতা পিতা ঈশ্বরের কাছে দয়া প্রার্থনা করি:

হে প্রভু, তোমার প্রেমের অপরূপ কীর্তি পুনঃসাধন কর।

-তোমার শক্তি বিশ্বসৃষ্টিতে প্রকাশিত, তোমার বদান্যতা মানবেতিহাসে ব্যক্ত। তোমার অশেষ উপকারের জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-মৃত্যুঞ্জয়ী ও শান্তিরাজ তোমার সেই পুত্রের খাতিরে যত আশঙ্কা ও সন্দেহ থেকে আমাদের মুক্ত কর, আমরা যেন আনন্দচিত্তে ও ভক্তিভরে তোমার সেবা করতে পারি।

-ন্যায়ের জন্য যারা সংগ্রাম করে, তাদের সহায়তা কর, তারা যেন শান্তির ভিত্তিতে এক নতুন জগৎ গড়ার চেষ্টায় কৃতকার্য হতে পারে।

-অত্যাচারিতকে সাহায্য, দীনদুঃখীকে সান্ত্বনা, কারারুদ্ধকে মুক্তি, ক্ষুধার্তকে খাদ্য, দুর্বলকে শক্তি দান কর; সকলের উপর ক্রুশের বিজয়ী আলো বিকশিত কর।

-তুমি তোমার মৃত ও সমাহিত পুত্রকে গৌরবান্বিত করেছিলে; আমাদের নিদ্রাগত ভাইবোনেরা যেন তাঁর সঙ্গে অনন্ত জীবনের জ্যোতির্ধামে পৌঁছতে পারেন।

৪র্থ সপ্তাহ

যিনি সর্বগুণের উৎস, আসুন, আনন্দ ও কৃতজ্ঞতার সঙ্গে সেই ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-হে বিশ্বপ্রভু, সকল জাতির মানুষকে তোমার নামকীর্তনে সম্মিলিত করার জন্য তুমি তোমার পুত্রকে এ জগতে পাঠিয়েছিলে। বিশ্বজুড়ে তোমার মন্ডলীর সাক্ষ্যদান দৃঢ় করে তোল।

-আমাদের মন প্রেরিতদূতদের শিক্ষায় উদ্বুদ্ধ কর, আমাদের ঘোষিত বিশ্বাস যেন আমাদের জীবনাচরণে বাস্তব রূপ পেতে পারে।

-তুমি ন্যায়নিষ্ঠদেরই বন্ধু। সারা বিশ্বে যারা অত্যাচারিত, তুমি তাদের সহায় হও।

-অন্ধকে দৃষ্টিশক্তি দান কর, কারারুদ্ধকে মুক্ত কর, প্রবাসীকে রক্ষা কর, আশাভ্রষ্টের অন্তরে নতুন আশা সঞ্চার কর।

-যাঁরা তোমার পুত্র সেই খ্রীষ্টে বিশ্বাস রেখে মৃত্যুবরণ করেছেন, তাঁদের আকাঙ্ক্ষা পূরণ কর: পুনরুত্থানের আলোতে তাঁদের গ্রহণ কর।

সমাপন প্রার্থনা: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

সোমবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। গভীর নিদ্রায় ক'রে বিশ্রাম
এসো, এবার উঠি;
ওগো পিতা, মুখর হয়ে
গাইব তব স্তুতি।

২। তুমিই মোদের প্রথম চিন্তা,
গানের প্রথম লক্ষ্য;
তেমন সূত্রপাতের ফলে
কাজে হব সক্ষম।

৩। অন্ধকারকে ক'রে জয়
সূর্য আনুক জ্যোতি;
রাত্রিকালীন সেই দুর্জনকে
ধ্বংসুক আলোর দ্যুতি।

৪। তোমার কাছে এই মিনতি:
রিপু কর দহন;
মোদের ওষ্ঠে এই প্রশংসা,
প্রভু, কর গ্রহণ।

৫। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
শোন যাচনা, কর কৃপা,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
ওগো চিরকালীন জ্যোতি,
তব প্রতাপ করি স্বীকার,
পূজি নিরন্তর।

২। অপার মঙ্গলময় পিতা,
বাণী পিতার একক পুত্র,
পরমাত্মাই ঐশত্রিত্বের
প্রেমের যে বন্ধন।

৩। তুমি সত্য, তুমি প্রেম,
তুমি সিদ্ধি, তুমি আনন্দ:
বিশ্বাস, আশা, প্রেম হৃদে
কর সঞ্চারণ।

৪। তুমি আদি, তুমি অন্ত,
সর্বগুণের তুমি উৎস:
বিশ্বাস করি, তুমিই মাত্র
প্রাণের সান্ত্বনা।

৫। তুমি একক বিশ্বস্রষ্টা,
বিধানকর্তা, পরম গতি:
আশা রাখি: তুমিই হবে
মোদের পুরস্কার।

৬। পিতা, পুত্র, পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব, এক মহেশ্বর;
শোন যাচনা, কর কৃপা,
ওগো জীবনেশ্বর।

১ম পর্ব

বিজোড় সপ্তাহ ℟ আমাকে সুবুদ্ধি দাও, পালন করব তোমার বিধান;
℣ সমস্ত হৃদয় দিয়ে তা মেনে চলব।

জোড় সপ্তাহ ℟ শোন, আমার জাতি, আমি কথা বলব;
℣ আমিই পরমেশ্বর, তোমারই পরমেশ্বর!

২য় পর্ব

বিজোড় সপ্তাহ ℣ তোমার সত্যে আমাকে চালনা কর, প্রভু, আমাকে শিক্ষা দাও ;
℟ তুমিই তো আমার ত্রাণেশ্বর।

জোড় সপ্তাহ ℣ আমার জিহ্বায় কতই না সুস্বাদু তোমার বচন, প্রভু,
℟ আমার মুখে তা মধুর চেয়েও সুমধুর।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি :

প্রভু, দয়া কর। — খ্রীষ্ট, দয়া কর।
সত্যের উৎস, পিতা পরমেশ্বর, — আমাদের প্রতি দয়া কর।
মৃতদের মধ্য থেকে প্রথম উত্থিত মানুষ, পুত্র পরমেশ্বর, — ”
সকল দান বিতরণকারী, আত্মা পরমেশ্বর, — ”

সিয়োন-কন্যা, ধন্যা মারীয়া, — আমাদের মঙ্গল প্রার্থনা কর।
আব্রাহাম, ইসায়াক, যাকোব ও সকল কুলপতি, — ”
এলিয় ও সকল নবী, — ”
সাধু ··· (কিংবা সাধ্বী···) — ”

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। পিতারই মহিমার দীপ্তি,
জ্যোতির্জাত জ্যোতির্দাতা,
জ্যোতির উৎস, জ্যোতির জ্যোতি,
দিবার জ্যোতিপ্রদ দ্যুতি।

২। সত্য সূর্য হলে তুমি,
চিরকালীন তব প্রভা :
পবিত্রাত্মার পরম দীক্ষা
কর মঞ্জুর মোদের ভিক্ষা।

৩। চিরসত্য, চিরসুন্দর,
চিরপ্রেমময় পিতা :
তিনি যেন তোমার দ্বারা
মোদের যাচনে দেন সাড়া।

৪। শত্রু হতে করুন রক্ষা,
প্রেরণা দিন পুণ্যকর্মে :
তাঁরই কৃপা ক'রে গ্রহণ
মোরা সবই করব সহন।

৫। তবে মোরা চিন্তাকর্মে
দেহমন পবিত্র রেখে
অর্জন করব প্রভুভক্তি,
নিত্য পাব দিব্য শক্তি।

৬। শ্রীখ্রীষ্ট হোন মোদের খাদ্য,
শ্রীখ্রীষ্ট হোন মোদের পানীয়,
পবিত্রাত্মার মঙ্গলদান
তৃপ্ত করুক মোদের প্রাণ।

৭। এ-ই ভাবে কাটুক দিবস :
উষার মত কোমল অন্তর,
সূর্যের মত বিশ্বাস মস্ত,
হৃদে নয় পুণ্যের অস্ত।

৮। প্রভাত, আন জ্যোতি মনে,
জ্যোতির সঙ্গে আসে যেন
পিতার মধ্যে পুত্রের সৌরভ,
বাণীর মধ্যে পিতার গৌরব।

(সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **২ থে ৩:১০খ-১৩**

যে কাজ করতে চাইবে না, সে খেতেও পাবে না! আমরা আসলে শুনতে পেলাম, তোমাদের মধ্যে নাকি কেউ কেউ কোন শৃঙ্খলা না মেনে জীবন কাটাচ্ছে; কিছুতেই ব্যাপৃত না হয়ে এমনি অতিব্যস্ত দেখাচ্ছে। তেমন লোকদের আমরা প্রভু যীশুখ্রীষ্টের নামে অনুরোধ করে আদেশ দিচ্ছি, তারা যেন শান্ত স্থির হয়ে নিজেদের কাজকর্ম ক'রে নিজেদের অন্নসংস্থান নিজেরাই করে। আর ভাই, শুভকর্ম সাধনে কখনও নিরুৎসাহ হয়ো না।

২য় সপ্তাহ **যেরে ১৫:১৬**

তোমার বাণীগুলো পেলেই আমি তা গিলে ফেলতাম, তোমার বাণীগুলো ছিল আমার পুলক, আমার মনের আনন্দ, কেননা হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর, আমি তোমার আপন নাম বহন করতাম।

৩য় সপ্তাহ **যাকোব ২:১২-১৩**

স্বাধীনতার বিধান দ্বারা যখন তোমাদের বিচার হওয়ার কথা, তোমরা তখন সেইমত কথা বল ও কাজ কর। কারণ যে দয়া করবে না, তার বিচার নির্দয় হবে; কিন্তু দয়া বিচারকে হেয়জ্ঞান করে।

৪র্থ সপ্তাহ **যুদিথ ৮:২৬**

একথা জেনে রেখ যে, তোমাদের পিতৃপুরুষেরা তাঁদের ঈশ্বরকে সত্যি ভয় করতেন কিনা, এজন্য তাঁদের যাচাই করা হয়েছিল। মনে রেখ কিভাবে আমাদের পিতা আব্রাহাম পরীক্ষিত হয়েছিলেন; কিভাবে বহু যন্ত্রণার পরীক্ষার মধ্য দিয়েই তিনি ঈশ্বরের বন্ধু হয়ে উঠেছিলেন। একইভাবে ইসায়াক, একইভাবে যাকোব, একইভাবে মোশী আর ঈশ্বরের কাছে যাঁরা গ্রহণযোগ্য ছিলেন, তাঁরা সকলে বহু যন্ত্রণায় পরীক্ষিত হয়ে বিশ্বস্ত থাকলেন।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ ধন্য ধন্য প্রভু, * যুগের পর যুগ।

℟ ধন্য ধন্য প্রভু, * যুগের পর যুগ।

℣ তিনিই আশ্চর্য কর্মকীর্তির একমাত্র সাধক!

℟ যুগের পর যুগ।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ধন্য ধন্য প্রভু, * যুগের পর যুগ।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ প্রভুতে আনন্দধ্বনি তোল, ধার্মিকজন সকল, * ন্যায়নিষ্ঠদের মুখেই প্রশংসাগান সমীচীন।

℟ প্রভুতে আনন্দধ্বনি তোল, ধার্মিকজন সকল, * ন্যায়নিষ্ঠদের মুখেই প্রশংসাগান সমীচীন।

℣ তাঁর উদ্দেশে গাও নতুন গান।

℟ ন্যায়নিষ্ঠদের মুখেই প্রশংসাগান সমীচীন।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভুতে আনন্দধ্বনি তোল, ধার্মিকজন সকল, * ন্যায়নিষ্ঠদের মুখেই প্রশংসাগান সমীচীন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: **ধন্য প্রভু, * আমাদের পরমেশ্বর।**

জোড় সপ্তাহ: **ধন্য প্রভু! * তিনি আপন জনগণকে দেখতে এসেছেন, সাধন করেছেন তাদের মুক্তিকর্ম।**

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি অনুগ্রহে ও পবিত্র আত্মায় পরিপূর্ণ, আসুন, আমাদের সেই প্রভু যীশুখ্রীষ্টের প্রশংসাবাদ করে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার আত্মাকে দান কর।

-আশীর্বাদ কর, আমরা যেন এদিন আনন্দ, শান্তি ও পবিত্রতায় যাপন করতে পারি, সন্ধ্যাবেলায় আমরা যেন শুচিশুভ্র অন্তরে ও কৃতজ্ঞচিত্তে তোমার প্রশংসাগান করতে পারি।

-তোমার প্রেমের আলো আমাদের উপর উদ্ভাসিত হোক; তোমার ঐশপ্রজ্ঞা যত কাজকর্মে আমাদের উদ্বুদ্ধ করুক।

-তোমার অনুগ্রহ আমাদের ভ্রাতৃসেবায় সহায়তা করুক; আমাদের করে তোল তোমার ভালবাসার পাত্র।

-যাঁরা চেয়েছেন আমরা তাঁদের জন্য প্রার্থনা করব, তাঁদের সকলকে দেহে ও আত্মায় আশিসধন্য কর।

২য় সপ্তাহ

যিনি আমাদের সকলকে তাঁর নিজের রাজকীয় যাজকত্বের অংশীদার করেছেন, আসুন, আমরা সেই মহাযাজক যীশুখ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, আমাদের রক্ষা কর।

-হে চিরকালীন মহাযাজক, তুমি যে পিতার সঙ্গে তোমার প্রেমের বন্ধনে আমাদের সহভাগী করেছ, অনুগ্রহ কর, আমরা যেন এমন আত্মিক যজ্ঞ উৎসর্গ করতে পারি যা ঈশ্বরের গ্রহণীয়।

-পবিত্র আত্মার ফলগুলি আমাদের অন্তরে সঞ্চার কর: আমাদের ধৈর্যশীল, দয়ালু ও বিনম্র করে তোল।

-তোমার কৃপায় আমরা যেন তোমাকে ভালবাসতে পারি, যার ফলে আমরা ঐশ ভালবাসা সেই তোমাকেই গ্রহণ করতে পারি।

-প্রতিবেশী ভাইবোনদের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন হবার জন্য আমাদের বিবেচনাশক্তি দান কর। তাদের সকলকে আপনজনদের মত ভালবাসার প্রেরণাও দান কর।

-তুমি পিতার একান্ত বাধ্য পুত্র। সাহায্য কর, গুরুর আদেশ পাওয়ামাত্র ইতস্তত না করে বাধ্যতাগুণে আমরা যেন আমরণ তোমার আদর্শে চলি।

৩য় সপ্তাহ

যিনি ইচ্ছা করলেন, মানুষ একমন একপ্রাণ হয়ে সৃষ্টিকাজের কল্যাণ সাধনে রত থাকবে, আসুন, আমাদের সেই পিতা ঈশ্বরের কাছে বিশ্বাসের সঙ্গে প্রার্থনা করি:

হে প্রভু, আমরা যেন তোমাকে গৌরবান্বিত করি।

-সৃষ্টিকাজের অপার সৌন্দর্যের জন্য এবং তোমার দান এ জীবনের জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-বিশ্বকল্যাণের জন্য যাঁরা তোমার সঙ্গে নিয়োজিত, তোমার সেই সন্তানদের উপর দৃষ্টিপাত কর, তাঁরা যেন তোমার ইচ্ছা অনুসারে কাজ করতে পারেন।

-আশীর্বাদ কর, আমাদের সকল কাজ যেন ভাইদের উপকারের জন্যই সাধিত হয়; তোমার সহায়তায় আমরা যেন তাদের সঙ্গে ও তাদের জন্য এমন জগৎ গড়তে পারি যা তোমার গ্রহণযোগ্য।

-আমাদের যাত্রাপথে যাঁদের সঙ্গে আমরা আজ দেখা-সাক্ষাৎ করব, তাঁদের সকলকে শান্তি ও আনন্দ দান কর।

৪র্থ সপ্তাহ

যিনি বিনম্রদের প্রার্থনা শুনে তাদের ত্রাণ করেন, আসুন, ভরসাভরে সেই খ্রীষ্টকে ডাকি:

তুমিই আমাদের আশা, প্রভু!

-হে করুণানিধান ঈশ্বর, তোমার অসীম প্রেমের জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-তুমি পিতার সঙ্গে মানবেতিহাসে নিত্য ক্রিয়াশীল; তোমার আত্মার পরাক্রম দ্বারা মানবজাতিকে নবীকৃত কর।

-আমাদের অন্তরে বিশ্বাসের প্রকৃত মনোভাব সঞ্চার কর, আমরা যেন সর্বদাই তোমার আশ্চর্য কাজ দেখতে সক্ষম হয়ে উঠি।

-জগৎত্রাতারূপে তুমি দৈনন্দিন তোমার ত্রাণকর্মের অংশীদার হতে আমাদের আহ্বান কর; তোমার অনুগ্রহে আমরা যেন আজ প্রতিবেশীর কাছে তোমার কৃপার চিহ্ন হতে পারি।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, তোমার অনুগ্রহে আমাদের যত কর্মের সূচনায় শুভ প্রেরণা দান কর, আবার তোমার নিত্য সহায়তায় সেই কর্মের সমাপ্তি সাফল্যমণ্ডিত কর, আমরা যা কিছু করি যেন তোমার আশীর্বাদে তা শুরু করতে পারি এবং তোমার আশীর্বাদে তা সমাপন করতে পারি।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান প্রভু ঈশ্বর, তুমি আজ আমাদের এই সুন্দর দিনটি শুরু করতে সুযোগ দিয়েছ: তোমাকে ধন্যবাদ জানাই। সমস্ত দিনে তোমার মহাশক্তি দ্বারা আমাদের রক্ষা কর, আমাদের কোন পাপ পথে অগ্রসর হতে দিয়ো না, বরং আমাদের সকল চিন্তা, কথা ও কাজকর্ম যেন এমনই হয় যা তোমার দৃষ্টিতে সন্তোষজনক হয়।

৩য় সপ্তাহ: হে স্বর্গমর্তের রাজা প্রভু ঈশ্বর, আমাদের হৃদয় ও আমাদের দেহ, আমাদের ইন্দ্রিয়, কথা ও কাজকর্ম তোমার বিধানে ও তোমার আজ্ঞা-পালনে চালিত কর, পবিত্র কর, অনুপ্রাণিত কর ও রক্ষা কর, আমরা যেন তোমার নিত্য সহায়তায় আজ ও চিরকাল পরিত্রাণের পথে নিরাপদে চলতে পারি।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, বিশ্বজগতের শাসনভার তুমি মানুষেরই হাতে ন্যস্ত করেছ। শক্তি দান কর, আমরা যেন আজ তোমার গৌরবের জন্য ও মানবকল্যাণের জন্য বিশ্বস্তভাবে কাজ করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

হৃদির গোপন গুহার মাঝে; পৃঃ ৪২৪, কিংবা:

১। তৃতীয় ঘণ্টা পালন ক'রে,
এসো, নত শিরে
পরম পিতার গুণকীর্তন
করি সমস্বরে।

২। এ সময়ে আত্মা নামলেন
প্রেরিতদূতদের হৃদে:
তিনি মোদের পরিণত
করুন আপন গৃহে।

৩। তাঁরই প্রভায় উদ্দীপিত
হবে বিশ্বের গতি,
সর্বজাতি দেখতে পাবে
স্বর্গরাজ্যের জ্যোতি।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **রো ১৩:৮,১০**

পরস্পরের প্রতি ভালবাসার ঋণ ছাড়া, তোমরা কারও কাছে আর কোন ঋণ রেখো না; কারণ পরকে যে ভালবাসে, সে বিধান সম্পূর্ণই সার্থক করেছে। ভালবাসা প্রতিবেশীর কোন অনিষ্ট ঘটায় না; অতএব ভালবাসাই বিধানের পূর্ণতা।

℣ তুমিই আমার সহায়; আমায় দূরে ঠেলে দিয়ো না;

℟ আমায় পরিত্যাগ করো না, ত্রাণেশ আমার।

২য় সপ্তাহ **যেরে ৩১:৩৩**

এটি হবে সেই সন্ধি যা আমি সেই দিনগুলির পরে ইস্রায়েলকুলের সঙ্গে স্থাপন করব—প্রভুর উক্তি: আমি তাদের অন্তঃস্থলে আমার বিধান রেখে দেব, তাদের হৃদয়েই তা লিখে দেব। তখন আমি হব তাদের আপন পরমেশ্বর আর তারা হবে আমার আপন জনগণ।

℟ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর,

℣ তোমার শ্রীমুখ থেকে আমাকে সরিয়ে দিয়ো না কো দূরে।

৩য় সপ্তাহ **২ করি ১৩:১১**

ভ্রাতৃগণ, আনন্দ কর; পরমসিদ্ধিই হোক তোমাদের লক্ষ্য, পরস্পরের অন্তরে সৎসাহস যোগাও, একমন হও, শান্তিতে থাক; তাহলে ভালবাসা ও শান্তিবিধাতা ঈশ্বর তোমাদের সঙ্গে সঙ্গে থাকবেন।

℟ ধার্মিকদের উপর নিবদ্ধ প্রভুর চোখ,

℣ তাদের চিৎকারের প্রতি তাঁর কান।

৪র্থ সপ্তাহ **লেবীয় ২০:২৬**

তোমরা আমার উদ্দেশে পবিত্র হও, কেননা আমি, প্রভু, আমি নিজে পবিত্র, এবং আমি এই জাতিগুলির মধ্য থেকে তোমাদের পৃথক করেছি, যেন তোমরা আমারই হও।

℟ সুখী সেই দেশ, প্রভুই যার আপন পরমেশ্বর;

℣ সুখী সেই জাতি, যাকে তিনি বেছে নিলেন আপন উত্তরাধিকার রূপে।

সমাপন প্রার্থনা

হে পিতা ঈশ্বর, তুমি মানুষকে কাজ করতে আহ্বান করেছ সে যেন পারস্পরিক সহযোগিতায় সদা উন্নতমানের ক্রিয়াকর্ম সাধন করতে পারে। অনুনয় করি: আমরা যেন এমনভাবে কাজ করি যাতে তোমার সন্তানেরই মত ভ্রাতৃপ্রেমে জীবন যাপন করতে পারি।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

ঋতুচক্রের সৎ নিয়ন্তা; পৃঃ ৪২৫, কিংবা:

১। ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে:
'কর প্রভুর স্তুতি!'
এসো তবে, ভক্তিভরে
'জয়' গেয়ে উঠি।

২। এ সময়ে সেই মেষশাবক
নির্মল বলিরূপে
বিশ্বপরিত্রাণের জন্য
প্রাণকে দিলেন সঁপে।

৩। তাঁরই গৌরব অতি উজ্জ্বল:
সূর্যও আচ্ছাদিত;
সেই গৌরবে তিনি মোদের
করুন আলোকিত।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **যাকোব ১:১৯,২০,২৬**

শুনতে সবাই তৎপর থাকুক, কথা বলতে কিন্তু সবাই যেন ধীর হয়, ক্রোধে ধীর হয়, কেননা মানুষের ক্রোধের ফলে ঈশ্বরের ধর্মময়তা অনুযায়ী কোন কাজ হতে পারে না। কেউ যদি নিজেকে ধার্মিক বলে মনে করে, অথচ নিজের জিহ্বা লাগাম দিয়ে সামলাতে না পারে, তাহলে সে নিজের হৃদয়কে ভোলায়, তার ধর্মাচরণ অসার।

℟ সর্বদাই আমি প্রভুকে বলব ধন্য;

℣ নিয়তই আমার মুখে তাঁর প্রশংসাবাদ।

২য় সপ্তাহ **যেরে ৩২:৪০**

প্রভুর উক্তি : আমি তাদের সঙ্গে এই চিরন্তন সন্ধি স্থাপন করব যে, তাদের মঙ্গল করার জন্য আমি আমার প্রচেষ্টায় কখনও ক্ষান্ত হব না ; এবং তারা যেন আমাকে আর কখনও ত্যাগ না করে সরে যায়, আমি তাদের হৃদয়ে আমার ভয় সঞ্চার করব।

৺ পরমেশ্বরেই আমার পরিত্রাণ, আমার গৌরব ;
৺ পরমেশ্বরেই আমার আশ্রয়।

৩য় সপ্তাহ **রো ৬:২২**

এখন, পাপের হাত থেকে মুক্ত হয়ে ও ঈশ্বরের সেবায় উত্তীর্ণ হয়ে তোমরা পবিত্রতাজনক ফল পাচ্ছ, আর এর শেষ পরিণাম অনন্ত জীবন।

৺ তোমার আপন জনগণ যেন তোমাতে হতে পারে আনন্দিত,
৺ তুমি, প্রভু, আমাদের করবে পুনরুজ্জীবিত।

৪র্থ সপ্তাহ **প্রজ্ঞা ১৫:১,৩**

হে আমাদের ঈশ্বর, তুমি তো মঙ্গলময় ও বিশ্বস্ত, তুমি ধৈর্যশীল, তুমি দয়া অনুসারে সবকিছু শাসন কর। বস্তুত, তোমাকে জানা-ই সিদ্ধ ধর্মময়তা, তোমার প্রতাপ স্বীকার করা-ই অমরত্বের মূল।

৺ তুমি, প্রভু, স্নেহশীল দয়াবান ঈশ্বর,
৺ ক্রোধে ধীর, কৃপা ও বিশ্বস্ততায় ধনবান।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমিই আঙুরখেতের প্রভু ও রক্ষাকর্তা, তুমিই তো যার যার কর্তব্য কাজ নির্ধারণ কর, উপযুক্ত মজুরিও দান কর। আশীর্বাদ কর, আমরা যেন এই দিনের ভার এমনইভাবে বহন করি, যার ফলে তোমার মঙ্গল-ইচ্ছা পুঙ্খানুপুঙ্খরূপে পূর্ণ করতে পারি।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

বিশ্বসৃষ্টির পরম নির্ভর ; পৃঃ ৪২৬, কিংবা :

১। নবম ঘণ্টায়, এসো, করি
প্রভুর জয়গান ;
পরম ত্রিত্বের কাছে অর্পণ
করি অন্তর-প্রাণ।

২। এ সময়ে সাধু পিতর
যেমন মন্দির-পানে
গেলেন প্রভুর পূজা করতে
জয়-স্তুতিগানে,

৩। মোরাও তেমনি, এসো, করি
প্রভুর নাম-স্মরণ,
এসো, সবে মিলে করি
খ্রীষ্টের অনুসরণ।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর ;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **১ পি ১:১৭-১৯**

তোমরা যতদিন এ জগতে প্রবাসী হয়ে থাক, ততদিন সভয়েই জীবনযাপন কর, একথা জেনে যে, তোমাদের সেই পিতৃপরম্পরাগত অসার জীবনধারণের হাত থেকে তোমরা রুপো বা সোনার মত ক্ষয়শীল কিছুর মূল্যে নয়, বরং নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক-স্বরূপ সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্তমূল্যে মুক্ত হয়েছ।

৺ আমার মুক্তি সাধন কর, প্রভু, আমাকে দয়া কর ;
৺ মহা জনসমাবেশে আমি প্রভুকে ধন্য বলব।

২য় সপ্তাহ **এজে ৩৪:৩১**

তোমরা, হে আমার মেষগুলো, তোমরাই আমার আপন চারণভূমির মেষপাল, আর আমি তোমাদের আপন পরমেশ্বর।'—প্রভু পরমেশ্বরের উক্তি।

℟ প্রভু আমার পালক; অভাব নেই তো আমার;
℣ আমায় তিনি শুইয়ে রাখেন নবীন ঘাসের চারণমাঠে।

৩য় সপ্তাহ **কল ১:২১-২২**

তোমরা একসময় দুষ্কর্মের চিন্তায় ছিলে ঈশ্বর থেকে বিচ্ছিন্ন ও তাঁর শত্রু, এখন কিন্তু তিনি সেই মাংসময় দেহে তাঁর মৃত্যু দ্বারা তোমাদের পুনর্মিলিত করেছেন, যেন তিনি তোমাদের পবিত্র, নিষ্কলঙ্ক ও অনিন্দ্য ক'রে নিজের সামনে আনতে পারেন।

℟ প্রভুর উদ্দেশে স্তবগান কর, তাঁর ভক্তজন সকল,
℣ তাঁর পবিত্রতা স্মরণ ক'রে কর তাঁর স্তুতিগান।

৪র্থ সপ্তাহ **বারুক ৪:২১-২২**

সন্তানেরা, ঈশ্বরের কাছে হাহাকার কর, তিনি তোমাদের শত্রুদের অত্যাচার ও কবল থেকে তোমাদের মুক্তি সাধন করবেন। কেননা সেই সনাতনের কাছ থেকেই আমি তোমাদের পরিত্রাণ প্রত্যাশা করি, এবং তোমাদের সেই সনাতন ত্রাণকর্তার কাছ থেকে দয়া যে তোমাদের কাছে শীঘ্রই আসবে, এজন্য সেই পবিত্রজনের কাছ থেকে আমার অন্তরে আনন্দ এসে প্রবেশ করছে।

℟ তোমার স্নেহ মনে রেখ, প্রভু,
℣ অনাদিকাল থেকেই সেই স্নেহ।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি প্রার্থনার জন্য আমাদের আহ্বান করেছ দিনের সেই একই সময়ে যখন প্রেরিতদূতেরা মন্দিরে যাচ্ছিলেন। অনুনয় করি তোমায়: যীশুর নামে আমাদের এ সরল প্রার্থনা শুনে তুমি যেন যীশুনামের আশ্রয় নিয়েছে যারা, তাদের সকলকে দান কর অনন্ত পরিত্রাণ।

সন্ধ্যারতি

স্তোত্র

১। দ্যুলোকের অসীম নির্মাতা,
ঊর্ধ্ব-নিম্নের জলরাশি
তব প্রজ্ঞায় করলে পৃথক:
সৃষ্টিকাজের দ্বিতীয় দিবস।

২। সেই দ্যুলোক ক'রে সৃজন
সূর্য চন্দ্র করলে স্থাপন,
নদনদীর দিলে স্থান:
ভূলোক উর্বর হল তখন।

৩। প্রেমময়, কর মঞ্জুর
চিরকালীন কৃপাধারা:
আদিপাপে হয়ে লিপ্ত
পাছে মৃত্যু হই প্রাপ্ত।

৪। বিশ্বাস আনুক মনে আলো,
আনুক আলোর যত দান:
নিত্যানিত্যের বিবেকগুণে
মানুষ যেন মুক্তি লাভে।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **কল ১:৯-১১**

আমরা তোমাদের জন্য অবিরত প্রার্থনা ও মিনতি করে আসছি: ঈশ্বরের ইচ্ছা কি, তোমরা যেন পূর্ণ প্রজ্ঞা ও

আত্মিক বোধশক্তিগুণে তা সম্পূর্ণরূপে উপলব্ধি করতে পার। আর এর ফলে তোমরা যেন প্রভুরই যোগ্য এমন জীবনাচরণ করতে পার যে, সবরকম সৎকর্মে ফলবান ও ঈশ্বরজ্ঞানে বৃদ্ধিশীল হয়ে, সবকিছুতে সহিষ্ণু ও নিষ্ঠাবান হবার জন্য তাঁর গৌরবের প্রতাপ অনুসারে সমস্ত পরাক্রমে পরাক্রমী হয়ে সবকিছুতে তাঁর প্রীতিকর হও।

২য় সপ্তাহ **১ থে ২:১৩**

আমরা অবিরত ঈশ্বরের কাছে ধন্যবাদ জানিয়ে থাকি, কেননা আমাদের মুখ থেকে ঈশ্বরের বাণী শুনে তোমরা মানুষের বাণী বলে নয়, ঈশ্বরেরই বাণী বলে তা গ্রহণ করেছিলে; তা ঈশ্বরেরই বাণী বটে, যে বাণী, বিশ্বাসী যে তোমরা, তোমাদের মধ্যে সক্রিয়।

৩য় সপ্তাহ **যাকোব ৪:১১-১২**

ভ্রাতৃগণ, পরস্পরের নিন্দা করো না। ভাইয়ের যে নিন্দা করে, কিংবা ভাইয়ের যে বিচার করে, সে বিধানেরই নিন্দা করে, বিধানেরই বিচার করে। আর তুমি যদি বিধানের বিচার কর, তাহলে তুমি বিধানের সাধক আর নও, তার বিচারক হয়েছ। বিধানকর্তা ও বিচারক একজনই মাত্র আছেন, পরিত্রাণ করা ও ধ্বংস করার ক্ষমতা তাঁরই হাতে। কিন্তু তুমি কে যে প্রতিবেশীর বিচার কর?

৪র্থ সপ্তাহ **১ থে ৩:১২-১৩**

প্রভুর অনুগ্রহে, তোমাদের পরস্পরের প্রতি ও সকলের প্রতি তোমাদের ভালবাসা যেন বেড়ে ওঠে, উথলে ওঠে, তোমাদের প্রতি আমাদের ভালবাসাও যেমনটি উথলে ওঠে, আমাদের প্রভু যীশুখ্রীষ্ট যখন তাঁর সকল পবিত্রজনের সঙ্গে আসবেন, তখন তিনি যেন আমাদের ঈশ্বর ও পিতার সামনে তোমাদের হৃদয় পবিত্রতায় সুস্থির ও অনিন্দনীয় করে তোলেন।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ নিরাময় কর আমার প্রাণ, * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ নিরাময় কর আমার প্রাণ, * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর,
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ নিরাময় কর আমার প্রাণ, * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ ওগো প্রভু, উপনীত হোক * আমার প্রার্থনা তোমার কাছে।
℟ ওগো প্রভু, উপনীত হোক * আমার প্রার্থনা তোমার কাছে।
℣ তোমার সম্মুখে হয় যেন ধূপের মত
℟ আমার প্রার্থনা তোমার কাছে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ওগো প্রভু, উপনীত হোক * আমার প্রার্থনা তোমার কাছে।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: **প্রভুর মহিমাকীর্তন * করে আমার প্রাণ: বিনম্র দাসীর দিকে মুখ তুলে চেয়েছেন তিনি।**

জোড় সপ্তাহ: **ঈশ্বর আমার, * আমি নিরন্তর করি তোমার বন্দনাগান।**

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি তাঁর আপন জনগণের সঙ্গে এক চিরন্তন সন্ধি স্থাপন করেছেন, আসুন, আমাদের সকল ধর্মভ্রাতার সঙ্গে

মিলিত হয়ে সেই প্রভুর কাছে মিনতি জানাই :

হে প্রভু, তোমার জনগণের উপর সদয় দৃষ্টিপাত কর।

-তোমার জনগণকে রক্ষা কর, তোমার আঙুরলতা আশিসধন্য কর।

-সকল খ্রীষ্টবিশ্বাসীকে একতার বন্ধনে আবদ্ধ কর, জগৎ যেন তোমার প্রেরিত ত্রাণকর্তা আমাদের প্রভু সেই যীশুখ্রীষ্টের উপর বিশ্বাস স্থাপন করতে পারে।

-আমাদের আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবদের আশীর্বাদ কর। তাঁদের অন্তরে খ্রীষ্টের ভালবাসা নিত্য বিরাজ করুক।

-মরণাপন্নদের চোখে তোমার প্রেমের আলো উদ্ভাসিত হোক; তাঁদের তোমার গৌরব দর্শনে জাগিয়ে তোল।

-আমাদের পরলোকগত ভাইবোনদের প্রতি করুণা দেখাও; স্বর্গলোকের দিব্য শান্তিতে তাঁদের গ্রহণ কর।

২য় সপ্তাহ

যিনি মণ্ডলীকে ভালবাসেন এবং ঐশবাণী ও পুণ্য সাক্রামেন্তগুলি দ্বারা তাকে পরিপুষ্ট ও পবিত্রিত করেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে ভরসাভরে প্রার্থনা করি :

হে প্রভু, তোমার জনগণের বাসনা মঞ্জুর কর।

-তোমার মঙ্গলময়তায় সকল মানুষকে পরিত্রাণের পথে চালনা কর, তারা যেন পূর্ণ সত্য জ্ঞানে পৌঁছতে পারে।

-আমাদের পোপ ... ও আমাদের বিশপ ...কে রক্ষা কর; তোমার পবিত্র আত্মার শক্তিতে তাঁদের সুস্থির করে রাখ।

-যাঁরা কোন চাকরি পেতে পারে না, যাঁদের কোন ঘর নেই, তোমার মত তাঁদের জন্য চিন্তান্বিত হতে আমাদের অনুপ্রাণিত কর; তাঁরা যেন তাঁদের প্রাপ্য মর্যাদা ও অধিকার পেতে পারেন।

-তুমিই হও গরিবদের আশ্রয়; তাঁদের অভাবে ও দুঃখকষ্টে তাঁদের সহায়তা কর।

-মণ্ডলীর যে সকল সেবক পরলোকগমন করেছেন, তাঁদের কথা তোমার কাছে স্মরণ করিয়ে দিই; তাঁরা যেন স্বর্গীয় উপাসনায় চিরকালের মত তোমার প্রশংসাগান করতে পারেন।

৩য় সপ্তাহ

যাঁর ইচ্ছা, সকল মানুষ যেন পরিত্রাণ পেতে পারে, আসুন, সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি তাঁর আকাঙ্ক্ষা যেন পূর্ণতা লাভ করে :

হে প্রভু, সকল মানুষকে তোমার কাছে আকর্ষণ কর।

-তুমি তোমার রক্তমূল্যে পাপের দাসত্ব থেকে আমাদের মুক্ত করেছ; তোমাকে ধন্যবাদ জানাই। সকলকে ঈশ্বরসন্তানের উপযুক্ত স্বাধীনতা ও মর্যাদা দান কর।

-আমাদের বিশপ ... ও সমগ্র বিশপ-সম্প্রদায়ের উপর তোমার অনুগ্রহ বর্ষণ কর, তাঁরা যেন পুণ্য আনন্দ ও একাগ্রতার সঙ্গে তোমার জনগণের সেবা করে যেতে পারেন।

হে প্রভু, সকল মানুষকে তোমার কাছে আকর্ষণ কর।

-যারা সত্যের অন্বেষণ করে, তোমার সহায়তায় তারা যেন তা খুঁজে পেতে পারে; খুঁজে পেয়ে তারা যেন অধিক আগ্রহের সঙ্গে পূর্ণতর সত্যের অনুসন্ধান করে।

-অনাথ, বিধবা, সমাজচ্যুত সকলকে সাহায্য কর, তারা যেন তাদের দুর্দশায় তোমার নিত্য উপস্থিতি অনুভব করে সান্ত্বনা পেতে পারে।

-আমাদের মৃত ভাইবোনদের স্বর্গীয় যেরুসালেমে গ্রহণ কর, যেখানে পিতা ও পবিত্র আত্মার সঙ্গে তুমি হবে সর্বমানবের পরমানন্দ।

৪র্থ সপ্তাহ

যিনি আপন ভক্তদের কখনও পরিত্যাগ করেন না, আসুন, সেই প্রভু যীশুখ্রীষ্টের কাছে বিনীতভাবে প্রার্থনা করি :

হে প্রভু, দয়া কর।

-মাতা মণ্ডলীর উপরে তোমার পবিত্র আত্মাকে বর্ষণ কর, তার মধ্যে মানবকুল যেন তোমার অপার স্নেহের পরিচয়

পেতে পারে।

-পুরোহিতবর্গ ও সকল ধর্মব্রতী-ব্রতিনীর উপরে সহায়ক দৃষ্টি রাখ, তাঁরা যেন যা অপরের কাছে প্রচার করেন, নিজেদের জীবনেও তা বাস্তবায়িত করতে পারেন।

-সকল দম্পতিদের সঙ্গে সঙ্গে থাক, তাঁরা যেন তোমার আশীর্বাদে মণ্ডলীর ছবি হতে পারেন। তোমার ঐশপ্রেম যেন তাঁদের দাম্পত্যজীবন আরও প্রেমপূর্ণ করে তুলতে পারে।

-আমরা সবাই যেন গভীর আগ্রহে ঈশ্বরের অন্বেষণ করি, ঐশপ্রশংসাগানে মনোযোগী হই, ঐশবাণীর প্রতি বাধ্যতা দেখাই এবং নিষ্ঠার সঙ্গে অনন্ত জীবনের জন্য আগ্রহী হতে পারি।

-আমাদের পরলোকগত ভাইবোনদের সমস্ত পাপ ক্ষমা কর, তাঁরা যেন তোমার সাধুসাধ্বীদের সঙ্গে নবজীবনের আনন্দ উপভোগ করতে পারেন।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, আমাদের এ সেবার নৈবেদ্য তোমার মহিমাকীর্তন করুক; আমাদের পরিত্রাণের জন্য একদিন তুমি কুমারী মারীয়ার নিম্নাবস্থার দিকে মুখ তুলে চেয়েছিলে, এখন তোমার মুক্তিকর্মের পূর্ণতায় আমাদের উন্নীত কর।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, তুমি সারাদিন ধরে তোমার কর্মরত সেবকদের প্রাণ তোমার শক্তিস্পর্শে জুড়িয়ে দিয়ে এসেছ বলে আমরা তোমাকে ধন্যবাদ জানাই। আমাদের কৃতজ্ঞতা স্বরূপ আমাদের এ সন্ধ্যাকালীন অর্ঘ্য গ্রহণ কর।

৩য় সপ্তাহ: হে অনির্বাণ জ্যোতি ঈশ্বর, তোমার স্তুতি-বন্দনায় সম্মিলিত এ ভক্তদের দিকে মুখ তুলে চাও। রাত্রির অন্ধকার তোমার আলোতে আলোকিত কর, আমাদের সকল ত্রুটি মার্জনা কর।

৪র্থ সপ্তাহ: হে প্রভু যীশু, সন্ধ্যা হয়ে আসছে, আমাদের সঙ্গে থাক, আমাদের চলার পথের সঙ্গী হও। তোমার কৃপায় আমাদের হৃদয়ে জ্বালাও আশা ও প্রেমের আগুন, আমরা যেন আমাদের ভাইবোনদের সঙ্গে একমন একপ্রাণ হয়ে পবিত্র বাণী পাঠে ও রুটি-ছেঁড়া অনুষ্ঠানের মধ্যে তোমাকে চিনতে পারি।

মঙ্গলবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। পিতার জ্যোতির সহভাগী,
নিজেই দিবস, জ্যোতি,
ওগো খ্রীষ্ট, নিদ্রা ছেড়ে
গাইছি তব স্তুতি।

২। মনের তমঃ ক'রে বিলীন
অন্তর কর উজ্জ্বল,
শত্রুকে তাড়িত ক'রে
পুণ্য কর মঞ্জুর।

৩। ওগো খ্রীষ্ট, ভক্তজনদের
কৃপা কর দান,
কর্মে প্রেরণা দান করুক
তব স্তুতিগান।

৪। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মিনতি;
পিতা ও পরমাত্মার সঙ্গে
গ্রহণ কর স্তুতি। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। পুণ্যতম ঐশত্রিত্ব,
তব বিধান বিশ্বের গতি:

৩। দাস ও দাসী মোরা এখন
নত শিরে পূজি তোমায়;

দিবস শ্রমের জন্য সৃষ্ট,
রাত্রিতে বিশ্রাম।

২। সকাল সন্ধ্যা দিবারাত্র
তব স্তবে থাকি রত :
তব গৌরবের নিত্যাশ্রয়ে
মোদের শান্তি সুখ।

গ্রহণ কর মোদের ব্রত,
মোদের উৎকীর্তন।

৪। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র পরম বাণী,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
নিত্য রাজেশ্বর। (১০ম শতাব্দী)

১ম পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* প্রভু ন্যায়মার্গে বিনম্রদের চালনা করেন ;
উ বিনম্রদের শিখিয়ে দেন তাঁর আপন পথ।

জোড় সপ্তাহ *প্র* আমি শুনব প্রভু ঈশ্বর কী কথা বলবেন ;
উ আপন জনগণের কাছে তিনি বলেন শান্তি।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* আমাকে শেখাও সদ্বিবেচনা, শেখাও সদ্‌জ্ঞান ;
উ আমি যে তোমার আজ্ঞাবলিতে রেখেছি বিশ্বাস।

জোড় সপ্তাহ *প্র* হে আমার আপন জাতি, আমার শিক্ষায় কান দাও,
উ আমার মুখের কথা কান পেতে শোন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি :

প্রভু, দয়া কর। খ্রীষ্ট, দয়া কর।
প্রজ্ঞার আধার, পিতা পরমেশ্বর, আমাদের প্রতি দয়া কর।
পিতার জীবনময় বাণী, পুত্র পরমেশ্বর, ”
পরাৎপরের দান, আত্মা পরমেশ্বর, ”
প্রজ্ঞার আসন, ধন্যা মারীয়া, আমাদের মঙ্গল প্রার্থনা কর।
সাধু যেরোম ও যেরুসালেমের সিরিল, ”
সাধু আগস্তিন ও আম্ব্রোজ, ”
খ্রীষ্টমণ্ডলীর আচার্যবৃন্দ, ”
সাধু … (কিংবা সাধ্বী …) ”

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। তপনের প্রথম কিরণ জগতের কাছে
নতুন দিনের কথা করিছে প্রচার :
নবীন শুভ্র পোশাক সজ্জিতা হয়ে
মুখশ্রী উজ্জ্বল ক'রে ধরণীর প্রকাশ।

৪। জ্যোতিরই সন্তান মোরা, শকতি দিও
এমনই নির্মল জীবন যাপিত করতে,
স্বর্গীয় পিতার পুণ্য প্রসাদ যেন
ফলিত করি সদা মোদেরই কর্মে।

২। শাশ্বত দীপ্তির তপন, ওগো শ্রীখ্রীষ্ট,
ভক্তদের অন্তর কর উজ্জ্বল নন্দি;
বন্দনা তব এখন গাইছি মোরা,
সান্নিধ্যে তব ভরে হৃদয়মন্দির।

৩। পিতার ওগো প্রজ্ঞা, তুমি সেই বাণী
আদিতে করলেন যিনি সৃজিত বিশ্ব,
অনুক্ষণ করেন যিনি চালিত নিখিল:
সর্বদা থাকি যেন তোমার শিষ্য।

৫। বিনীত যাচনা: মোদের ওষ্ঠাধর হতে
কেবলই সত্য হয় নিঃসৃত যেন,
সত্যেরই মিষ্ট মধু আস্বাদন ক'রে
চির আনন্দে সদা পূর্ণ হই যেন।

৬। বন্দনা করি, এসো, স্বর্গীয় পিতার,
ত্রাণকর্তা পুত্রের জয় ধ্বনিত করি,
সান্ত্বনাদাতার করি প্রশংসাগান,
পরম ত্রিত্বের গুণ সঙ্কীর্তন করি। (২০শ শতাব্দী)

বাণী পাঠ

১ম সপ্তাহ

রো ১৩:১১,১২,১৩ক

এখন কোন্ সময়, সে কথা তোমাদের তো জানাই আছে; এখন তো তোমাদের ঘুম থেকে জেগে ওঠারই লগ্ন। রাত শেষ হয়ে যাচ্ছে, দিন কাছে এসে গেছে। তাই অন্ধকারের কাজকর্ম পরিত্যাগ ক'রে, এসো, আলোরই উপযোগী রণসজ্জা পরিধান করি। এসো, দিনমানের মত উজ্জ্বলভাবে চলাফেরা করি।

২য় সপ্তাহ

১ থে ৫:৪-৫

ভাই, তোমরা অন্ধকারে নও যে, সেই দিন চোরের মত তোমাদের উপর এসে পড়বে। তোমরা তো সকলে আলোরই সন্তান, দিনেরই সন্তান; আমরা তো রাত্রিরও নই, অন্ধকারেরও নই।

৩য় সপ্তাহ

১ যোহন ৪:১৪-১৫

আমরা দেখেছি আর সাক্ষ্য দিচ্ছি যে, পিতা পুত্রকে জগতের ত্রাণকর্তারূপে প্রেরণ করেছিলেন। যে কেউ স্বীকার করে, 'যীশু ঈশ্বরের পুত্র', ঈশ্বর তার অন্তরে বসবাস করেন, সেও ঈশ্বরে বসবাস করে।

৪র্থ সপ্তাহ

ইসা ৫৫:১

ওহে, তৃষিত লোকসকল, জলের কাছে এসো; যার অর্থ নেই, তুমিও এসো। এসো, বিনা অর্থে খাদ্য, বিনা মূল্যে আঙুররস ও দুধ কিনে নাও।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ আমার ঈশ্বর, তিনিই আমার শৈল, * যাঁর কাছে নিয়েছি আশ্রয়।
℟ আমার ঈশ্বর, তিনিই আমার শৈল, * যাঁর কাছে নিয়েছি আশ্রয়।
℣ তিনি আমার গিরিদুর্গ, আমার মুক্তিদাতা,
℟ যাঁর কাছে নিয়েছি আশ্রয়।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমার ঈশ্বর, তিনিই আমার শৈল, * যাঁর কাছে নিয়েছি আশ্রয়।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ শোন গো প্রভু আমার কণ্ঠ, * তোমার বাণীতেই আশা রাখি।
℟ শোন গো প্রভু আমার কণ্ঠ, * তোমার বাণীতেই আশা রাখি।
℣ উষার আগে উঠে চিৎকার করে সাহায্য চাই;
℟ তোমার বাণীতেই আশা রাখি।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ শোন গো প্রভু আমার কণ্ঠ, * তোমার বাণীতেই আশা রাখি।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: প্রভু * আমাদের জন্য ঘটিয়েছেন এক ত্রাণশক্তির জাগরণ,
যেমনটি বলেছিলেন নবীদের মুখ দিয়ে।

জোড় সপ্তাহ: আমাদের বিদ্বেষীদের হাত থেকে * আমাদের নিস্তার কর, প্রভু।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি আমাদের পবিত্রই এক আহ্বানের অংশীদার করেছেন, আসুন, আমাদের বিশ্বাসের মহাযাজক সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি:

হে প্রভু, তুমি আমাদের ঈশ্বর, আমাদের পরিত্রাতা!

-হে গৌরবের রাজা, দীক্ষাস্নানে তুমি রাজকীয় যাজকত্বে আমাদের ভূষিত করেছ। আমরা যেন তোমাকে স্তুতি-নৈবেদ্য অর্পণ করতে যোগ্য হয়ে উঠি।

-আশীর্বাদ কর, আমরা যেন তোমার আজ্ঞাগুলি অনুক্ষণ পালন করতে পারি, যাতে তোমার অনুগ্রহে আমরা তোমাতে থাকতে পারি, তুমিও আমাদের অন্তরে থাকতে পার।

হে প্রভু, তুমি আমাদের ঈশ্বর, আমাদের পরিত্রাতা!

-আমাদের অন্তরে তোমার আত্মাকে সঞ্চার কর; তোমার প্রজ্ঞা যত কাজে আমাদের নিত্য সহায়তা করুক।

-আমাদের কারণে আজ যেন কেউই দুঃখভোগ না করে; আমাদের দ্বারা বরং যেন সকলের হৃদয়ে আনন্দ ও শান্তি বিরাজ করে।

২য় সপ্তাহ

যিনি আপন পুনরুত্থানে জগতের আলো ও জীবন হয়ে উঠেছেন, আসুন, সেই ত্রাণকর্তার প্রশংসাগান করে তাঁর কাছে বিনীত যাচনা নিবেদন করি:

হে প্রভু, তোমার আদিষ্ট পথে আমাদের চালিত কর।

-এ প্রাতঃবন্দনায় আমরা তোমার পুনরুত্থানের কথা স্মরণ করি; তোমার গৌরবের আশায় এদিন আলোকিত কর।

-আমাদের যত প্রকল্প ও সঙ্কল্প আশীর্বাদ কর; আমাদের মনোবাঞ্ছা আমাদের অর্ঘ্যের প্রথম ফসল রূপে গ্রহণ কর।

-তোমার সহায়তায় আমরা যেন আজ তোমার প্রেমে বেড়ে উঠি; সবকিছু যেন আমাদের ও সকলের উপকারের জন্য সাধিত হয়।

-আশীর্বাদ কর, আমাদের আলো যেন সকল মানুষের সামনে উদ্ভাসিত হয়, আমাদের সৎকর্ম দেখে তারা যেন স্বর্গীয় পিতাকে গৌরবান্বিত করতে পারে।

৩য় সপ্তাহ

যিনি আপন রক্তমূল্যে বিশ্বজগতের প্রতিটি কোণ থেকে এক নতুন সমাজকে একত্রে সম্মিলিত করেছেন, আসুন, সেই খ্রীষ্টকে পূজা ক'রে অনুনয় করি:

হে খ্রীষ্ট, তোমার জনগণকে স্মরণে রাখ।

-আমাদের রাজা ও মুক্তিদাতা খ্রীষ্ট, তোমার ঐশশক্তি ও প্রেম উপলব্ধি করতে আমাদের সহায়তা কর।

-আমাদের আশা ও শক্তি খ্রীষ্ট, সারাদিন ধরে আমাদের অন্তরে শক্তি যোগাও।

-আমাদের বল ও আশ্রয়স্থল খ্রীষ্ট, তোমাকে ছাড়া আমরা কিছুই করতে পারি না। আমাদের দুর্বলতার বিরুদ্ধে তুমিও সংগ্রাম কর।

-আমাদের আনন্দ ও সান্ত্বনাদাতা খ্রীষ্ট, নিঃসঙ্গ ও দরিদ্র মানুষের সঙ্গে সঙ্গে থাক, আজকের দিন ভারী বোঝাস্বরূপ না হয়ে তাদের কাছে বরং যেন আনন্দ ও সান্ত্বনা এনে দিতে পারে।

৪র্থ সপ্তাহ
যিনি আজ তাঁর প্রশংসাগান করার অনুগ্রহ আমাদের দান করেছেন, আসুন, সেই প্রভুর কাছে ভরসাভরে প্রার্থনা নিবেদন করি।

তোমার নামের গৌরবার্থে, প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তোমার পুত্রের মধ্য দিয়ে যে দিব্য জ্ঞান ও অনন্ত জীবন আমাদের দান করেছ, তার জন্য তোমাকে ধন্যবাদ জানাই।

-আমাদের হৃদয় নম্র করে তোল, আমরা যেন খ্রীষ্টের সেবা করে ভ্রাতৃসেবায় উজ্জ্বল হতে পারি।

-আমাদের উপর তোমার আত্মাকে বর্ষণ কর, আমাদের ভ্রাতৃপ্রেম যেন বাস্তব ও অকপট হতে পারে।

-পৃথিবীর শাসনভার আমাদের হাতে তুলে দিয়ে তুমি আমাদের কর্মরত থাকতে আদেশ করেছ। আশীর্বাদ কর, আমাদের কাজকর্ম যেন তোমাকে গৌরবান্বিত করে, আমাদের ভাইবোনদেরও যেন পবিত্রিত করে।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, তোমার এ ভক্তদের প্রাতঃকালীন অর্ঘ্য প্রসন্ন মনে গ্রহণ কর। তোমার পরিত্রাণদায়ী প্রেমের আলোতে আমাদের অন্তরের যত অন্ধকার স্থান আলোকিত কর। ঐশঅনুগ্রহের আলো যাদের নবীভূত করেছে, কোন কুচিন্তা যেন তাদের মন অন্ধকারভুক্ত না করে।

২য় সপ্তাহ: হে সত্যকার আলো খ্রীষ্ট প্রভু, পরিত্রাণলাভের জন্য তুমি তো সকল মানুষকে আলোকিত কর। আমাদের অন্তরে শক্তি যোগাও, আমরা যেন তোমার সামনে শান্তি ও ন্যায়ের পথ প্রস্তুত করতে পারি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান বিশ্বপালক পরমেশ্বর, আশীর্বাদ কর, আমরা যেন এদিন তোমার নামেই আনন্দের সঙ্গে শুরু করতে পারি এবং তোমাকে ও মানুষকে ভালবেসে তা সমাপন করতে পারি।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, আমাদের বিশ্বাস দৃঢ়তর করে তোল, আমাদের এ পুণ্যময় প্রশংসাগানের ফলে আমাদের অন্তর যেন তোমার দিব্য দানগুলিতে ভরে ওঠে।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,
তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা।   (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: তৃতীয় ঘণ্টা পালন ক'রে; পৃঃ ৪৩৬।

বাণী পাঠ

১ম সপ্তাহ **যেরে ১৭:৭-৮**

আহা, কেমন আশিসে ধন্য সেই মানুষ যে প্রভুতে ভরসা রাখে, যার ভরসা স্বয়ং প্রভু। সে যেন জলাশয়ের ধারে এমন গাছের মত, যা নদীর দিকে বাড়ায় শিকড়। উত্তাপ এলেও সে ভয় পায় না, তার পাতা হয়ে থাকে সবুজ-সতেজ; অনাবৃষ্টির সময়েও তার কোন দুশ্চিন্তা নেই, তেমন গাছ ফল ধরায় বিরত থাকে না।

প্র যাদের আচরণ নিখুঁত, প্রভু মঙ্গল থেকে তাদের বঞ্চিত করেন না;

উ হে সেনাবাহিনীর প্রভু, সুখী সেই মানুষ, যে তোমাতেই ভরসা রাখে।

২য় সপ্তাহ **১ করি ১২:৪-৬**

বহুবিধ অনুগ্রহদান আছে, আত্মা কিন্তু এক; বহুবিধ সেবাকর্ম আছে, প্রভু কিন্তু এক; বহুবিধ কর্মক্রিয়া আছে, কিন্তু সকলের মধ্যে যিনি সেই সবকিছু সাধন করে থাকেন, সেই ঈশ্বর এক।

প্র যারা প্রভুকে ভয় করে, তাদের জন্য কাছেই রয়েছে তাঁর পরিত্রাণ,
উ আমাদের এ দেশে তাঁর গৌরব করবে বসবাস।

৩য় সপ্তাহ **যেরে ২২:৩**

প্রভু একথা বলছেন: তোমরা ন্যায়বিচার ও ধর্মময়তা অনুশীলন কর, অত্যাচারিতকে অত্যাচারীর হাত থেকে উদ্ধার কর; প্রবাসী, এতিম ও বিধবাকে শোষণ করো না, উৎপীড়ন করো না; এ স্থানে নির্দোষীর রক্তপাত করো না।

প্র প্রভু ধর্মময়তার সঙ্গে জগৎকে,
উ সততার সঙ্গে জাতিসকলকে বিচার করবেন।

৪র্থ সপ্তাহ **১ যোহন ৩:১৭-১৮**

কারও পার্থিব সম্পদ থাকলে সে যদি নিজ ভাইকে অভাবগ্রস্ত দেখেও তার জন্য নিজের হৃদয় রুদ্ধ করে রাখে, তাহলে ঈশ্বরের ভালবাসা কেমন করে তার অন্তরে থাকবে? বৎস, এসো, আমরা কথায় নয়, মুখেও নয়, বরং কাজে ও সত্যিকারে ভালবাসি।

প্র যে দয়া করে, যে করে ঋণদান, তার মঙ্গল হয়,
উ ধার্মিকজন স্মরণীয় থাকবে চিরকাল।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি তৃতীয় ঘণ্টায়ই প্রেরিতদূতদের উপর সান্ত্বনাদানকারী আত্মাকে বর্ষণ করেছিলে। অনুনয় করি তোমায়: আমাদের অন্তরেও সেই প্রেমের আত্মাকে পাঠাও, আমরা যেন সকল মানুষের সামনে তোমার বিশ্বস্ত সাক্ষী হতে পারি।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত:
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে; পৃঃ ৪৩৭।

বাণী পাঠ

১ম সপ্তাহ **প্রবচন ৩:১৩-১৫**

সুখী সেই মানুষ, যে প্রজ্ঞার সন্ধান পেয়েছে, সেই মানুষ, যে সুবুদ্ধি লাভের জন্য ব্যবস্থা করেছে; কেননা প্রজ্ঞা রুপোর চেয়ে অধিক লাভজনক, প্রজ্ঞালাভ সোনার চেয়েও আয়কর। প্রজ্ঞা রত্নের চেয়ে বহুমূল্যবান; তার তুলনায় তোমার যত কামনা-বাসনা শূন্য।

প্র হে প্রভু, আন্তর সত্যনিষ্ঠায় তুমি প্রীত;

ঈ হৃদয়ের নিভৃতে তুমি প্রজ্ঞা শেখাও আমায়।

২য় সপ্তাহ **১ করি ১২:১২-১৩**

দেহ যেমন এক, অথচ তার অঙ্গপ্রত্যঙ্গ অনেক এবং দেহের অঙ্গগুলি অনেক হয়েও সব ক'টি মিলে একদেহ হয়, খ্রীষ্টও সেইরূপ। প্রকৃতপক্ষে আমরা সকলে এক আত্মায় দীক্ষাস্নাত হয়েছি একদেহ হবার জন্য—তা আমরা ইহুদী বা গ্রীক, ক্রীতদাস বা স্বাধীন মানুষ যাই হই না কেন; এবং পান করার মত আমাদের সকলকে এক আত্মাকে দেওয়া হয়েছে।

ঐ হে পবিত্রতম পিতা, তোমার নামেই আমাদের রক্ষা কর,

ঈ আমরা যেন পরিপূর্ণভাবে এক হতে পারি।

৩য় সপ্তাহ **দ্বিঃবিঃ ১৫:৭-৮**

তোমার শহরে তোমার কোন ভাই নিঃস্ব হলে তুমি হৃদয় কঠিন করবে না, নিঃস্ব ভাইয়ের প্রতি হাত রুদ্ধ করবে না। তুমি বরং মুক্তহস্ত হয়ে তার অভাবের জন্য প্রয়োজনমত তাকে ঋণ দেবে।

ঐ দীনদুঃখীদের বাসনা তুমি তো শোন, প্রভু,

ঈ তুমি তাদের অন্তর সুস্থির কর, কান দিয়েই শোন।

৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ৩০:১১,১৪**

আমি আজ এই যে আজ্ঞা তোমার জন্য জারি করছি, তা তোমার পক্ষে দুরূহও নয়, তোমার আয়ত্তের অতীতও নয়। না, এই বাণী বরং তোমার অতি নিকটবর্তী, তা তোমার মুখে ও তোমার হৃদয়ে, তুমি যেন তা পালন কর।

ঐ তোমার বাণীই, প্রভু, আমার চরণ-প্রদীপ,

ঈ আমার চলার পথের আলো।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, মানবজাতির পরিত্রাণের পরিকল্পনা তুমি মধ্যাহ্নেই পিতরকে প্রকাশ করেছিলে। কৃপা কর: আমাদের কাজ তোমার গ্রহণীয় হোক, আমরা যেন তোমার অনুগ্রহে তোমার প্রেমময় পরিত্রাণের সঙ্কল্প বাস্তবায়নে অংশ নিতে পারি।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর,
তোমায়, প্রভু, স্থিতি;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: নবম ঘণ্টায়, এসো, করি; পৃঃ ৪৩৮।

বাণী পাঠ

১ম সপ্তাহ **যোব ৫:১৭-১৮**

সুখী সেই মানুষ, যাকে ঈশ্বর দ্বারাই ভর্ৎসনা করা হয়; তাই তুমি সর্বশক্তিমানের শাসন অবজ্ঞা করো না; কেননা তিনি ক্ষত করেন, আবার বেঁধে দেন; তিনি আঘাত করেন, তাঁর হাত আবার নিরাময় করে।

ঐ তোমার কৃপা অনুসারেই, প্রভু, তোমার দাসের সঙ্গে ব্যবহার কর;

℟ আমাকে শিখিয়ে দাও তোমার বিধিকলাপ।

২য় সপ্তাহ **১ করি ১২:২৪খ-২৬**

ঈশ্বর নিজেই মানবদেহ সংগঠিত করেছেন; যে অঙ্গের মর্যাদা কম, তিনি সেটাকে বেশি মর্যাদা দিয়েছেন, যেন দেহের মধ্যে কোন অনৈক্য না থাকে, বরং সকল অঙ্গ যেন একে অপরের প্রতি সমান যত্নবান হয়। তাই একটা অঙ্গ ব্যথা পেলে সকল অঙ্গই তার সঙ্গে ব্যথা পায়, এবং একটা অঙ্গ সমাদর পেলে সকল অঙ্গই তার সঙ্গে আনন্দ করে।

℣ হে প্রভু, আমাদের পরমেশ্বর, বিজাতিদের মধ্য থেকে আমাদের সংগ্রহ কর,
℟ আমরা যেন তোমার পবিত্র নামের প্রতি ধন্যবাদ জানাতে পারি।

৩য় সপ্তাহ **প্রবচন ২২:২২-২৩**

গরিব বলে গরিবের দ্রব্য কেড়ে নিয়ো না, দুঃখীকেও বিচারালয়ে চূর্ণ করো না। কেননা প্রভু তাদেরই পক্ষ সমর্থন করবেন, আর তাদের দ্রব্য যারা কেড়ে নেয়, তিনি তাদের প্রাণ কেড়ে নেবেন।

℣ যে-দীনজন অসহায় হয়, প্রভু তাকে উদ্ধার করবেন,
℟ ত্রাণ করবেন নিঃস্বদের প্রাণ।

৪র্থ সপ্তাহ **ইসা ৫৫:১০-১১**

বৃষ্টি ও তুষার যেমন আকাশ থেকে নেমে আসে, এবং মাটি জলসিক্ত না করে, ও সেই মাটি যেন বীজবুনিয়েকে বীজ ও মানুষকে খাদ্য দান করে তা উর্বর ও অঙ্কুরিত না করে সেখানে ফিরে যায় না, তেমনি ঘটে আমার মুখনিঃসৃত বাণীর বেলায়: আমি যা ইচ্ছা করি, তা সম্পন্ন না করে, এবং যে উদ্দেশ্যে আমি তা প্রেরণ করেছি, তা সাফল্যমণ্ডিত না করে আমার বাণী নিষ্ফল হয়ে আমার কাছে ফিরে আসবে না।

℣ প্রভু এ পৃথিবীতে পাঠিয়ে দেন তাঁর বচন,
℟ তাঁর বাণী দ্রুত বেগে ছুটে যায়।

সমাপন প্রার্থনা

হে প্রভু ঈশ্বর, শতপতি কর্নেলিউসকে পরিত্রাণের পথ দেখাবার জন্য তুমি একদিন তাঁর কাছে তোমার দূত পাঠিয়েছিলে। অনুনয় করি তোমায়: আমরা যেন সকল মানুষের পরিত্রাণের জন্য এমন আগ্রহের সঙ্গে কাজ করি, যার ফলে আমরা তাদের সঙ্গে তোমার মণ্ডলীতে এক হয়ে তোমার কাছে পৌঁছতে পারি।

সন্ধ্যারতি

স্তোত্র

১। মহান ভূলোক-নির্মাণকর্তা
নিম্ন জল একটি স্থানে রেখে,
সাগর ভূমি করলে সৃজন:
সৃষ্টিকাজের তৃতীয় দিবস।

২। ভূমি তখন করল ধারণ
যত উদ্ভিদ যত নবাঙ্কুর,
ফলভরা বৃক্ষচয়ন,
নানা বর্ণের কুসুমশয়ন।

৩। মোদের প্রাণের সকল ক্ষত
কৃপাস্পর্শে দিও গো মুছে:
অশ্রুজলে পাপ মরবে,
অনুতাপে তো রিপু ঘুচবে।

৪। তব আজ্ঞা মানবে অন্তর:
কটুকর্ম দূর করে দিয়ে
পুণ্যকর্মে করব উল্লাস,
মৃত্যুর অঙ্কুশ যে করব বিনাশ।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও পরমাত্মার সঙ্গে

নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরজীবনময় পরমেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **১ যোহন ৩:১ক,২**

দেখ, পিতা কি অগাধ ভালবাসা আমাদের দান করেছেন, যার জন্য আমরা ঈশ্বরসন্তান বলে অভিহিত, আর আমরা তো তাই! প্রিয়জনেরা, এখন তো আমরা ঈশ্বরের সন্তান; আর কী হয়ে উঠব, এখনও তা প্রকাশিত হয়নি। আমরা জানি, প্রকাশিত হলে আমরা তাঁর সদৃশ হব, কারণ তাঁকে দেখতে পাব যেইরূপে তিনি আছেন।

২য় সপ্তাহ **রো ৩:২৩-২৫ক**

সকলেই পাপ করেছে, সকলেই ঈশ্বরের গৌরব থেকে বঞ্চিত, কিন্তু তাঁরই অনুগ্রহে বিনামূল্যে সকলকে ধর্মময় বলে সাব্যস্ত করা হয়েছে খ্রীষ্টযীশুর সাধিত মুক্তিকর্ম দ্বারা। তাঁর সেই রক্তদানে তাঁকেই ঈশ্বর বিশ্বাসগুণে প্রায়শ্চিত্তের স্থানস্বরূপ তুলে ধরেছেন, যেন তিনি তাঁর আপন ধর্মময়তা দেখাতে পারেন।

৩য় সপ্তাহ **রো ১২:৯-১২**

ভালবাসা অকপট হোক: যা মন্দ তোমরা তা ঘৃণা কর, যা মঙ্গলকর তা আঁকড়ে ধরে থাক; পরস্পরের ভ্রাতৃপ্রেমে স্নেহশীল হও, পরস্পরের সম্মান দানে প্রতিযোগিতা কর। সদাগ্রহ ক্ষেত্রে শিথিল হয়ো না, আত্মায় উদ্দীপ্ত হও, প্রভুর সেবা করে চল। আশায় আনন্দিত হও, দুঃখকষ্টে সহিষ্ণু হও, প্রার্থনা-সভায় নিষ্ঠাবান থাক।

৪র্থ সপ্তাহ **কল ৩:১৬**

খ্রীষ্টের বাণী তার পূর্ণ ঐশ্বর্য নিয়ে তোমাদের অন্তরে বসবাস করুক; তোমরা পূর্ণ প্রজ্ঞায় পরস্পরকে শিক্ষা ও চেতনা দান কর; কৃতজ্ঞচিত্তে ও মনপ্রাণ দিয়ে ঈশ্বরের উদ্দেশে সামসঙ্গীত, স্তুতিগান ও ঐশপ্রেরণাজনিত বন্দনাগান গেয়ে চল।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℟ হে প্রভু, * তোমার বাণী চিরস্থায়ী।
℟ হে প্রভু, * তোমার বাণী চিরস্থায়ী।
℣ তোমার বিশ্বস্ততা যুগযুগস্থায়ী।
℟ তোমার বাণী চিরস্থায়ী।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে প্রভু, * তোমার বাণী চিরস্থায়ী।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ তুমি, প্রভু, আমাকে আনন্দে পরিপূর্ণ করবে * তোমার সম্মুখে।
℟ তুমি, প্রভু, আমাকে আনন্দে পরিপূর্ণ করবে * তোমার সম্মুখে।
℣ তোমার ডান পাশেই চিরন্তন সুখ,
℟ তোমার সম্মুখে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তুমি, প্রভু, আমাকে আনন্দে পরিপূর্ণ করবে * তোমার সম্মুখে।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: আমার ত্রাতা পরমেশ্বরে * আমার আত্মা করে উল্লাস।

জোড় সপ্তাহ: দেখাও * তোমার দয়া কত মহান:
সর্বশক্তিমান ও পবিত্রই তোমার নাম।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

খ্রীষ্টের মাধ্যমে আমরা ঈশ্বরের সন্তান হয়ে উঠেছি। তাঁর মধ্যে দেখতে পাই, যখন পিতার কাছে যাব, তখন কী হয়ে উঠব। আসুন, আশ্বাস নিয়ে প্রার্থনা করি:

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-সকল সমাজনেতা ও সরকারকে সুষ্ঠুভাবে পরিচালনা কর। তাঁদের জ্ঞান ও ন্যায়পরতা দান কর, তাঁরা যেন সকলেরই মঙ্গল এনে দিতে পারেন।

-তুমিই আমাদের প্রভু, তুমিই আমাদের স্বাধীনতার উৎস। যারা মানসিক বা শারীরিক বন্দিদশায় ভুগছে, তাদের ঈশ্বরসন্তানদের যোগ্য স্বাধীনতা দান কর।

-যে সকল ব্যক্তি বার্ধক্যে পদার্পণ করেছেন, তাঁদের ধৈর্য ও সহিষ্ণুতা মঞ্জুর কর; তাঁদের ভালবাসা ও ধীশক্তি গ্রহণের জন্য যুবক-যুবতীদের হৃদয়দুয়ার খুলে দাও।

-আমাদের আত্মীয়স্বজনদের উপর সদয় দৃষ্টিপাত কর। পারিবারিক ও অধ্যাত্ম জীবনে উন্নতি সাধন করতে তাঁদের সহায়তা কর।

-যাঁরা মৃত্যুবরণ করেছেন, তোমার শাশ্বত রাজ্যে তাঁদের গ্রহণ কর। আমাদেরও আশা, তোমার সঙ্গে ঐশরাজ্যে চিরকালের মত রাজত্ব করব।

২য় সপ্তাহ

যিনি আমাদের দিশারী পালক, যিনি আপন মণ্ডলীকে ভালবাসেন ও রক্ষা করেন, আসুন, ঐশউপাসনায় সম্মিলিত হয়ে আমরা সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার জনগণকে রক্ষা কর।

-হে সনাতন মেষপালক, আমাদের বিশপ ... ও মণ্ডলীর সকল বিশপকে রক্ষা কর।

-আমাদের অত্যাচারিত ও নির্যাতিত ভাইবোনদের প্রতি সদয় দৃষ্টিপাত কর; তাদের দুর্দশা থেকে অবিলম্বে তাদের মুক্ত কর।

-বিশ্বের সকল অভাবগ্রস্তদের প্রয়োজন মেটাও; কেউই যেন খাদ্য, আশ্রয় বা কাজের অভাবে কষ্টভোগ না করে।

-তোমার পরম প্রজ্ঞায় বিধানকর্তাদের উদ্বুদ্ধ কর, তাঁরা যেন সার্বিক ন্যায় ও কল্যাণের কথা সামনে রেখে উচিত বিধিনিয়ম জারি করেন।

-যাঁদের তোমার আপন রক্তমূল্যে পাপমুক্ত করেছ, সেই সকল মৃত ভক্তদের তোমার শাশ্বত মিলন-ভোজে গ্রহণ কর।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন জনগণকে আশার ভিত্তির উপরে গেঁথে তুলেছেন, আসুন, কৃতজ্ঞচিত্তে সেই ঈশ্বরের প্রশংসাবাদ করি:

তুমিই আমাদের আশা, প্রভু!

-তোমার আপন পুত্রকে আমাদের দান করায় তুমি তোমার নিজের বাণী ও প্রজ্ঞার ঐশ্বর্যে আমাদের পরিপূর্ণ করেছ। তোমাকে ধন্যবাদ জানাই।

-তোমারই হাতে প্রতিটি মানুষের অন্তর: সমাজনেতাদের উদ্বুদ্ধ কর, তাঁরা যেন তোমার ইচ্ছা অনুসারেই জনগণের সেবা করতে পারেন।

-প্রতিটি মানুষকে তুমি নানা গুণে শ্রীমন্ডিত করেছ। সকলে যেন তোমার দেওয়া গুণ অনুসারে মানবসেবায় আত্মনিয়োজিত থাকে।

-তুমি ন্যায়শীল, তুমি তো চাও না মানুষ তার শক্তির ঊর্ধ্বে পরীক্ষিত হবে। দুর্বলকে শক্তি দাও, পতনোন্মুখকে সুস্থির কর, পতিতের অন্তরে নব প্রাণ সঞ্চার কর।

-তোমার পুত্র সেই খ্রীষ্টে আমাদের অন্তিমকালীন পুনরুত্থানের নিশ্চয়তা দিয়েছ। আমাদের মৃত ভাইবোনদের তোমার গৃহে গ্রহণ কর।

৪র্থ সপ্তাহ
যিনি তাঁর আপন জনগণের শক্তি, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে অনুনয় করি :

তোমার মহাপ্রেমে, প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তুমি দৃঢ়তার অফুরন্ত উৎস ; এ দুর্যোগময় জীবনে আমাদের বিশ্বাস স্থিতমূল করে রাখ।

-বিধানকর্তা ও সমাজনেতাদের তোমার আত্মার আলোতে আলোকিত ও চালিত কর, তাঁরা যেন ন্যায় ও শান্তি প্রতিষ্ঠায় সদা সচেষ্ট থাকতে পারেন।

-প্রান্তরে তুমি বিপুল জনতার ক্ষুধা মিটিয়েছিলে ; শিক্ষাদান কর, আমরাও যেন অভাবগ্রস্তদের সঙ্গে আমাদের নিজেদের ঐশ্বর্যের সহভাগিতা করতে পারি।

-রাজনৈতিক নেতাগণ যেন স্বার্থপর না হন, এজন্য তুমি তাঁদের মন উদার কর, তাঁরা যেন বিশ্বমানবসমাজের উন্নততর কল্যাণ সাধনে ব্রতী হতে পারেন।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে সর্বশক্তিমান প্রভু ঈশ্বর, দিনের শেষে এই সন্ধ্যাবেলায় তুমি আমাদের সুন্দরভাবে একত্রিত করেছ : তোমাকে ধন্যবাদ জানাই। অনুনয় করি তোমায় : দু'হাত তুলে আমরা যে প্রার্থনা করছি, তা যেন তোমার দৃষ্টিতে গ্রহণযোগ্য নৈবেদ্য হয়।

২য় সপ্তাহ : হে প্রভু ঈশ্বর, দিনও তোমার, রাতও তোমার ; ধর্মময়তার সূর্য যীশু খ্রীষ্ট আমাদের অন্তরে অনুক্ষণ উপস্থিত থাকুন, আমরা যেন তোমার আপন আবাসে, সেই জ্যোতির্লোকে গিয়ে পৌঁছতে পারি।

৩য় সপ্তাহ : হে করুণাময় প্রভু, আমাদের সন্ধ্যাকালীন অর্ঘ্য তোমার কাছে আরোহণ করুক, আমাদের উপর অবতীর্ণ হোক তোমার আশীর্বাদ, আমরা যেন তোমার নিত্য সহায়তায় এখন ও চিরকাল তোমার পরিত্রাণ লাভে ধন্য হতে পারি।

৪র্থ সপ্তাহ : হে প্রভু, তোমার সম্মুখে একত্রিত হয়ে আমরা তোমার প্রসন্নতা প্রার্থনা করি : যে প্রশংসাগান আমাদের ওষ্ঠ নিবেদন করছে, তা যেন আমাদের অন্তরে নিত্য ধ্বনিত থাকে।

বুধবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। বিশ্বের শক্তিমান নির্মাতা,
তাকাও মোদের দিকে,
মোদের মুক্ত কর তুমি
মোহমায়া থেকে।

২। তোমায়, খ্রীষ্ট, পূজা করতে
উঠলাম এ প্রভাতে:
শুধু তুমিই পাপ থেকে
পার সামলাতে।

৩। নবীর নির্দেশমত মোরা
ভোরে দু'হাত তুলে
তব ধ্যানে সজাগ থাকি
আন্তর চক্ষু খুলে।

৪। মোদের হৃদে যত মন্দ,
দেখ, করি প্রকাশ।
মন্দ দে'খে অশ্রুও দেখ!
পুণ্য কর বিকাশ।

৫। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মিনতি;
পিতা ও পরমাত্মার সঙ্গে
গ্রহণ কর স্তুতি। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। পরম প্রজ্ঞা খ্রীষ্ট প্রভু,
তোমায় নমস্কার!
তুমি মোদের অন্তর্যামী,
কৃপা কর হে।

২। উত্তম পালক দয়াল যীশু,
তব জয় হোক!
মেষ এই মোদের চারণমাঠে
নিয়ে চল হে।

৩। শেষ দিবসের বিচারকর্তা,
তোমাকে প্রণাম!
বিচার নয়, পুরস্কার
প্রদান কর হে।

৪। সর্বজাতির মুক্তিদাতা,
তব করি স্তব।
বিশ্বরাজা রূপে তুমি
চিরধন্য হে। (১৩শ শতাব্দী)

১ম পর্ব

বিজোড় সপ্তাহ ℣ তাঁর মুখ থেকে তেমন মধুর কথা শুনে
℟ সকলে আশ্চর্য হয়ে যেত।

জোড় সপ্তাহ ℣ তোমার বাণী ফুটেই আলো দান করে,
℟ সরলমনাকে সুবুদ্ধি দান করে।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ ℣ প্রভু, আমার প্রাণ আশা রাখে,
℟ আমি তোমার বাণীর প্রত্যাশায় আছি।

জোড় সপ্তাহ ℣ তোমার আদেশমালার পথে আমাকে উদ্বুদ্ধ কর, প্রভু,
℟ তবে ধ্যান করব তোমার আশ্চর্য কর্মকীর্তির কথা।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি:

প্রভু, দয়া কর। — খ্রীষ্ট, দয়া কর।
শক্তির আধার, পিতা পরমেশ্বর, — আমাদের প্রতি দয়া কর।
বিশ্বস্রষ্টা, পুত্র পরমেশ্বর, — ”
শান্তির বন্ধন, আত্মা পরমেশ্বর, — ”

প্রেরিতদূতদের রানী, ধন্যা মারীয়া, — আমাদের মঙ্গল প্রার্থনা কর।
সাধু পিতর ও পল, — ”
সাধু ফ্রান্সিস জেভিয়ার, — ”
ধর্মপ্রচারকদের স্বর্গীয় প্রতিপালিকা সাধ্বী তেরেজা, — ”
সাধু ··· (কিংবা সাধ্বী ···) — ”

সমাপন প্রার্থনা : রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। দূরে যেয়ো ঘন তমস,
বিলীন হও জড় যম;
নবদিনের আলোর আভাস,
জীবনস্বামী খ্রীষ্টের উদ্ভাস।

২। সূর্যের কিরণ বর্শার মত
করল বিদ্ধ রাত্রির মোহ;
রঙচঙ হয়ে উঠল বিশ্ব
জ্বলজ্বল রবির দেখে দৃশ্য।

৩। মোদের হৃদির অন্ধকার
হঠাৎ ঘুচে যায় যেন;
গুহা থেকে ফুটবে তখন
বিশ্বরাজার গুণজপন।

৪। তোমায়, খ্রীষ্ট, মাত্র চিনি,
তোমায় মাত্র সরল মনে
কাঁদে গানে ডাকি মোরা:
দোহাই তোমার, দিও সাড়া।

৫। কত ত্রুটি, গোপন ব্যাধি
তব জ্যোতি-স্পর্শেই সারে;
তুমিই স্বর্গের সত্য জ্যোতি,
মুখচন্দ্রের দেখাও দ্যুতি।

৬। ওগো যীশু, দয়াল রাজা,
পরম পিতা ও আত্মার সঙ্গে
তব গৌরব মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে। (প্রুদেন্তিউস † ৪০৫)

বাণী পাঠ

১ম সপ্তাহ — **তোবিত ৪:১৫,১৬,১৮,১৯**

যা তুমি চাও না তোমার প্রতি করা হোক, তুমিও তা কাউকে করো না। ক্ষুধার্তদের তোমার খাদ্য, এবং বস্ত্রহীনদের তোমার কাপড় দান কর। যে কোন সদ্বিবেচক লোকের কাছে পরামর্শ চেয়ে নাও। সবকিছুতেই প্রভু পরমেশ্বরকে বল ধন্য। তাই চাও তাঁর কাছে: তিনি যেন তোমার পথ সকল পরিচালনা করেন, যেন তোমার যত পথ ও সঙ্কল্প সফল করেন।

২য় সপ্তাহ — **রো ৮:৩৫,৩৭**

খ্রীষ্টের তেমন ভালবাসা থেকে কে আমাদের বিচ্ছিন্ন করতে পারবে? কোন ক্লেশ বা সঙ্কট, কিংবা নির্যাতন, ক্ষুধা বা বস্ত্রাভাব, কিংবা কোন বিপদ, কোন তলোয়ার কি তা করতে পারবে? কিন্তু যিনি আমাদের ভালবেসেছেন, তাঁরই দ্বারা আমরা ওইসব কিছুতে বিজয়ীর চেয়েও অধিক বিজয়ী হই।

৩য় সপ্তাহ — **যোব ১:২১;২:১০খ**

আমি মাতৃগর্ভ থেকে উলঙ্গ হয়ে বেরিয়ে এসেছি, উলঙ্গ হয়ে সেখানে ফিরে যাব। প্রভু দিয়েছেন, প্রভু ফিরিয়ে

নিয়েছেন; প্রভুর যেমন ভাল লাগল ঠিক তাই ঘটেছে: ধন্য প্রভুর নাম! আমরা পরমেশ্বরের হাত থেকে কি মঙ্গলই গ্রহণ করব, কিন্তু অমঙ্গল গ্রহণ করব না?

৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ৪:৩৯-৪০ক**

আজ জেনে নাও, হৃদয়ে এই কথা গেঁথে রাখ যে, ঊর্ধ্বে সেই স্বর্গে ও নিম্নে এই মর্তে প্রভুই তো পরমেশ্বর, অন্য কেউ নয়। তাই আমি আজ তাঁর যে সকল বিধি ও আজ্ঞা তোমাকে দিলাম, তা পালন কর।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

প্র তোমার নির্দেশমালার দিকে, প্রভু, * নত কর আমার হৃদয়।

উ তোমার নির্দেশমালার দিকে, প্রভু, * নত কর আমার হৃদয়।

প্র তোমার পথে আমাকে সঞ্জীবিত কর।

উ নত কর আমার হৃদয়।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ তোমার নির্দেশমালার দিকে, প্রভু, * নত কর আমার হৃদয়।

২য়, ৪র্থ সপ্তাহ

প্র সর্বদাই আমি * প্রভুকে বলব ধন্য।

উ সর্বদাই আমি * প্রভুকে বলব ধন্য।

প্র নিয়তই আমার মুখে তাঁর প্রশংসাবাদ;

উ প্রভুকে বলব ধন্য।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ সর্বদাই আমি * প্রভুকে বলব ধন্য।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: দেখাও, প্রভু, * তোমার দয়া;
তোমার পবিত্র সন্ধির কথা স্মরণে রেখ।

জোড় সপ্তাহ: এসো, * পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে
প্রভুর সেবা করি আমাদের সমস্ত দিন।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি আমাদের তাঁর আপন ভাইবোন বলে পরিচয় দিতে লজ্জা করেননি, বরং পবিত্র আত্মা দানে আমাদের পবিত্র করে তুলেছেন, আসুন, ধন্যবাদ জানিয়ে সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি:

ধন্য যীশুখ্রীষ্ট!

-পুনরুত্থিতদের নবজীবনে জীবনযাপন করতে আমাদের সাহায্য কর, মানুষ যেন আমাদের মাধ্যমে তোমার প্রেমের অভিজ্ঞতা লাভ করতে পারে।

-তোমার ভালবাসার প্রমাণস্বরূপ তুমি আমাদের জন্য নব নব দিনের সূচনা কর। নতুন দিনের সঙ্গে আমাদের মন ও আত্মাও নবীন করে তোল।

-আমাদের জীবনে যা কিছু করি না কেন, তোমার আগে যেন কোন কিছুকেই স্থান না দিই, সবকিছুতে বরং যেন তোমাকেই প্রাধান্য দিই।

-তুমি বাধ্যতার আদর্শ। স্ব-ইচ্ছায় বাধ্যতা পালন করতে আমাদের শেখাও, যেন অন্তরেও অসন্তোষ না রেখে বরং প্রফুল্লচিত্তে বাধ্য হয়ে তোমার প্রসন্নতা লাভ করতে পারি।

-সকলের মধ্যে তোমাকে দেখতে প্রেরণা দান কর। যারা দুঃখকষ্টে ভুগছে, বিশেষভাবে তাদেরই মধ্যে তোমার

সন্ধান পেতে আমাদের সাহায্য কর।

২য় সপ্তাহ

যিনি যুগ যুগান্তরব্যাপী প্রতিদিন আমাদের সঙ্গে থাকবেন বলে প্রতিশ্রুত হয়েছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে বিনীত প্রার্থনা অর্পণ করি :

আমাদের সঙ্গে সঙ্গে থাক, প্রভু!

-এদিনে আমাদের সঙ্গে থাক, প্রভু; আমাদের অন্তর থেকে যেন কখনও তোমার অনুগ্রহের সূর্য অস্ত না যায়।

-আমাদের এদিনের কাজকর্ম ও যত মর্মবেদনা তোমার কাছে অর্পণ করি। প্রতিজ্ঞা করি: নির্মল অন্তরেই তোমার নিত্য সেবায় রত থাকব।

-আমাদের জীবনকাল তোমার প্রেমের দান বলেই অতিবাহিত করতে চাই, যেন তোমার অনুগ্রহে পৃথিবীর লবণ ও জগতের আলো হতে পারি।

-তোমার আত্মা আমাদের চিন্তা ও কথা সকল অনুপ্রাণিত করুন, আমরা যেন তোমার প্রেমের আশ্রয়ে তোমার গুণকীর্তনে এদিন যাপন করতে পারি।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন মণ্ডলীর জন্য জীবনদান করেছেন, আসুন, এ প্রভাতী বন্দনায় একত্রিত হয়ে মণ্ডলীর উত্তম পালক সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি :

হে প্রভু, তোমার মন্ডলীকে রক্ষা কর।

-যে আলো, যে জীবন তুমি আজ আমাদের দান কর, তার জন্য তোমাকে ধন্যবাদ জানাই; আমরা যেন আনন্দ ও কৃতজ্ঞতার সঙ্গে তোমার দানগুলি গ্রহণ করতে পারি।

-তোমার নিজের নামে যাদের একত্রিত করেছ, সেই জনগণের উপর সদয় দৃষ্টিপাত কর; পরম পিতা তোমার হাতে যাদের ন্যস্ত করেছেন, তাদের কেউই যেন বিনাশ পথে না পড়ে।

-তোমার বিধান পথে তোমার ভক্তমন্ডলীকে চালিত কর; তোমার আত্মার প্রেরণায় মণ্ডলী যেন তোমার ইচ্ছা পালনে সদা নিষ্ঠাবান থাকে।

-তোমার জনগণকে ঐশবাণী ও অনন্ত জীবনের রুটি ভোজনে পরিপুষ্ট কর, তারা এ খাদ্যগ্রহণে বলীয়ান হয়ে উঠে যেন তোমার গৌরবময় পর্বতের দিকে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে পারে।

৪র্থ সপ্তাহ

যিনি আমাদের মাঝে উপস্থিত হয়ে তাঁর আপন বাণীর আলোতে আমাদের আলোকিত করেন, আসুন, পিতার মহিমার দীপ্তি সেই খ্রীষ্টের কাছে ভরসাভরে প্রার্থনা নিবেদন করি :

হে গৌরবের রাজা, আমাদের প্রার্থনা শোন।

-তুমি পাপময় অন্ধকার থেকে তোমার রাজ্যের আলোতে আমাদের আহ্বান করেছ বলে আমরা তোমাকে ধন্যবাদ জানাই। আমাদের মধ্যে যে কাজ তুমি শুরু করেছ, সেই কাজ সম্পন্ন করে বিশ্বাসের পূর্ণতায় আমাদের চালিত কর।

-তুমি যেমন একসময়ে অন্ধের চোখ খুলে দিতে ও বধিরের কান উন্মুক্ত করতে, আজও তেমনি আমাদের অবিশ্বাস নিরাময় কর।

-তোমার প্রেমের আশ্রয়ে আমাদের রক্ষা কর, কোন বিচ্ছেদ যেন আমাদের একতা ধ্বংস করতে না পারে।

-প্রলোভনের সময়ে শক্তি, ও পরীক্ষার দিনে স্থৈর্য্য দান কর; তোমার আশীর্বাদে আমরা যেন মঙ্গল অবস্থায় তোমার প্রতি কৃতজ্ঞতা জানাই।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে আমাদের পরিত্রাণের প্রভু, দীক্ষাস্নানের মাধ্যমে তুমি কৃপা করে আমাদের আলোর সন্তান করে

তুলেছ। অনুনয় করি তোমায়: আমরা সকল মানুষের সামনে তোমার সাক্ষীরূপে দাঁড়াবার জন্য যেন সর্বদা এই আলোতে চলতে থাকি এবং সত্যের পক্ষে কাজ করতে পারি।

২য় সপ্তাহ: হে প্রভু, আমাদের অন্তরে তোমার আলোর প্রভা সঞ্চার কর, আমরা যেন যত ভুলভ্রান্তি এড়িয়ে তোমার আজ্ঞা-পথে এগিয়ে চলতে পারি।

৩য় সপ্তাহ: হে প্রভু, তোমার পরম প্রজ্ঞায় তুমি আমাদের সৃষ্টি করেছ ও তোমার সহায়তা দানে আমাদের প্রতিপালন করে থাক। অনুনয় করি তোমায়: আমাদের মন তোমার পবিত্র আত্মার আলোতে ভরিয়ে তোল, আমরা যেন তোমার প্রতি নিত্যই বিশ্বস্ত থাকতে পারি।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, স্মরণে রাখ তোমার পবিত্র সন্ধি যা মেষশাবক খ্রীষ্টের রক্ত পুনঃপ্রতিষ্ঠিত করেছে। তোমার আশীর্বাদে তোমার জনগণ যেন পাপের ক্ষমা পায় এবং পরিত্রাণের পথে দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলতে পারে।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

হৃদির গোপন গুহার মাঝে; পৃঃ ৪২৪, কিংবা:

১। তৃতীয় ঘণ্টা পালন ক'রে,
এসো, নত শিরে
পরম পিতার গুণকীর্তন
করি সমস্বরে।

২। এ সময়ে আত্মা নামলেন
প্রেরিতদূতদের হৃদে:
তিনি মোদের পরিণত
করুন আপন গৃহে।

৩। তাঁরই প্রভায় উদ্দীপিত
হবে বিশ্বের গতি,
সর্বজাতি দেখতে পাবে
স্বর্গরাজ্যের জ্যোতি।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর।

বাণী পাঠ (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

১ম সপ্তাহ **১ পি ১:১৩-১৪**

তোমরা কাজের জন্য নিজ নিজ মন প্রস্তুত করে মিতাচারী হও, একান্তভাবে প্রত্যাশা রাখ সেই অনুগ্রহে যা যীশুখ্রীষ্টের আত্মপ্রকাশে তোমাদের দেওয়া হবে। বাধ্যতার সন্তানের মত তোমরা তোমাদের আগেকার অজ্ঞতার কামনা-বাসনা অনুসারে আর চলো না।

প্র আমাকে চিনিয়ে দাও তোমার পথসকল, প্রভু;
উ আমাকে শিখিয়ে দাও তোমার পন্থাসকল।

২য় সপ্তাহ **দ্বিঃবিঃ ১:১৬-১৭ক**

সেসময় আমি তোমাদের বিচারকদের এই আজ্ঞা দিয়েছিলাম: তোমরা তোমাদের ভাইদের কথা শুনে বাদী ও তার ভাইয়ের বা সহবাসী বিদেশীর মধ্যে বিচার সম্পাদন কর। বিচারে কারও পক্ষপাত না করে তোমরা ছোট বড় উভয়েরই কথা শুনবে; মানুষের মুখ দেখে তোমরা ভয় করবে না, কেননা পরমেশ্বরেরই তো বিচার।

প্র প্রভু ধর্মময়, তিনি ধর্মময়তা ভালবাসেন,
উ ন্যায়নিষ্ঠ মানুষই পাবে তাঁর শ্রীমুখের দর্শন।

৩য় সপ্তাহ **১ করি ১৩:৪-৭**

ভালবাসা সহিষ্ণু, মধুর তো ভালবাসা; ভালবাসা ঈর্ষা করে না, বড়াই করে না, গর্বে স্ফীত হয় না, রুক্ষ হয় না, স্বার্থপর নয়, বদমেজাজী নয়, পরের অপকার ধরে না, অধর্মে আনন্দ পায় না, বরং সত্যকে নিয়েই তার আনন্দ; ভালবাসা সবই ক্ষমা করে, সবই বিশ্বাস করে, সবই আশা করে, সবই ধৈর্যের সঙ্গে সহ্য করে।

প্র তোমার সকল অন্বেষী, প্রভু, মেতে উঠুক, তোমাতে আনন্দ করুক;

℟ তারা অনুক্ষণ বলে উঠুক, 'প্রভু মহান!'

৪র্থ সপ্তাহ **১ করি ১০:২৪,৩১**

কেউই যেন নিজের নয়, পরেরই মঙ্গলের জন্য সচেষ্ট থাকে। সুতরাং তোমরা আহার কর, পান কর বা যাই কর, সবই কর ঈশ্বরের গৌরবের জন্য।

℣ প্রভুর স্তুতিগান গাওয়া কত সুন্দর,

℟ হে পরাৎপর, তোমার নামগান করা কতই না সুন্দর।

সমাপন প্রার্থনা

হে প্রভু, হে পরম পিতা, বিশ্বস্ত পরমেশ্বর, পাপের দরুন বিক্ষিপ্ত যত মানুষকে একত্রিত করার জন্য তুমি প্রতিশ্রুত আত্মাকে পাঠিয়েছিলে। আশীর্বাদ কর, আমরা যেন মানবসমাজের মধ্যে একতা ও শান্তি ছড়িয়ে দিতে পারি।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

ঋতুচক্রের সৎ নিয়ন্তা; পৃঃ ৪২৫, কিংবা:

১। ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে:
'কর প্রভুর স্তুতি!'
এসো তবে, ভক্তিভরে
'জয়' গেয়ে উঠি।

২। এ সময়ে সেই মেষশাবক
নির্মল বলিরূপে
বিশ্বপরিত্রাণের জন্য
প্রাণকে দিলেন সঁপে।

৩। তাঁরই গৌরব অতি উজ্জ্বল:
সূর্যও আচ্ছাদিত;
সেই গৌরবে তিনি মোদের
করুন আলোকিত।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর।

বাণী পাঠ (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

১ম সপ্তাহ **১ পি ১:১৫-১৬**

যিনি তোমাদের আহ্বান করেন, সেই পবিত্রজনের আদর্শ অনুসারে তোমরাও তোমাদের জীবনাচরণে পবিত্র হও। কারণ লেখা আছে: 'তোমরা পবিত্র হও, কারণ আমি নিজে পবিত্র।'

℣ তোমার যাজকেরা ধর্মময়তায় পরিবৃত হোক;

℟ তোমার ভক্তরা সানন্দে চিৎকার করুক।

২য় সপ্তাহ **ইসা ৫৫:৮-৯**

আমার সঙ্কল্পসকল ও তোমাদের সঙ্কল্পসকল এক নয়, তোমাদের পথসকল ও আমার পথসকল এক নয়—প্রভুর উক্তি। পৃথিবী থেকে আকাশমণ্ডল যত উঁচু, তোমাদের পথ থেকে আমার পথ, তোমাদের সঙ্কল্প থেকে আমার সঙ্কল্প তত উঁচু।

℣ কেইবা তোমার মত, প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর?

℟ শক্তিমান তুমি, প্রভু; তোমার বিশ্বস্ততা চারদিকে তোমায় ঘিরে।

৩য় সপ্তাহ **১ করি ১৩:৮-৯,১৩**

ভালবাসার কখনও শেষ হবে না। নবীয় বাণীর কথা ধরি, তা লোপ পাবে; নানা ভাষার কথা ধরি, তা শেষ হয়ে যাবে; জ্ঞানের কথা ধরি, তা লোপ পাবে। কারণ আমাদের জানাটা অসম্পূর্ণ, আমাদের নবীয় বাণী দেওয়াটাও অসম্পূর্ণ। তবে এখন তিনটে জিনিস থেকে যাচ্ছে—বিশ্বাস, আশা ও ভালবাসা; এগুলির মধ্যে ভালবাসাই শ্রেষ্ঠ।

℣ আমাদের উপর বিরাজ করুক তোমার কৃপা, প্রভু,
℟ আমরা যে তোমার প্রত্যাশায় আছি।

৪র্থ সপ্তাহ **কল ৩:১৭**

কথায় বা কাজে তোমরা যা কিছু কর, সবই যেন প্রভু যীশুর নামেই হয়—তাঁর মধ্য দিয়ে পিতা ঈশ্বরের কাছে ধন্যবাদ-স্তুতি স্বরূপ।

℣ তোমার উদ্দেশে, প্রভু, ধন্যবাদ-বলি উৎসর্গ ক'রে
℟ আমি করব প্রভুর নাম।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান করুণাময় ঈশ্বর, তুমি তো মধ্যাহ্নে কিছুকালের মত আমাদের বিশ্রাম করতে দাও। যে যে কাজ আমরা শুরু করেছি, তুমি তা প্রসন্ন চোখে দেখ; যত দোষত্রুটি মার্জনা কর। আশীর্বাদ কর, আমরা যেন আমাদের কাজকর্মে তোমার ইচ্ছা অনুযায়ী ফল দেখাতে পারি।

অপরাহ্ন প্রহর

স্তোত্র

বিশ্বসৃষ্টির পরম নির্ভর; পৃঃ ৪২৬, কিংবা:

১। নবম ঘণ্টায়, এসো, করি
প্রভুর জয়গান;
পরম ত্রিত্বের কাছে অর্পণ
করি অন্তর-প্রাণ।

২। এ সময়ে সাধু পিতর
যেমন মন্দির-পানে
গেলেন প্রভুর পূজা করতে
জয়-স্তুতিগানে,

৩। মোরাও তেমনি, এসো, করি
প্রভুর নাম-স্মরণ,
এসো, সবে মিলে করি
খ্রীষ্টের অনুসরণ।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর।

বাণী পাঠ (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

১ম সপ্তাহ **যাকোব ৪:৭-৮ক,১০**

তোমরা ঈশ্বরের প্রতি বাধ্য হও; শয়তানকে প্রতিরোধ কর, তবে সে তোমাদের কাছ থেকে দূরে পালাবে। তোমরা ঈশ্বরের কাছে এসো, তিনিও তোমাদের কাছে কাছে আসবেন। প্রভুর সম্মুখে নিজেদের নমিত কর, আর তিনি তোমাদের উন্নীত করবেন।

℣ প্রভুর দৃষ্টি তাদেরই প্রতি, যারা তাঁকে ভয় করে;
℟ যারা তাঁর কৃপার প্রত্যাশায় থাকে।

২য় সপ্তাহ **১ সামু ১৬:৭**

প্রভু একথা বলছেন: তুমি কারও চেহারা বা উচ্চতার দিকে তাকিয়ে থেকো না, কারণ আমি ওকে প্রত্যাখ্যান করেছি; মানুষ যা লক্ষ করে, আমি তা লক্ষ করি না; মানুষ তো বাইরের চেহারার দিকে তাকায়, প্রভু কিন্তু হৃদয়েরই দিকে তাকান।

℣ আমায় তলিয়ে দেখ গো ঈশ্বর, জেনে নাও আমার অন্তর,
℟ আমায় চালনা কর সনাতন পথে।

৩য় সপ্তাহ **কল ৩:১৪-১৫**

সমস্ত কিছুর উপরে ভালবাসাকেই পরিধান কর, কারণ ভালবাসাই পরম সিদ্ধির বন্ধন। এবং খ্রীষ্টের শান্তি তোমাদের হৃদয়ে রাজত্ব করুক; কেননা এই উদ্দেশ্যেই তোমরা একদেহে আহূত হয়েছ। তোমরা সর্বদাই কৃতজ্ঞ

হয়ে থেকো।

৺ বিনম্রেরা পাবে দেশের উত্তরাধিকার,

ট্‌ তারা করবে মহাশান্তি উপভোগ।

৪র্থ সপ্তাহ **কল ৩:২৩-২৪**

তোমরা যা কিছু কর না কেন, মনপ্রাণ দিয়ে প্রভুরই জন্য তা কর, মানুষের জন্য নয়, একথা জেনে যে, প্রভুর কাছ থেকে তোমরা মজুরি হিসাবে সেই উত্তরাধিকার পাবে। খ্রীষ্টই সেই প্রভু যাঁর সেবায় তোমরা নিযুক্ত।

৺ প্রভুই আমার স্বত্বাংশ, আমার পানপাত্র,

ট্‌ তোমার হাতেই আমার নিয়তির ভার।

সমাপন প্রার্থনা

হে প্রভু যীশুখ্রীষ্ট, মানুষের পরিত্রাণের জন্য তুমি দু'হাত ক্রুশে প্রসারিত করেছিলে। অনুনয় করি তোমায়: আমাদের কাজকর্ম তোমার গ্রহণীয় হোক, জগতের মাঝে তোমার মুক্তিকর্মের সাক্ষ্য বহন করুক।

সন্ধ্যারতি

স্তোত্র

১। গগনতলের মহাপ্রভু,
পৃথ্বীর সকল স্থানের জন্য
আলো দিলে তুমি ভিন্ন:
সৃষ্টিকাজের চতুর্থ দিবস।

২। ঈশ্বরের কী কারুকার্য:
সূর্যের অগ্নিময় চক্র,
চন্দ্রের কোমল মুখমণ্ডল,
গ্রহ-তারার মণিমণ্ডন।

৩। তুমি সত্যি উপকর্তা:
তীর্থযাত্রীর রাত্রি-পন্থা,
বছর ঋতু দিনের সীমা,
জোয়ার-ভাঁটার সাগরলীলা।

৪। মোদের অন্তর কর দীপ্ত,
দণ্ড হতে কর মুক্ত,
মনের ত্রুটি কর মোচন,
পাপী মোরা: কর শোধন।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **যাকোব ১:২২,২৫**

তোমরা বাণীর সাধক হও, নিজেদের প্রবঞ্চনা করে শ্রোতামাত্র হয়ো না। যে কেউ মুক্তির সেই সিদ্ধ বিধানের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে সেইখানে অবিচল থাকে—ভুলে যাওয়ার শ্রোতা না হয়ে বরং তার সাধক হয়ে,—সে যা কিছু করে তাতে সুখী হবে।

২য় সপ্তাহ **১ পি ৫:৫ক-৭**

তোমরা সবাই পরস্পরের সেবায় বিনম্রতায় পরিবৃত হও, কারণ ঈশ্বর অহঙ্কারীদের প্রতিরোধ করেন, বিনম্রদের কিন্তু অনুগ্রহ দান করেন। তাই ঈশ্বরের পরাক্রান্ত বাহুর অধীনে নিজেদের নমিত রাখ, যেন যথাসময় তিনি তোমাদের উন্নীত করেন। তোমাদের সমস্ত ভাবনা-চিন্তার ভার তাঁর উপরেই ছেড়ে দাও, কারণ তিনি তোমাদের জন্য চিন্তা করেন।

৩য় সপ্তাহ **এফে ৩:২০-২১**

যে পরাক্রম আমাদের অন্তরে নিত্য ক্রিয়াশীল, সেই পরাক্রম অনুসারে যিনি আমাদের সমস্ত যাচনা ও ধারণার

চেয়েও অধিক বেশি কিছু আমাদের জন্য করতে পারেন, মণ্ডলীতে ও খ্রীষ্টযীশুতে তাঁর গৌরব হোক যুগে যুগান্তরে চিরদিন চিরকাল। আমেন।

৪র্থ সপ্তাহ **১ যোহন ২:৩-৬**

এতেই জানতে পারি যে আমরা খ্রীষ্টকে জেনেছি, আমরা যদি তাঁর আজ্ঞাগুলি পালন করি। যে বলে, 'আমি তাঁকে দেখেছি,' অথচ তাঁর আজ্ঞাগুলি পালন করে না, সে মিথ্যাবাদী, তার অন্তরে সত্য নেই। কিন্তু যে কেউ তাঁর বাণী পালন করে, ঈশ্বরের ভালবাসা তার অন্তরে সত্যি সিদ্ধি লাভ করেছে। এতেই জানতে পারি যে আমরা তাঁর মধ্যে আছি। যে বলে সে তাঁর মধ্যে বসবাস করছে, তাকেও সেইভাবে চলতে হয়, তিনি নিজে যেভাবে চললেন।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

প্র আমাকে মুক্ত কর, প্রভু, * আমাকে দয়া কর।

উ আমাকে মুক্ত কর, প্রভু, * আমাকে দয়া কর।

প্র আমার প্রাণ হরণ করো না কো পাপীদের সঙ্গে।

উ আমাকে দয়া কর।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ আমাকে মুক্ত কর, প্রভু, * আমাকে দয়া কর।

২য়, ৪র্থ সপ্তাহ

প্র আমাদের রক্ষা কর, প্রভু, * চোখের মণির মত।

উ আমাদের রক্ষা কর, প্রভু, * চোখের মণির মত।

প্র তোমার পক্ষ-ছায়ায় আমাদের লুকিয়ে রাখ

উ চোখের মণির মত।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ আমাদের রক্ষা কর, প্রভু, * চোখের মণির মত।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: আমার জন্য * মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান,
পবিত্রই তাঁর নাম।

জোড় সপ্তাহ: পরাক্রম * সাধন কর গো পরমেশ্বর তোমার বাহুবলে,
গর্বিতদের বিক্ষিপ্ত কর, বিনম্রদের উন্নীত কর।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি তাঁর আপন জাতির কাছে মুক্তি পাঠিয়ে অসীম ভালবাসায় তাদের ঘিরে রাখেন, আসুন, সেই পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, দেখাও তোমার করুণা।

-তোমার ভক্তমণ্ডলীর কথা স্মরণে রাখ; যত অমঙ্গল থেকে তাকে রক্ষা কর, সে যেন সবকিছুর ঊর্ধ্বে তোমাকেই ভালবাসতে পারে।

-সকল জাতির মানুষ যেন একমাত্র সত্যময় ঈশ্বর সেই তোমাকে, আর তোমার প্রেরিত পুত্র সেই যীশুখ্রীষ্টকে চিনতে পারে।

-আমাদের আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবদের সমৃদ্ধি ও শান্তি দান কর; তাঁরা মর্তে ও স্বর্গে তোমার আশীর্বাদের পাত্র হোন।

-যারা শ্রমে ও দুঃখে ভারাক্রান্ত, তাদের সান্ত্বনা দাও; গরিব ও অত্যাচারিতদের মর্যাদা রক্ষা কর।

-যাঁরা আজ মৃত্যুবরণ করেছেন, করুণা দেখিয়ে শান্তিরাজ্যে তাঁদের গ্রহণ কর।

২য় সপ্তাহ

যিনি মানবজাতির নিত্য কল্যাণ সাধনে আনন্দিত, আসুন, ভক্তিভরে আমাদের সেই পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, তোমার জনগণের অন্তর অনুগ্রহ ও শান্তি দানে পূর্ণ কর।

-সনাতন ঈশ্বর বলে তোমার কাছে হাজার বছর বিগত একটি দিনেরই মত; আশীর্বাদ কর, আমরা যেন একথা কখনও ভুলে না যাই যে, আমাদের জীবন মাঠের একটি ফুলের মত যা সকালে গজে উঠে সন্ধ্যায় ম্লান হয়।

-তোমার ভক্তদের কাছে তোমার মান্না খাদ্য দান কর, তারা যেন ক্ষুধায় না মরে; সেই জীবনময় জলও দান কর, তারা যেন অনির্বাণ তৃষ্ণায় তৃষিত না হয়।

-আমরা যেন কখনও খ্রীষ্টবিশ্বাস ও জীবনের খ্রীষ্টীয় মূল্যবোধ না হারাই; বরং শ্রমে বিশ্রামে আমাদের প্রতিটি মুহূর্ত যেন তোমার গৌরবার্থে উদ্‌যাপিত হয়।

-আমাদের দেশভূমি প্রচুর ফসল দানে আশিসধন্য কর, খাদ্যের অভাবে কেউ যেন কষ্টভোগ না করে।

-পরলোকগত খ্রীষ্টভক্তদের তোমার শ্রীমুখ দর্শনে আনন্দিত কর। তোমার কৃপায় আমরাও যেন একদিন তাঁদের সঙ্গে সাধুসাধ্বীদের গৌরবের সহভাগী হতে পারি।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন পুত্রকে জগৎত্রাতারূপে প্রেরণ করেছেন, আসুন, সেই পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, আমাদের পরিতৃপ্ত কর তোমার মঙ্গলদানে।

-অনাদিকাল থেকে তুমি তোমার রাজ্যের অংশীদার হতে আমাদের মনোনীত করেছ; আবার তোমার পুত্রের গৌরবের সহভাগী হতে আমাদের আহ্বান জানিয়েছ। তোমার এ অপার মঙ্গলময়তার জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-যারা তোমার পবিত্র নাম স্বীকার করে, তোমার আশীর্বাদে তারা যেন সত্য পালনে ও ভ্রাতৃপ্রেম সাধনে এক হতে পারে।

-সৃষ্টিকর্তার পুত্র হয়েও তোমার পুত্র নাজারেথে হাতের কাজ উপেক্ষা করেননি। শ্রম করে যারা জীবিকার্জন করে, তাদের সকলকে প্রচুর আশিসে ধন্য কর।

হে প্রভু, আমাদের পরিতৃপ্ত কর তোমার মঙ্গলদানে।

-ভ্রাতৃসেবায় ব্রতী যাঁরা, তাঁদের কথা স্মরণে রাখ, প্রতিকূলতার সম্মুখীন হয়ে তাঁরা যেন উৎসাহ হারিয়ে নিরাশায় না পড়েন।

-আমাদের নিদ্রাগত ভাইবোনদের জন্য প্রার্থনা করি; তোমার অপার স্নেহে তাঁদের সকলকে স্বর্গধামে গ্রহণ কর।

৪র্থ সপ্তাহ

যিনি সমগ্র বিশ্বচরাচরকে খ্রীষ্টে নিজের কাছে পুনর্মিলিত করেছেন, আসুন, এই সন্ধ্যালগ্নে আমরা সেই পরম পিতাকে ধন্যবাদ জানাই :

প্রভুর গৌরব হোক।

-তুমি তোমার পুত্রকে জগৎ বিচার করতে নয়, তার পরিত্রাণ সাধন করতেই পাঠিয়েছিলে। তাঁর ক্রুশীয় মৃত্যু গুণে আমরা যেন অনন্ত জীবন পেতে পারি।

-তুমি পুরোহিতবর্গকে খ্রীষ্টীয় সেবাকর্মে নিযুক্ত করেছ, তাঁরা যেন তোমার দিব্য দানগুলি বিতরণ করেন। তাঁদের অন্তরে বিশ্বস্ততা, জ্ঞান ও ভালবাসা সঞ্চার কর।

-যাঁদের তুমি স্বর্গরাজ্যের উদ্দেশে চিরকৌমার্য পালন করতে আহ্বান করেছ, তাঁদের সকলকে আশীর্বাদ কর, তাঁরা যেন উদার মনে তোমার পুত্র যীশুর অনুসরণ করতে পারেন।

-যাঁদের তুমি মাতাপিতা হতে আহ্বান করেছ, তাঁদের সকলের উপর সদয় দৃষ্টিপাত কর, তাঁরা যেন বিশ্বস্ত ভালবাসার ভিত্তিতেই তাঁদের দাম্পত্যজীবন গড়ে তুলতে পারেন।

-হে জীবনেশ্বর, যাঁরা তোমাতে আশা রেখে পরলোকে গিয়েছেন, তাঁদের তুমি কোলে তুলে নিয়ে অনন্ত স্বর্গীয় জীবনে জাগিয়ে তোল।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, আমাদের প্রার্থনা গ্রহণ করে নিশিদিন আমাদের রক্ষা কর, সংসারের চঞ্চল গতিধারা থেকে রেহাই পেয়ে আমরা যেন তোমার অবিচল প্রেমে স্থিতমূল আশ্রয় পেতে পারি।

২য় সপ্তাহ: হে প্রভু ঈশ্বর, তোমার নাম পবিত্র ও তোমার দয়া যুগযুগব্যাপী প্রশংসিত। তোমার জনগণের প্রার্থনা শুনে অবিরত তোমার মাহাত্ম্য ঘোষণা করার সুযোগ তাদের দান কর।

৩য় সপ্তাহ: হে করুণাময় প্রভু, তোমার প্রার্থনারত ভক্তমণ্ডলীর ডাক যেন তোমার স্বর্গীয় আবাসে গিয়ে পৌঁছতে পারে, তোমার ক্ষমা স্পর্শে আশান্বিত হয়ে তোমার জনগণ যেন ভক্তিভরে তোমার সেবা করে ও তোমার নিত্য সহায়তায় নিরাপদে জীবনযাপন করতে পারে।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, তোমার আপন দয়া স্মরণ ক'রে তোমার এ ক্ষুধার্ত ভক্তদের স্বর্গীয় মঙ্গলদানে পরিতৃপ্ত কর, তোমার এ নিঃস্ব দাসদের দিব্য ঐশ্বর্যদানে ধন্য কর।

বৃহস্পতিবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। ঘোর রাত্রি দূরে গেলেই
উষার আগমনে
রাখি মোদের ব্যাকুল যাচনা
তব শ্রীচরণে।

২। মোদের মন উদ্বুদ্ধ কর,
হোক পাপরাশির ধ্বংসন;
করব তব নিত্যান্বেষণ,
কৃপা কর বর্ষণ।

৩। তবে তমঃ হলে বিলীন,
আলোকিত প্রাণে
তব নাম ধন্য বলব
মোদের স্তুতিগানে।

৪। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মিনতি;
পিতা ও পরমাত্মার সঙ্গে
গ্রহণ কর স্তুতি। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। খ্রীষ্ট প্রভু, শ্রবণ কর
দাস ও দাসীদের মিনতি:
দূরে যেন রাখতে পারি
সংসারের মায়া।

২। যত অধর্ম, হিংসা, বিদ্বেষ
ধ্বংস করতে পারি যেন,
পুণ্যকর্মেই পারি যেন
করতে জয়লাভ।

৩। যত ঈর্ষা, ছলন, গর্ব
হৃদি থেকে দূরে রেখ;
উপড়ে ফেল কৃপণতা—
তা তো রিপুর মূল।

৪। মোদের করে রেখ শুচি,
সত্যবাদী, মঙ্গলকামী;
হৃদে নিত্য কর সঞ্চার
পুণ্য ভ্রাতৃপ্রেম।

৫। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মোদের মিনতি;

পিতা ও পরমাত্মার সঙ্গে
তব গৌরব হোক!   (৭ম শতাব্দী)

১ম পর্ব

বিজোড় সপ্তাহ ℟ হে প্রভু, খুলে দাও আমার চোখ,
℣ আমি যেন দৃষ্টি নিবদ্ধ রাখি তোমার বিধানের আশ্চর্য কর্মকীর্তির উপর।

জোড় সপ্তাহ ℟ তোমাতেই, প্রভু, জীবনের উৎস!
℣ তোমার আলোতেই আমরা দেখি আলো।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ ℟ প্রভু, আমরা আর কার্ কাছেই বা যাব?
℣ অনন্ত জীবনের কথা আপনার কাছেই রয়েছে।

জোড় সপ্তাহ ℟ তোমার দাসের উপর, প্রভু, শ্রীমুখ উজ্জ্বল করে তোল,
℣ আমাকে শিখিয়ে দাও তোমার বিধিকলাপ।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি:

প্রভু, দয়া কর।	খ্রীষ্ট, দয়া কর।
জীবনের উৎস, পিতা পরমেশ্বর,	আমাদের প্রতি দয়া কর।
পিতার প্রতিমূর্তি, পুত্র পরমেশ্বর,	”
মানবের সহায়ক, আত্মা পরমেশ্বর,	”
সন্ন্যাসীদের মাতা, ধন্যা মারীয়া,	আমাদের মঙ্গল প্রার্থনা কর।
সাধু আন্তনি ও পাখমিওস,	”
মহাপ্রাণ সাধু বাসিল,	”
আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট,	”
আসিসির সাধু ফ্রান্সিস,	”
স্বর্গীয় সন্ন্যাসীবৃন্দ,	”
সাধু … (কিংবা সাধ্বী …)	”

সমাপন প্রার্থনা: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। অগ্নিপ্রভ ওঠে সূর্য,
বল মানুষ, বল তুমি,
তেমন আলো-সাক্ষীর মুখে
কেইবা রাখবে পাপ বুকে?

২। বিলীন হয় অন্ধতমস,
মোদের যা সেই প্রথমকালে

৪। এই ভাবে কাটুক দিবস,
নয় জিহ্বা চক্ষু হস্ত
পুণ্যজীবন করুক নষ্ট,
দেহমনকে করুক ভ্রষ্ট।

৫। ঊর্ধ্বে আছেন সেই বিচারক:
ঊষা হতে সন্ধ্যাবধি

গেল টেনে মন ভুলিয়ে,
মরণপাপে চোখ বুজিয়ে।

৩। আন, সূর্য, মেঘমুক্তি,
দিও, জ্যোতি, মনে শক্তি;
মন্দ, এসো, করি বর্জন,
পুণ্য যত করি অর্জন।

মোদের চিন্তা কর্ম কথা
করেন লক্ষই তিনি সদা।

৬। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
তব গৌরব মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে। (প্রুদেন্তিউস † ৪০৫)

বাণী পাঠ

১ম সপ্তাহ

ইসা ৬৬:১-২

প্রভু একথা বলছেন: যখন স্বর্গ আমার সিংহাসন ও পৃথিবী আমার পাদপীঠ, তখন আমার জন্য তোমরা কোথায় গৃহ গেঁথে তুলবে? কিংবা কোথায় হবে আমার বিশ্রামস্থান? আমারই হাত কি এই সবকিছু গড়েনি? এসব কিছু কি আমারই নয়?—প্রভুর উক্তি! আমার চোখ কার্ দিকেই বা তাকায়, সেই বিনম্র ও চূর্ণ আত্মা মানুষের দিকেই ছাড়া, যে আমার বাণীতে কম্পিত হয়?

২য় সপ্তাহ

রো ১৪:১৭-১৯

ঈশ্বরের রাজ্য পানাহারের ব্যাপার নয়, বরং এমন ধর্মময়তা, শান্তি ও আনন্দ, যা পবিত্র আত্মারই দান। এভাবে যে খ্রীষ্টের সেবা করে, সে পায় ঈশ্বরের প্রসন্নতা ও মানুষের স্বীকৃতি। সুতরাং এসো, সেই ধরনেরই কাজে নিবিষ্ট থাকি, যা শান্তি এনে দেয় ও পরস্পরকে গেঁথে তোলে।

৩য় সপ্তাহ

১ পি ৪:১০-১১

তোমরা যে যেমন অনুগ্রহদান পেয়েছ, ঈশ্বরের বহুবিধ অনুগ্রহের উত্তম গৃহাধ্যক্ষের মত সেই অনুসারে পরস্পরের সেবা কর। যার কথা বলার, সে এমনভাবেই বলুক যেন ঈশ্বরের বাণী ব্যক্ত করে; যার সেবা করার, সে ঈশ্বরের দেওয়া শক্তি অনুসারেই সেবা করুক, যেন সবকিছুতে ঈশ্বর গৌরবান্বিত হন যীশুখ্রীষ্টের দ্বারা, যাঁরই গৌরব ও প্রতাপ যুগে যুগান্তরে। আমেন।

৪র্থ সপ্তাহ

রো ৮:১৮-২১

আমি মনে করি যে, আমাদের প্রতি যে গৌরব প্রকাশিত হবে বলে স্থিরীকৃত আছে, তার সঙ্গে এ বর্তমানকালের দুঃখকষ্ট তুলনার যোগ্য নয়। বিশ্বসৃষ্টি নিজেই তো ব্যাকুল প্রত্যাশা নিয়ে ঈশ্বরসন্তানদের [গৌরব] প্রকাশের প্রতীক্ষায় রয়েছে; কারণ বিশ্বসৃষ্টিকে অসারের হাতে তুলে দেওয়া হয়েছে—তার নিজের ইচ্ছায় নয়, বরং যিনি তা তুলে দিয়েছেন, তাঁরই ইচ্ছায়। আর বিশ্বসৃষ্টির প্রত্যাশা এই, সেও অবক্ষয়ের দাসত্ব থেকে মুক্ত হয়ে উঠবে ঈশ্বরসন্তানদের গৌরবময় স্বাধীনতায় অংশ নেবার জন্য।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

প্র সমস্ত হৃদয় দিয়ে তোমায় ডাকছি; * প্রভু, সাড়া দাও।
উ সমস্ত হৃদয় দিয়ে তোমায় ডাকছি; * প্রভু, সাড়া দাও।
প্র পালন করব তোমার বিধিসকল;
উ প্রভু, সাড়া দাও।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ সমস্ত হৃদয় দিয়ে তোমায় ডাকছি; * প্রভু, সাড়া দাও।

২য়, ৪র্থ সপ্তাহ

প্র রাতের প্রহরে প্রহরে, প্রভু, * আমি করি তোমার ধ্যান।
উ রাতের প্রহরে প্রহরে, প্রভু, * আমি করি তোমার ধ্যান।

℣ তুমি আমার সহায় হলে,
℟ আমি করি তোমার ধ্যান।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ রাতের প্রহরে প্রহরে, প্রভু, * আমি করি তোমার ধ্যান।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: এসো, * পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে প্রভুর সেবা করি;
আমাদের শত্রুদের হাত থেকে তিনি আমাদের নিস্তার করবেন।

জোড় সপ্তাহ: হে প্রভু, * তোমার জনগণকে জানিয়ে দাও
পাপমোচনে সাধিত পরিত্রাণের কথা।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি আমাদের নতুন দিনের আলো দান করেন, আসুন, সেই প্রভুর কাছে ধন্যবাদ জানিয়ে তাঁর আশীর্বাদ প্রার্থনা করি:

হে প্রভু, তোমার মণ্ডলীকে আশীর্বাদ কর।

-তুমি আমাদের পাপের জন্য নিজেকে বলিরূপে উৎসর্গ করেছ; আমাদের এদিনের সমস্ত কাজ ও সঙ্কল্পের অর্ঘ্য প্রসন্নতার সঙ্গে গ্রহণ কর।

-তুমি তো সৃষ্টিকাজের সৌন্দর্য দিয়ে আমাদের মন আনন্দিত কর; ধর্মময়তা ও সত্যের সূর্যরূপে তুমি নিজে আমাদের অন্তরে উদীয়মান হও।

-আমাদের হৃদয় উদার করে তোল, আমরা যেন তোমার মঙ্গলময়তার বিশ্বাসযোগ্য চিহ্ন হতে পারি।

-এদিনের শুরু থেকেই তোমার কৃপায় আমাদের অন্তর পরিতৃপ্ত কর; তোমার দেওয়া আনন্দ হোক আমাদের শক্তি।

২য় সপ্তাহ

যিনি আমাদের ভালবাসেন ও আমাদের প্রার্থনা শোনেন, আসুন, তাঁর সন্তান আমরা সেই পরম পিতা ঈশ্বরকে ডাকি:

হে প্রভু, আমাদের মন আলোকিত কর।

-তুমি আমাদের অন্তর পবিত্র আত্মার আলোতে আলোকিত করেছ বলে আমরা তোমার কাছে কৃতজ্ঞ। তোমার আশীর্বাদে আমরা যেন সারাদিন ধরে সেই আলোতে চলতে পারি।

-তোমার ঐশপ্রজ্ঞা আমাদের উদ্বুদ্ধ করুক, আমরা যেন জীবন-পথে এগিয়ে যেতে পারি।

-যত দুর্বিপাক সাহসের সঙ্গে অতিক্রম করতে আমাদের শেখাও, আমরা যেন উদার আত্মায় তোমার নিত্য সেবা করতে পারি।

-প্রেরণা দান কর, আমরা যেন তোমার ইচ্ছা অনুসারেই কাজ করতে পারি।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন জনগণকে পরিপুষ্ট করেন, চালিতও করেন, আসুন, সেই ঈশ্বরের কাছে ধন্যবাদ জানিয়ে প্রার্থনা করি:

তোমার গৌরব হোক।

-তোমার স্নেহ সৃষ্টিকাজে ও মানব মুক্তিকর্মেই উত্তমরূপে প্রকাশ পায়; তোমার এ অপার স্নেহের জন্য আমরা তোমাকে কৃতজ্ঞতা জানাই।

-এদিনের সূচনা থেকেই আমাদের অন্তর অনুপ্রাণিত কর, তোমার সেবায় রত থেকে আমরা যেন কথায়, কাজে ও

চিন্তায় তোমার পবিত্র নাম গৌরবান্বিত করতে পারি।

-সমস্ত কুচিন্তা দূর করে দিয়ে আমাদের হৃদয় পরিশুদ্ধ কর, আমরা যেন তোমার ইচ্ছা পালনে নিত্য নিষ্ঠাবান হয়ে থাকতে পারি।

-ভাইবোনদের প্রয়োজনীয়তার সহভাগী হবার জন্য আমাদের মন উদ্দীপিত কর, সকলের সঙ্গে দেখা-সাক্ষাৎ করে আমরা যেন উষ্ণ প্রেমের পরিচয় দিতে পারি।

৪র্থ সপ্তাহ
পরম পিতার ইচ্ছা, মানুষ যেন তাঁর প্রিয় পুত্রে তাঁকে দেখতে পায়। আসুন, আমরা তাঁকে পূজা করে বলি:

তোমার নামের পবিত্রতা প্রকাশিত হোক।

-খ্রীষ্ট আমাদের জন্য সুখবর বয়ে নিয়ে এসেছেন। সমগ্র বিশ্ব যেন এ সুখবর আমাদের দ্বারা শুনতে পেয়ে আশার পথ খুঁজে পায়।

-তোমার সাদৃশ্যে সৃষ্ট মানুষকে তুমি খ্রীষ্টে নবীভূত করেছ। পবিত্র আত্মার শক্তিগুণে আমরা যেন তোমার পুত্রের সাদৃশ্যে রূপান্তরিত হতে পারি।

-খ্রীষ্টের আগমন যেন মন্ডলীর নবায়ন এনে দিতে পারে, নবায়িত হয়ে মন্ডলী যেন মানুষের উত্তম সেবা করতে পারে।

-আমরা যেন নিষ্ঠার সঙ্গে বিনম্রতা সাধনা ক'রে ঈশ্বরপ্রেমে পৌঁছতে পারি; পবিত্র আত্মার সহায়তায় সেই ঐশপ্রেম যেন সকল সন্ন্যাসীর জীবনে প্রকাশ পেতে পারে।

-প্রতিটি অতিথির মধ্যে, বিশেষভাবে গরিব ও তীর্থযাত্রীদের মধ্যে আমরা যেন খ্রীষ্টকে দেখতে পাই এবং বিনম্রতা ও ভালবাসার সঙ্গে তাদের সেবাকর্মে নিজেদের নিয়োগ করতে পারি।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, আমরা সকাল, দুপুর ও সন্ধ্যায় তোমাকে পূজার অর্ঘ্য অর্পণ করি। আমাদের অন্তর থেকে দূর করে দাও যত পাপময় অন্ধকার, আমাদের নিয়ে যাও সত্যকার আলো সেই যীশুখ্রীষ্টের কাছে।

২য় সপ্তাহ: হে প্রভু, তোমাকে আলোর স্রষ্টা ও সত্যকার আলো বলে স্বীকার করে আমরা তোমার কাছে প্রার্থনা করি: যা কিছু পুণ্য-পবিত্র তা নিষ্ঠার সঙ্গে অনুধ্যান করে আমরা যেন তোমার দিব্য আলোতে পথ চলতে পারি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, যে সকল জাতির মানুষ এখনও মৃত্যু-ছায়ায় বসে আছে, তুমি তাদের উপর বিকিরণ কর তোমার সেই দিব্য আলো, যে আলোতে আমাদের দেখতে এসেছেন উর্ধ্ব থেকে উদীয়মান জ্যোতি আমাদের প্রভু যীশু খ্রীষ্ট।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, আমাদের মন উদ্বুদ্ধ কর আমরা যেন পরিত্রাণের মর্মসত্য অধিক গভীরতর ভাবে আঁকড়ে ধরতে পারি, এর ফলে আমাদের শত্রুদের হাত থেকে নিস্তার পেয়ে আমরা যেন নির্ভয়ে বিশ্বস্ততার সঙ্গে তোমার সেবা করতে পারি আমাদের জীবনের সমস্ত দিন ধরে।

পূর্বাহ্ন প্রহর

স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,

তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : তৃতীয় ঘণ্টা পালন ক'রে ; পৃঃ ৪৩৬।

বাণী পাঠ

১ম সপ্তাহ **আমোস ৪:১৩**

দেখ, যিনি পাহাড়পর্বতের নির্মাতা ও বায়ুর স্রষ্টা ; যিনি মানুষের কাছে তার চিন্তা-ভাবনা প্রকাশ করেন, উষা অন্ধকার দু'টোই গড়ে তোলেন ও পৃথিবীর উঁচুস্থানগুলির পথে পথে চলাচল করেন : প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর, এ-ই তাঁর নাম।

℣ প্রভুর নিখিল সৃষ্টি, বল : প্রভু ধন্য !
℟ তাঁর স্তবস্তুতি ও মহাবন্দনা কর চিরকাল।

২য় সপ্তাহ **গা ৫:১৩-১৪**

ভ্রাতৃগণ, তোমরা স্বাধীনতার জন্যই আহূত হয়েছ। শুধু দেখ, তেমন স্বাধীনতাকে মাংসের পক্ষে সুযোগ হিসাবে ব্যবহার করো না। বরং ভালবাসার মাধ্যমে পরস্পরের সেবা কর। কারণ সমগ্র বিধান এই একটা বচনেই পূর্ণতা লাভ করে, 'তোমার প্রতিবেশীকে তুমি নিজের মত ভালবাসবে।'

℣ আমি তোমার আজ্ঞাবলির পথে ছুটে চলি, প্রভু ;
℟ তুমি যে উদার করেছ আমার হৃদয়।

৩য় সপ্তাহ **প্রজ্ঞা ১৯:২২**

প্রভু, সর্বতভাবেই তুমি তোমার আপন জাতিকে মহিমান্বিত ও গৌরবমণ্ডিত করেছ, সর্বকালে সর্বস্থানে তাদের সহায়তা করায় কখনও অবহেলা করনি।

℣ তুমিই সেই ঈশ্বর, যিনি আশ্চর্য কাজ সাধন করেন,
℟ জাতিসকলের মাঝে যিনি আপন প্রতাপ প্রকাশ করেন।

৪র্থ সপ্তাহ **১ যোহন ৩:২৩-২৪**

এই তো ঈশ্বরের আজ্ঞা : আমরা যেন তাঁর পুত্র যীশুখ্রীষ্টের নামে বিশ্বাস রাখি ও পরস্পরকে ভালবাসি, তিনি যেমন আমাদের আজ্ঞা দিয়েছেন। আর তাঁর আজ্ঞাগুলি যে পালন করে, সে তাঁর মধ্যে বসবাস করে, তিনিও তার অন্তরে বসবাস করেন। আর এতেই আমরা জানতে পারি যে তিনি আমাদের অন্তরে বসবাস করেন : যাঁকে তিনি আমাদের দান করেছেন, সেই আত্মা দ্বারা।

℣ তুমি তো, প্রভু, ধার্মিককে সুপ্রতিষ্ঠিত কর ;
℟ তুমি পরীক্ষা কর অন্তর ও প্রাণ।

সমাপন প্রার্থনা

হে প্রভু, তুমি তৃতীয় ঘণ্টায় পবিত্র আত্মাকে প্রার্থনারত প্রেরিতদূতদের উপর বর্ষণ করেছিলে। অনুনয় করি তোমায় : আমাদেরও সেই অনুগ্রহের অংশী করে তোল।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত :
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি ;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে; পৃঃ ৪৩৭।

বাণী পাঠ

১ম সপ্তাহ **আমোস ৫:৮**

যিনি কৃত্তিকা ও কালপুরুষের নির্মাতা, যিনি মৃত্যু-ছায়া প্রভাতে এবং দিন অন্ধকারময় রাত্রিতে পরিণত করেন; যিনি সাগরের জল ডেকে পৃথিবীর বুকের উপরে ঢেলে দেন : প্রভু, এ-ই তাঁর নাম।

℟ প্রভা ও মহিমা তাঁর সম্মুখে,
℣ শক্তি ও কান্তি তাঁর পবিত্রধামে।

২য় সপ্তাহ **গা ৫:১৬-১৭**

তোমরা আত্মা দ্বারা চালিত হয়ে চল, তাহলেই মাংসের কামনা আর মেটাতে হবে না; কারণ মাংসের যা কাম্য, তা আত্মার বিরোধী এবং আত্মার যা কাম্য, তা মাংসের বিরোধী। আসলে এই দুই পক্ষ তো পরস্পর প্রতিদ্বন্দ্বী, ফলে তোমরা যা করতে চাও, তা করতে পার না।

℟ তুমি মঙ্গলময়, প্রভু; তুমি মঙ্গল সাধন কর,
℣ আমাকে শিখিয়ে দাও তোমার বিধিকলাপ।

৩য় সপ্তাহ **দ্বিঃবিঃ ৪:৭**

এমন কোন্ বড় দেশ আছে, যার দেবতা তার তত নিকটবর্তী, আমাদের পরমেশ্বর প্রভু আমাদের যত নিকটবর্তী যখনই আমরা তাঁকে ডাকি?

℟ যারা তাঁকে ডাকে, প্রভু তাদের সকলের কাছে কাছেই থাকেন।
℣ তিনি তাদের বাসনা পূর্ণ করেন।

৪র্থ সপ্তাহ **প্রজ্ঞা ১:১-২**

তোমরা, পৃথিবীতে শাসনকর্তা যারা, ধর্মনীতি ভালবাস, প্রভুর সম্বন্ধে সুচিন্তা পোষণ কর, সরল অন্তরে তাঁর অন্বেষণ কর। যারা তাঁকে যাচাই করে না, তাদেরই দ্বারা তিনি নিজেকে অনুসন্ধান পেতে দেন; যারা তাঁকে বিশ্বাস করতে অস্বীকার করে না, তাদেরই কাছে তিনি দেখা দেন।

℟ তুমি প্রভুতে ভরসা রাখ, সৎকর্ম কর,
℣ তবে এ দেশে ভরসাভরে বসবাস করবে।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি তো পরম আলো, তোমার মধ্যে কোন অন্ধকার নেই। কৃপা কর: তোমার আলোর প্রভায় আমাদের উদ্বুদ্ধ কর, আমরা যেন তোমার আজ্ঞাবলি উপলব্ধি ক'রে মাধুর্যে প্লাবিত অন্তরে তোমার পথে বিশ্বস্তভাবে চলতে পারি।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর,
তোমায়, প্রভু, স্থিতি;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : নবম ঘণ্টায়, এসো, করি ; পৃঃ ৪৩৮।

বাণী পাঠ

১ম সপ্তাহ **আমোস ৯:৬**

যিনি আকাশে আপন উঁচু কক্ষ গেঁথে তোলেন ও পৃথিবীর ঊর্ধ্বে তার চাঁদোয়া স্থাপন করেন ; যিনি সাগরের জল ডেকে পৃথিবীর বুকের উপরে ঢেলে দেন ; প্রভু, এ-ই তাঁর নাম।

℣ আকাশমন্ডল বর্ণনা করছে ঈশ্বরের গৌরব,
℟ গগনতল ঘোষণা করছে তাঁর হাতের কর্মকীর্তি।

২য় সপ্তাহ **গা ৫:২২,২৩ক,২৫**

আত্মার ফল হল: ভালবাসা, আনন্দ, শান্তি, সহিষ্ণুতা, সহৃদয়তা, মঙ্গলানুভবতা, বিশ্বস্ততা, কোমলতা, আত্মসংযম। আমরা যখন আত্মা গুণে জীবিত আছি, তখন এসো, আত্মা দ্বারা চালিত হয়ে চলি।

℣ আমাকে শেখাও, প্রভু, চলার পথ ;
℟ তোমার মঙ্গলময় আত্মা আমাকে চালনা করুন সমতল পথে।

৩য় সপ্তাহ **এস্থার ১০:৩চ**

আমার দেশ, তা হল ইস্রায়েল, অর্থাৎ তারা, যারা ঈশ্বরের কাছে চিৎকার করে পরিত্রাণ পেল। হ্যাঁ, প্রভু তাঁর আপন জনগণের পরিত্রাণ সাধন করলেন আর এই সমস্ত অমঙ্গল থেকে আমাদের নিস্তার করলেন ; ঈশ্বর এমন চিহ্ন ও মহা অলৌকিক লক্ষণ দেখালেন, দেশগুলির মাঝে যার সমান কখনও দেখা দেয়নি।

℣ আমি তোমাকে ধন্যবাদ জানাই, প্রভু, তুমি যে আমাকে দিয়েছ সাড়া,
℟ তুমি যে হলে আমার পরিত্রাণ।

৪র্থ সপ্তাহ **হিব্রু ১২:১খ-২**

যা কিছু বোঝা হয়ে দাঁড়ায়, সহজে বাধা সৃষ্টি করে সেই পাপও নামিয়ে দিয়ে, এসো, আমরা নিষ্ঠার সঙ্গে আমাদের জন্য নির্দিষ্ট সেই দৌড় দৌড়োই। এসো, বিশ্বাসের প্রতিষ্ঠাতা ও তার সিদ্ধতার সাধক যীশুর দিকে চোখ নিবদ্ধ রাখি, যিনি তাঁর সম্মুখীন আনন্দের বিনিময়ে অপমান তুচ্ছ ক'রে ক্রুশই মেনে নিয়ে ঈশ্বরের সিংহাসনের ডান পাশে আসন নিয়েছেন।

℣ প্রভু, আমার প্রাণ আশা রাখে,
℟ আমি তোমার বাণীর প্রত্যাশায় আছি।

সমাপন প্রার্থনা

হে প্রভু, আমরা তোমার সামনে প্রার্থনায় রত। শক্তি দাও, আমরা যেন তোমার পুত্রের যন্ত্রণাভোগের আদর্শে আমাদের দৈনন্দিন ক্রুশ দৃঢ়তার সঙ্গে বহন করতে পারি।

সন্ধ্যারতি

স্তোত্র

১। সর্বগুণের পরমেশ্বর,
সলিল-মাতৃগর্ভ থেকে
কত প্রাণীর দিলে জীবন :
সৃষ্টিকাজের পঞ্চম দিবস।

৩। রক্তঝরনা ধুইল যাদের,
কর লক্ষ মোদের পানে :
পাপ হতে হয়ে মুক্ত
মরণগ্রাসে হই না লুপ্ত।

২। সাগর নদী মৎস্যে ভরা,
আকাশমণ্ডল পক্ষীর প্রাসাদ ;
একই গর্ভজাত জীব
সর্বস্থানে পেল গৃহ।

৪। দণ্ড হতে পাব উদ্ধার,
মন্দ হতে পাব রক্ষা,
মায়াজাল করব জীর্ণ,
মোহবন্ধন করব দীর্ণ।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **১ পি ১:৬-৯**

এ তোমাদের জন্য মহা আনন্দের বিষয়, যদিও এখন কিছুকালের মত তোমাদের নানা পরীক্ষায় দুঃখকষ্ট ভোগ করতে হচ্ছে যেন তোমাদের বিশ্বাস, যা নশ্বর সোনার চেয়ে এমনকি আগুন দ্বারা যাচাইকৃত সোনার চেয়েও অনেক মূল্যবান, সেই বিশ্বাসের যোগ্যতা যেন যীশুখ্রীষ্টের আত্মপ্রকাশের দিনে প্রশংসা, গৌরব ও সম্মানের কারণ হয়ে দাঁড়ায়। তোমরা তো তাঁকে দেখনি, তা সত্ত্বেও তাঁকে ভালবাস, আর এখনও তাঁকে না দেখা সত্ত্বেও তাঁকে বিশ্বাস করে অনির্বচনীয় ও গৌরবময় আনন্দে মেতে উঠছ; আর ইতিমধ্যে তোমাদের সেই বিশ্বাসের লক্ষ্য, অর্থাৎ তোমাদের আত্মার পরিত্রাণ, তোমরা জয় করে নিচ্ছ।

২য় সপ্তাহ **১ পি ১:২২-২৩**

সত্যের প্রতি বাধ্যতা গুণে অকপট ভ্রাতৃপ্রেমের উদ্দেশ্যে নিজেদের প্রাণ নির্মল করেছ বলে তোমরা শুদ্ধ হৃদয়ে পরস্পরকে মনে প্রাণে ভালবাস; কারণ তোমরা ক্ষয়শীল কোন বীজ থেকে নয়, বরং অক্ষয়শীল এক বীজ থেকে, অর্থাৎ ঈশ্বরের জীবন্ত ও নিত্যস্থায়ী বাণীগুণেই নবজন্ম লাভ করেছ।

৩য় সপ্তাহ **১ পি ৩:৮-৯**

তোমরা সকলে হয়ে ওঠ একপ্রাণ, সমব্যথী, ভ্রাতৃপ্রেমী, করুণাময়, নম্রচিত্ত; অমঙ্গলের প্রতিদানে অমঙ্গল করো না, কটুবাক্যের প্রতিদানে কটুবাক্য ব্যবহার করো না; বরং আশীর্বাদ কর, কেননা তোমরা তা করতেই আহূত হয়েছ, যেন উত্তরাধিকার রূপে লাভ করতে পার একটা আশীর্বাদ।

৪র্থ সপ্তাহ **কল ১:২৩ক**

তোমরা বিশ্বাসে স্থিতমূল ও অবিচল থাক; এবং যে সুসমাচার আকাশের নিচের যত সৃষ্টজীবদের কাছে প্রচারিত হয়েছে, তার প্রত্যাশা থেকে নিজেদের বিচলিত হতে দিয়ো না।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ
℟ প্রভু আমাদের * সেরা গম খেতে দিলেন।
℟ প্রভু আমাদের * সেরা গম খেতে দিলেন।
℣ পাহাড়িয়া মধুতেই আমাদের পরিতৃপ্ত করলেন।
℟ সেরা গম খেতে দিলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু আমাদের * সেরা গম খেতে দিলেন।

২য়, ৪র্থ সপ্তাহ
℣ প্রভু আমার পালক; * অভাব নেই তো আমার।
℟ প্রভু আমার পালক; * অভাব নেই তো আমার।
℣ আমায় তিনি শুইয়ে রাখেন নবীন ঘাসের চারণমাঠে।
℟ অভাব নেই তো আমার।

ঞ্চ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
ঊ প্রভু আমার পালক; * অভাব নেই তো আমার।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: প্রভু * ক্ষমতাশালীদের নামিয়ে দিয়েছেন সিংহাসন থেকে,
বিনম্রদের করেছেন উন্নীত।

জোড় সপ্তাহ: ধর্মময়তার জন্য * যারা ক্ষুধিত,
প্রভু তাদের পরিতৃপ্ত করেন মঙ্গলদানে।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যাঁর মধ্যে আমাদের সকল আশা-আকাঙ্ক্ষা অবস্থিত, আসুন, আমাদের সেই ত্রাতা পরমেশ্বরের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, দয়া কর।

-তুমি মানুষের সঙ্গে এক চিরন্তন সন্ধি স্থাপন করেছ। তোমার বিশ্বস্ততার কথা ভুলে না গিয়ে আমরা যেন তোমার কৃপার মহাকীর্তি-কাহিনী অনুক্ষণ মনে রাখি।

-মাতা মণ্ডলীর একতা যেন প্রেম ও পরস্পরের বোঝাপড়ার মাধ্যমে গঠিত হয়। তোমার পবিত্র আত্মার প্রেরণাগুণে আমাদের সকলকে একমন একপ্রাণ করে তোল।

-সকল মানবগোষ্ঠীকে এমনই একটা সমাজগঠনে সহায়তা কর, যেখানে ন্যায় ও শান্তি বিরাজ করে।

-সারাবিশ্বে যে সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনী আছেন, তাঁরা যেন সন্ন্যাস-আহ্বানে অবিচল থেকে তোমার কাছ থেকে পান সুবুদ্ধি, ধৈর্য ও প্রেম।

-মৃত সকলের প্রতি, বিশেষভাবে মৃত আত্মীয়স্বজন ও উপকারী বন্ধুদের প্রতি সদয় দৃষ্টিপাত কর। তোমার অসীম করুণায় তাঁদের তোমার রাজ্যে গ্রহণ কর।

২য় সপ্তাহ

যিনি তাঁর আপন জনগণকে যত আত্মিক আশীর্বাদে ধন্য করেছেন, আসুন, আমাদের সেই ত্রাণকর্তার কাছে ভরসা নিয়ে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার মণ্ডলীকে আশীর্বাদ কর।

-আমাদের পোপ … ও আমাদের বিশপ …র উপর দৃষ্টিপাত কর। তাঁদের সমৃদ্ধি ও সুস্বাস্থ্য দান কর।

-আমাদের দেশ রক্ষা কর; তোমার সকল সন্তানকে ন্যায় ও শান্তিতে প্রতিপালন কর।

-তোমার ভক্তদের তোমার ভোজে আমন্ত্রণ কর; অনেক যুবক-যুবতী যেন কৌমার্য, দরিদ্রতা ও বাধ্যতার পথে তোমার অনুসরণ করে।

-সন্ন্যাসিনীদের অন্তর সুদৃঢ় করে তোল, তাঁরা যেন উজ্জ্বল ভক্তির সঙ্গেই তোমার সেবা করে যেতে পারেন।

-আমাদের মৃত ভাইবোনদের অনন্ত বিশ্রাম দান কর; পুণ্যজনদের সাহচর্যে আমরা যেন তাঁদের উপস্থিতি উপলব্ধি করতে পারি।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন জনগণের শক্তি ও সান্ত্বনা, আসুন, বিশ্বাসের সঙ্গে সেই উত্তম মেষপালক খ্রীষ্টের কাছে প্রার্থনা করি:

আমাদের আশ্রয় প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তুমি তোমার মঙ্গলময়তায় তোমার পরিবারের অংশী হতে আমাদের আহ্বান করেছ; তোমার মণ্ডলীর জীবন্ত প্রস্তর হতে আমাদের নিত্য সহায়তা কর।

-তুমি আমাদের পোপ …র হাতে সমগ্র মণ্ডলীর পালকীয় দায়িত্ব ন্যস্ত করেছ; তাঁকে অবিচল বিশ্বাস, জীবন্ত আশা

ও প্রৈরিতিক ভালবাসা দান কর।

আমাদের আশ্রয় প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-যারা বিশ্বাস হারিয়েছে, তাদের শক্তি দাও, তারা যেন পুনরুজ্জীবিত হতে পারে। সকলকে ক্ষমা ও শান্তি দান কর।

-তুমি নির্বাসনের কষ্ট অভিজ্ঞতা করেছিলে; যারা মাতৃভূমি ও আত্মীয়স্বজনদের কাছ থেকে দূরেই জীবন যাপন করে, তাদের সকলের অন্তরে সান্ত্বনা সঞ্চার কর।

-তোমাতে আশা রেখে যাঁরা ইহজীবন ত্যাগ করেছেন, তাঁদের শাশ্বত আলো ও শান্তি মঞ্জুর কর।

৪র্থ সপ্তাহ

যিনি সর্বজাতির আলো ও সর্বমানবের আনন্দ, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, তুমি আমাদের জীবন।

-তুমি অনির্বাণ আলো, পিতার সনাতন বাণী ও জগতের ত্রাণকর্তা; নব দীক্ষিতদের পদক্ষেপ সত্য পথে আলোকিত কর।

-তোমার অসীম প্রেমে তুমি ক্ষমাশীল; আমাদের সমস্ত অপরাধ মার্জনা কর।

-তুমি মানুষকে এমন ধীশক্তি দিয়েছ, সে যেন প্রকৃতি ও বিশ্বের গোপন তত্ত্ব আবিষ্কার করতে পারে; বৈজ্ঞানিকদের আলোকিত কর, তাঁরা যেন তোমার গৌরবের জন্য ও মানব-কল্যাণের জন্যই গবেষণায় ব্যস্ত থাকেন।

-ভ্রাতৃসেবায় ব্রতী যাঁরা, তাঁদের প্রতিপালন কর, তাঁরা যেন উৎসাহ ও শান্তির সঙ্গে নিজ নিজ কাজ চালিয়ে যেতে পারেন।

-তোমারই হাতে জীবন ও মৃত্যুর চাবিকাঠি: আমাদের মৃত ভাইবোনদের তোমার স্বর্গধামে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু ঈশ্বর, রাত্রি আলোকিত করতে তুমি তো আমাদের দান কর চন্দ্র। অন্ধকার দূরীকৃত করতে আবার এনে দাও দিনের আলো। কৃপা কর, আমরা যেন এই রাত্রিতে শয়তানের ছলনা থেকে রক্ষা পেয়ে সকালে তোমার প্রশংসাগানের উদ্দেশ্যে পুনর্জাগরিত হতে পারি।

২য় সপ্তাহ: হে করুণাময় প্রভু, আমাদের সান্ধ্য নৈবেদ্য গ্রহণ ক'রে অন্তরে শক্তি যোগাও, তোমার বিধান ধ্যানে কখনও বিরত না হয়ে আমরা যেন পুরস্কার রূপে তোমার অঙ্গীকৃত অনন্ত জীবনের আলো লাভ করতে পারি।

৩য় সপ্তাহ: হে প্রভু, দিনের শেষে তোমাকে ধন্যবাদ জানিয়ে আমরা তোমার করুণা প্রার্থনা করি: দুর্বল মানুষ বলে আমরা যত ত্রুটি করেছি, স্নেহভরে তুমি তা মার্জনা কর।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, আমাদের এ সান্ধ্য প্রার্থনা প্রসন্নতার সঙ্গে গ্রহণ করে আশীর্বাদ কর: তোমার পুত্রের আদর্শ অনুসরণ করে আমরা যেন নিষ্ঠার সঙ্গে শুভকর্মের ফসল অর্পণ করতে পারি।

শুক্রবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। ওগো চিরকালীন ত্রিত্ব,
বিশ্বের বিধানকর্তা,
তব স্তুতি গাইতে উঠলাম,
শোন, সৃষ্টিকর্তা।

২। উষালগ্নে শয্যা ছেড়ে
যাচি তব দীক্ষা;
ভক্তিভরে তোমার কাছে
রাখি মোদের ভিক্ষা।

৩। শয়তানের ফাঁদে যদি
লিপ্ত হয়ে থাকি,
তব দিব্য প্রতাপ দ্বারা
বাঁচাও—তোমায় ডাকি।

৪। আশ্বাসভরে যাচনা করি:
আলো কর দান,
যেন যত তমস ছেড়ে
অর্জন করি ত্রাণ।

৫। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
শোন যাচনা, কর কৃপা,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। এসো, খ্রীষ্ট, মোদের হৃদে,
উজ্জ্বল ভক্তি কর সঞ্চার;
তব রক্তেই বিশ্বের মুক্তি,
কৃপাময় হে।

২। কোমলপ্রাণ, নম্র তুমি,
মোদের দিকে চেয়ে দেখ:
যত পাপ কর ধ্বংস,
ক্ষমার আধার হে।

৩। তব পুণ্য ক্রুশের চিহ্নে
ভক্তজনদের কর রক্ষা;
প্রসাদ দানে কাছে থেকো,
জীবনস্বামী হে।

৪। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মোদের মিনতি;
পিতা ও পরমাত্মার সঙ্গে
তব জয় হে। (সাধু বীড † ৭৩৫)

১ম পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* সন্তান আমার, আমার কথাসকল পালন কর;
উ আমার আজ্ঞাগুলি পালন কর, জীবন পাবে।

জোড় সপ্তাহ *প্র* প্রভু যেন আমাদের দেখিয়ে দেন তাঁর মার্গসকল,
উ আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ *প্র* তোমার পরিত্রাণের প্রতীক্ষায়,
উ তোমার ধর্মময়তার কথার প্রতীক্ষায় ক্ষীণ হয়ে আসে আমার প্রাণ।

জোড় সপ্তাহ *প্র* সন্তান আমার, আমার প্রজ্ঞার প্রতি মনোযোগ দাও,
উ আমার সুবুদ্ধির প্রতি কান দাও।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি:

প্রভু, দয়া কর। খ্রীষ্ট, দয়া কর।
প্রেমের উৎস, পিতা পরমেশ্বর, আমাদের প্রতি দয়া কর।
পিতার কাছে যাবার একমাত্র পথ, পুত্র পরমেশ্বর, ”
দিব্য প্রেমের শিখা, আত্মা পরমেশ্বর, ”

সাক্ষ্যমরদের রানী, ধন্যা মারীয়া, আমাদের মঙ্গল প্রার্থনা কর।
সাধু ইগ্নাসিউস ও পলিকার্প, ”
সাধ্বী চেচিলিয়া ও লুসী, পার্পেতুয়া ও ফেলিসিতা, ”
যীশুখ্রীষ্টের সাক্ষ্যমরবৃন্দ, ”
সাধু ··· (কিংবা সাধ্বী ···) ”

সমাপন প্রার্থনা: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। স্বর্গের নিত্য মহিমা,
মানবের পূর্ণ প্রত্যাশা,
পরাৎপর ঈশ্বরপুত্র,
নির্মলা কুমারীর সন্তান।

২। চিত্তে জাগাও তুমি শক্তি
মোদের পুনর্জাগরণে,
ঐশনাম জপ ক'রে যেন
মনে পাই পরম শান্তি।

৩। প্রভাতী তারকা জ্বলছে,
'সূর্য আসছে' সে বলছে:
নিশির তমসা গেল,
জ্যোতিতে প্রাণ ভরে এখন।

৪। অবতীর্ণ হও জ্যোতি
হৃদিগুহার গভীরে,
সংসারের অন্ধতা হতে
জীবনে আমাদের নাও।

৫। প্রথমে, অন্বেষি বিশ্বাস,
দ্বিতীয়, জয় করি আশা,
শেষে লাভিব প্রেমো,
সদ্‌গুণের যে চরম শিখর।

৬। শোন, স্বর্গস্থ পিতঃ হে,
খ্রীষ্ট, মোদের মহিমা হে,
আত্মা, হৃদয়ের শক্তি হে,
আশীর্বাদ কর। আমেন।

(৭ম শতাব্দী)

বাণী পাঠ

১ম সপ্তাহ **এফে ৪:২৯-৩২**

তোমাদের মুখ থেকে যেন কোন খারাপ কথা না বের হয়, বরং প্রয়োজনমত যা কিছু গঠনমূলক হতে পারে, তোমরা তেমন কথাই বল, যারা শোনে তাদের যেন উপকার হয়। আর যাঁর দ্বারা তোমরা মুক্তিলাভের দিনের উদ্দেশ্যে ঐশ মুদ্রাঙ্কনে চিহ্নিত হয়েছ, ঈশ্বরের সেই পবিত্র আত্মাকে তোমরা দুঃখ দিয়ো না। যত অনিষ্টের সঙ্গে যত তিক্ততা, রোষ, ক্রোধ, কোলাহল ও নিন্দাও তোমাদের মধ্য থেকে দূর করা হোক। পরস্পরের প্রতি উদারমনা ও সহৃদয় হও, পরস্পরকে ক্ষমা কর, যেমন ঈশ্বরও খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন।

২য় সপ্তাহ **এফে ২:১৩-১৬**

এখন, খ্রীষ্টযীশুতে, তোমরা যারা আগে দূরবর্তী ছিলে, খ্রীষ্টের রক্তগুণে নিকটবর্তী হয়েছ, কেননা তিনি নিজেই আমাদের শান্তি; তিনি বিধিনির্দেশের সেই বিধান আপন মাংসে বাতিল করায় সেই দুই জাতিকে এক করে তুলেছেন এবং বিচ্ছেদের মধ্যবর্তী প্রাচীর অর্থাৎ শত্রুতা ভেঙে ফেলেছেন, যেন সেই দুইকে নিয়ে তিনি নিজেতে এক-ই নতুন মানুষকে সৃষ্টি ক'রে শান্তি প্রতিষ্ঠা করতে পারেন; এবং ক্রুশ দ্বারা নিজেতে সেই শত্রুতা ধ্বংস

করায় তিনি যেন ঈশ্বরের সঙ্গে উভয়কে একদেহে পুনর্মিলিত করতে পারেন।

৩য় সপ্তাহ **২ করি ১২:৯খ-১০**

আমি আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব, যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করতে পারে। এজন্যই খ্রীষ্টের খাতিরে আমি সমস্ত দুর্বলতা, অপমান, দুর্গতি, নির্যাতন ও সঙ্কটের মধ্যে তৃপ্তিই পাই, কেননা যখন আমি দুর্বল, তখনই পরাক্রমী!

৪র্থ সপ্তাহ **গা ২:১৯খ-২০**

আমাকে খ্রীষ্টের সঙ্গে ক্রুশে দেওয়া হয়েছে, অথচ আমি এখনও জীবিত আছি; কিন্তু সে তো আর আমি নয়, আমার অন্তরে স্বয়ং খ্রীষ্টই জীবনযাপন করেন। এখন এই দেহে যে জীবন আমি যাপন করি, সেই ঈশ্বরপুত্রের প্রতি বিশ্বাসেই তা যাপন করি, যিনি আমাকে ভালবেসেছেন ও আমার জন্য নিজেকে বিসর্জন দিয়েছেন।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℟ প্রভাতে, ওগো প্রভু, * আমাকে শোনাও তোমার কৃপার কথা।
℟ প্রভাতে, ওগো প্রভু, * আমাকে শোনাও তোমার কৃপার কথা।
℣ আমাকে শেখাও চলার পথ;
℟ আমাকে শোনাও তোমার কৃপার কথা।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভাতে, ওগো প্রভু, * আমাকে শোনাও তোমার কৃপার কথা।

২য়, ৪র্থ সপ্তাহ

℟ আমি পরাৎপর পরমেশ্বরকে ডাকি, * যিনি করেন আমার উপকার।
℟ আমি পরাৎপর পরমেশ্বরকে ডাকি, * যিনি করেন আমার উপকার।
℣ স্বর্গ থেকে পাঠিয়ে তিনি আমায় ত্রাণ করুন,
℟ যিনি করেন আমার উপকার।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমি পরাৎপর পরমেশ্বরকে ডাকি, * যিনি করেন আমার উপকার।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: প্রভু * আপন জনগণকে দেখতে এসেছেন,
সাধন করেছেন তাদের মুক্তিকর্ম।

জোড় সপ্তাহ: আমাদের * পরমেশ্বরের স্নেহময় দয়ায়,
যে দয়ায় উদীয়মান জ্যোতি ঊর্ধ্ব থেকে আমাদের দেখতে এলেন।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি আপন মৃত্যু ও পুনরুত্থান দ্বারা বিশ্বজগতের পরিত্রাণ সাধন করেছেন, আসুন, সেই খ্রীষ্টকে পূজা ক'রে অনুনয় করি:

হে খ্রীষ্ট, দেখাও তোমার প্রেম।

-আমরা সবাই দিবালোকের সন্তান। তোমার উপস্থিতির আলোতে জীবনযাপন করতে আমাদের সহায়তা কর।

-আমাদের পাপ থেকে দৃষ্টি ফেরাও; আমাদের সমস্ত অপরাধ ক্ষমা কর।

-তোমার যন্ত্রণাভোগ ও মৃত্যু দ্বারা তুমি আমাদের জন্য জীবন জয় করেছ। তোমার পবিত্র আত্মার শক্তি আমাদের দান কর।

-অবাধ্যতার দরুন আমরা পিতা থেকে দূরে সরে গেছিলাম। শক্তি দাও, নিজেদের সকল ইচ্ছা আকাঙ্ক্ষা পরিত্যাগ ক'রে আমরা যেন বাধ্যতার মাধ্যমে পরম পিতার কাছে আবার ফিরে যেতে পারি।

২য় সপ্তাহ

যিনি দুষ্কর্ম থেকে আমাদের পরিশুদ্ধ করার জন্য পিতার কাছে নিজেকে উৎসর্গ করেছেন, আসুন, সেই নিষ্কলঙ্ক মেষশাবক খ্রীষ্টের কাছে বিনীত প্রার্থনা অর্পণ করি :

হে প্রভু, তোমার ইচ্ছা পালনেই আমাদের শান্তি।

-এ দিনটি তোমার ভালবাসারই একটি দান। এদিনে যেন আমাদের নবজীবনের সূত্রপাত হয়।

-জগৎ তোমার হাতের রচনা, তোমার বদান্যতার পাত্র। আমাদের চোখ উন্মোচিত কর, আমরা যেন সকল সৃষ্টজীবের মধ্যে তোমার উপস্থিতি দেখতে পাই।

-আমাদের জন্য পাতিত তোমার রক্তে তুমি নব ও চিরন্তন সন্ধি স্থাপন করেছ। আশীর্বাদ কর, প্রেমের বিধান পালনেই আমরা যেন এ নব সন্ধি বিশ্বস্ত ভাবে পালন করতে পারি।

-ক্রুশের উপরে তোমার বুক থেকে নিঃসৃত হল জল ও রক্ত; এই অনুগ্রহের স্রোতে আমাদের যত অপরাধ ধৌত কর, ঈশ্বরের নগরীকে আনন্দিত করে তোল।

৩য় সপ্তাহ

যিনি আমাদের পরিত্রাণের জন্য জন্মগ্রহণ করেছেন, মৃত্যুবরণ করেছেন ও পুনরুত্থান করেছেন, আসুন, সেই জগৎত্রাতা খ্রীষ্টের কাছে চোখ নিবদ্ধ রেখে আশ্বাসভরে বলি :

হে প্রভু, তোমার জনগণকে ত্রাণ কর।

-আমাদের জন্য তুমি যন্ত্রণাভোগ ও ক্রুশের উপরে মৃত্যুবরণ করতে অস্বীকার করনি, বরং তোমার অমূল্য রক্তদানে আমাদের মুক্তি সাধন করেছ।

-তুমি একদিন তোমার বিশ্বাসীদের কাছে জীবনময় জলের নদী দানের কথা প্রতিশ্রুত হয়েছিলে; সমগ্র মানবজাতির উপর তোমার আত্মাকে বর্ষণ কর।

-তুমি সর্বজাতির মানুষের কাছে শুভসংবাদ প্রচারের জন্য একদিন তোমার শিষ্যদের প্রেরণ করেছিলে; আজও তোমার বাণীপ্রচারকদের মন সুস্থির করে রাখ, ক্রুশের পরম বিজয় যেন সর্বত্রই বিকশিত হয়।

-অসুস্থ ও মরণাপন্নদের উপর সদয় দৃষ্টিপাত কর; তোমার ক্রুশীয় কষ্টের সহভাগী বলে তারা যেন তোমার উপস্থিতিতে সান্ত্বনা পায়।

৪র্থ সপ্তাহ

যিনি মানুষকে সৃষ্টি করে আপন পুত্রের মাধ্যমে পাপ থেকে মুক্তও করেছেন, আসুন, সেই যত্নশীল পিতার কাছে মিনতি নিবেদন করি :

হে প্রভু, শুভকর্ম সাধনে আমাদের দৃঢ় কর।

-তোমার দয়ায় আমাদের পবিত্রতার পথে চালিত কর, আমরা যেন যা সত্য, মঙ্গলকর ও ন্যায়, তারই অন্বেষণ করি।

-তোমার অপার প্রেমে আমাদের পরিত্যাগ করো না; তোমার সন্ধির কথা ভুলে যেয়ো না।

-আমাদের ভগ্নচূর্ণ ও অনুতপ্ত হৃদয়ের অর্ঘ্য গ্রহণ কর; যারা তোমাতে প্রত্যাশা রাখে, তাদের যেন কখনও লজ্জায় না পড়তে হয়।

-তুমি আমাদের তোমার পুত্রের নবী ভূমিকার অংশীদার করেছ; তোমার আশীর্বাদে আমরা যেন কথায় ও কাজে তোমার প্রেমের অপরূপ কীর্তি প্রচার করতে পারি।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে ঈশ্বর, অজ্ঞতার অন্ধকার তুমি তো তোমার বাণীর আলো দ্বারাই দূর কর। আমাদের অন্তরে যে

বিশ্বাস তুমি সঞ্চার করেছ, তা আরও শক্তিশালী কর, যার ফলে তোমার আত্মা যে আলো আমাদের মধ্যে জ্বালিয়েছেন, তা যেন কোন প্রলোভন নিবিয়ে দিতে না পারে।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আমাদের এই স্তুতির অর্ঘ্য প্রসন্নতার সঙ্গে গ্রহণ কর। তোমার আশীর্বাদে আমরা যেন একদিন তোমার নিখিল সাধুসাধ্বীর স্বর্গসভায় মিলিত হয়ে চিরকালের মত তোমার প্রশংসাগান করতে পারি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান পিতা, আমাদের মন উদ্বুদ্ধ কর, আমরা যেন তোমার আদেশের আলোতে তোমাকেই দিশারী পরিচালক রূপে সর্বদা অনুসরণ করতে পারি।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, তোমার ভক্তদের অন্তরে তোমার অপর্যাপ্ত অনুগ্রহধারা বর্ষণ কর, তারা যেন তোমার সহায়তায় তোমার সকল আজ্ঞা পালন ক'রে স্বর্গলোকের আনন্দের প্রতীক্ষায় ইহলোকে শান্তি-সুখে জীবনযাপন করতে পারে।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

হৃদির গোপন গুহার মাঝে; পৃঃ ৪২৪, কিংবা:

১। তৃতীয় ঘণ্টা পালন ক'রে,
এসো, নত শিরে
পরম পিতার গুণকীর্তন
করি সমস্বরে।

২। এ সময়ে আত্মা নামলেন
প্রেরিতদূতদের হৃদে:
তিনি মোদের পরিণত
করুন আপন গৃহে।

৩। তাঁরই প্রভায় উদ্দীপিত
হবে বিশ্বের গতি,
সর্বজাতি দেখতে পাবে
স্বর্গরাজ্যের জ্যোতি।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **ফিলি ২:২খ-৪**

তোমরা হয়ে ওঠ একমন, একপ্রেম, একপ্রাণ, একচিত্ত। প্রতিদ্বন্দ্বিতা বা অসার অহঙ্কারের বশে কিছুই করো না, বরং বিনম্রভাবে একে অপরকে নিজের চেয়ে ভাল বলেই মনে কর। তোমরা প্রত্যেকে নিজের স্বার্থের দিকে শুধু নয়, পরের স্বার্থের দিকেও লক্ষ রাখ।

℣ যারা তাঁর সন্ধি, তাঁর নির্দেশমালা পালন করে,
℟ তাদের জন্য প্রভুর সকল পথ কৃপা ও সত্যেরই পথ।

২য় সপ্তাহ **দ্বিঃবিঃ ১:৩১খ**

পিতা যেমন নিজ সন্তানকে বহন করে, তেমনি যে যে পথ ধরে তোমরা এসেছ, এই স্থানে না আসা পর্যন্ত সেই সমস্ত পথ ধরে তোমার পরমেশ্বর প্রভু তোমাকে বহন করে এসেছেন।

℣ তোমার কথামত আমায় ধারণ করে রাখ, প্রভু, তবে জীবন পাব,
℟ আমার আশায় আমাকে নিরাশ হতে দিয়ো না।

৩য় সপ্তাহ **রো ১:১৬খ-১৭**

প্রথমে ইহুদী এবং তারপরে গ্রীক—যে কেউ বিশ্বাস করে, তার পরিত্রাণের জন্য এ সুসমাচার হল স্বয়ং ঈশ্বরের পরাক্রম, কারণ সুসমাচারেই প্রকাশিত আছে ঈশ্বরের ধর্মময়তা যা বিশ্বাসমূলক ও বিশ্বাসজনক, যেমনটি লেখা আছে: 'বিশ্বাসগুণে যে ধার্মিক, সে বাঁচবে।'

℣ প্রভুকে নিয়ে আমাদের অন্তর আনন্দিত,

℟ তাঁর পবিত্র নামেই যে আমরা ভরসা রাখি।

৪র্থ সপ্তাহ **রো ১২:১৭ক,১৯খ-২০ক,২১**

অন্যায়ের প্রতিদানে তোমরা কারও অন্যায় করো না, কারণ লেখা আছে, প্রতিশোধ আমারই হাতে, আমিই প্রতিফল দেব—একথা বলছেন প্রভু। বরং তোমার শত্রুর যদি ক্ষুধা পায়, তাকে কিছু খেতে দাও, যদি তার পিপাসা পায়, তাকে জল দাও। অন্যায়ের কাছে পরাজয় মেনো না, বরং সদাচরণ দ্বারা অন্যায় জয় কর।

℣ প্রভুর কৃপা অনাদিকাল থেকে চিরকালস্থায়ী ;
℟ তাঁর ধর্মময়তা তাদেরই প্রতি, যারা তাঁর সন্ধি মানে।

সমাপন প্রার্থনা

হে প্রভু যীশুখ্রীষ্ট, জগতের পরিত্রাণের জন্য তুমি তৃতীয় ঘণ্টায় ক্রুশদণ্ডের দিকে চালিত হয়েছিলে। অনুনয় করি তোমায় : তোমার দয়ায় আমাদের প্রাক্তন যত পাপ ক্ষমা কর, ভাবী পাপ থেকে আমাদের রক্ষা কর।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

ঋতুচক্রের সৎ নিয়ন্তা ; পৃঃ ৪২৫, কিংবা :

১। ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে :
‘কর প্রভুর স্তুতি !’
এসো তবে, ভক্তিভরে
‘জয়’ গেয়ে উঠি।

২। এ সময়ে সেই মেষশাবক
নির্মল বলিরূপে
বিশ্বপরিত্রাণের জন্য
প্রাণকে দিলেন সঁপে।

৩। তাঁরই গৌরব অতি উজ্জ্বল :
সূর্যও আচ্ছাদিত ;
সেই গৌরবে তিনি মোদের
করুন আলোকিত।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর ;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **২ করি ১৩:৪**

তাঁর মানবীয় দুর্বলতার জন্য খ্রীষ্ট ক্রুশবিদ্ধ হয়েছিলেন বটে, কিন্তু ঈশ্বরের পরাক্রমে তিনি তো জীবিত হয়ে আছেন। তেমনি তাঁর মধ্যে আমরাও দুর্বল বটে, কিন্তু তোমাদের পক্ষে ঈশ্বরের পরাক্রমে তাঁর সঙ্গে জীবন যাপন করব।

℣ ধুলায় তলিয়ে আছে আমার প্রাণ ;
℟ তোমার বাণী অনুসারে, প্রভু, আমাকে সঞ্জীবিত কর।

২য় সপ্তাহ **বারুক ৪:২৮-২৯**

তোমরা যেমন ঈশ্বর থেকে দূরে যাওয়ার চিন্তা করেছিলে, তেমনি ফিরে এসে তাঁর সন্ধান করার জন্য দশগুণ বেশি আগ্রহ দেখাও, কেননা যিনি এত অমঙ্গলের মধ্যে তোমাদের চালিত করেছেন, তিনি পরিত্রাণের সঙ্গে তোমাদের সনাতন আনন্দও দান করবেন।

℣ প্রভুর কাছে রয়েছে কৃপা,
℟ তাঁর কাছের মুক্তি মহান।

৩য় সপ্তাহ **রো ৩:২১-২২ক**

এখন বিধানের ভূমিকা বাদে ঈশ্বরের দেওয়া ধর্মময়তা প্রকাশিত হয়েছে, আর সেই বিষয়ে বিধান ও নবীদের সাক্ষ্যও রয়েছে : ঈশ্বরের দেওয়া এই ধর্মময়তা যীশুখ্রীষ্টে স্থাপিত বিশ্বাসের মধ্য দিয়ে তাদের সকলেরই জন্য, যারা বিশ্বাস করে।

℣ প্রভুর আদেশমালা ন্যায্য, হৃদয়ে আনন্দ সঞ্চার করে;
℟ প্রভুর আজ্ঞা নির্মল, চোখে আলো দান করে।

৪র্থ সপ্তাহ **১ যোহন ৩:১৬**

এতেই আমরা [ঈশ্বরের] ভালবাসা জানলাম, কারণ তিনি আমাদের জন্য নিজের প্রাণ দিলেন: সুতরাং আমাদেরও ভাইদের জন্য প্রাণ দিতে হবে।

℣ প্রভুকে ধন্যবাদ জানাও, তিনি যে মঙ্গলময়;
℟ তাঁর কৃপা যে চিরস্থায়ী।

সমাপন প্রার্থনা

হে প্রভু যীশুখ্রীষ্ট, মধ্যাহ্নে সমগ্র জগৎ অন্ধকারাচ্ছন্ন হলে তুমি আমাদের পরিত্রাণের নিরপরাধী বলিরূপে ক্রুশের উপরে আরোহণ করেছিলে। আমাদের সেই আলো দান কর, যা আমাদের নিয়ে যাবে অনন্ত জীবনলোকে।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

বিশ্বসৃষ্টির পরম নির্ভর; পৃঃ ৪২৬, কিংবা:

১। নবম ঘণ্টায়, এসো, করি
প্রভুর জয়গান;
পরম ত্রিত্বের কাছে অর্পণ
করি অন্তর-প্রাণ।

২। এ সময়ে সাধু পিতর
যেমন মন্দির-পানে
গেলেন প্রভুর পূজা করতে
জয়-স্তুতিগানে,

৩। মোরাও তেমনি, এসো, করি
প্রভুর নাম-স্মরণ,
এসো, সবে মিলে করি
খ্রীষ্টের অনুসরণ।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
তব গৌরব মোদের গানে,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দীর পূর্বে)

বাণী পাঠ

১ম সপ্তাহ **কল ৩:১২-১৩**

ঈশ্বরের মনোনীতজন, তাঁর পবিত্রজন ও তাঁর ভালবাসার পাত্র বলে, তোমরা গভীর করুণা, মঙ্গলময়তা, বিনম্রতা, কোমলতা ও সহিষ্ণুতা পরিধান কর। পরস্পরের প্রতি ধৈর্যশীল হও। আর কারও প্রতি কোন অভিযোগ থাকলে একে অপরকে ক্ষমা কর। যেহেতু প্রভু নিজে তোমাদের ক্ষমা করেছেন, সেজন্য তোমরাও সেইমত ক্ষমা কর।

℣ প্রভু স্নেহশীল, দয়াবান;
℟ ক্রোধে ধীর, কৃপায় মহান।

২য় সপ্তাহ **প্রজ্ঞা ১:১৩-১৫**

ঈশ্বর তো মৃত্যুকে গড়েননি, জীবিতদের বিনাশেও তিনি প্রীত নন। আসলে তিনি জীবনকেই উদ্দেশ্য করে সবকিছু সৃষ্টি করলেন। পৃথিবীর যত প্রাণী, সবই তো সুস্থ; তাদের মধ্যে নেই মৃত্যুর বিষ, পৃথিবীর উপরে পাতালেরও রাজত্ব নেই, কেননা ধর্মময়তা অমর।

℣ প্রভু মৃত্যু থেকে আমার প্রাণ নিস্তার করলেন।
℟ আমি তাঁর সম্মুখে চলতে থাকব জীবিতের দেশে।

৩য় সপ্তাহ **এফে ২:৮-৯**

অনুগ্রহেই তোমরা বিশ্বাস দ্বারা পরিত্রাণ পেয়েছ; এবং তা তোমাদের কাজ নয়, ঈশ্বরেরই দান; তা কর্মের ফলও নয়, কেউই যেন গর্ব না করতে পারে।

℣ প্রভু, পৃথিবীতে জ্ঞাত হোক তোমার পথ,
℟ সকল দেশের মাঝে তোমার পরিত্রাণ।

৪র্থ সপ্তাহ **১ যোহন ৪:৯-১১**

এতেই আমাদের প্রতি ঈশ্বরের ভালবাসা প্রকাশিত হয়েছে, ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে জগতে প্রেরণ করেছেন তাঁর দ্বারাই আমরা যেন জীবন পাই। আর এতেই ভালবাসার অর্থ: আমরা যে ঈশ্বরকে ভালবেসেছিলাম এমন নয়, কিন্তু তিনি আমাদের ভালবাসলেন এবং আমাদের পাপের প্রায়শ্চিত্ত হতে নিজ পুত্রকে প্রেরণ করলেন। প্রিয়জনেরা, ঈশ্বর যখন এমনইভাবে আমাদের ভালবেসেছেন, তখন আমাদেরও পরস্পরকে ভালবাসা উচিত।

℣ হে পরমেশ্বর, হে আমাদের ঢাল, চেয়ে দেখ,
℟ দেখ তোমার অভিষিক্তজনের মুখের দিকে।

সমাপন প্রার্থনা

হে প্রভু যীশুখ্রীষ্ট, সেই দস্যু অনুতাপ করলেই তুমি তাকে ক্রুশ থেকে তোমার আপন রাজ্যে নিয়ে গেছিলে। নিজেদের পাপ স্বীকার করে আমরা আশ্বাস নিয়ে তোমায় অনুনয় করি: আমাদের মৃত্যুর পরে তুমি যেন স্বর্গদ্বারের মধ্য দিয়ে আমাদের আনন্দের সঙ্গে চালিত কর।

সন্ধ্যারতি

স্তোত্র

১। জীবনেশ্বর মানবস্রষ্টা,
তোমার লীলা, ভূমির কোলেই
সরিসৃপ পশুর জন্ম:
সৃষ্টিকাজের ষষ্ঠ দিবস।

২। নিজেরই সাদৃশ্যে তুমি
শ্রেষ্ঠ জীব সেই মানুষ গড়লে,
সব জীবজন্তু হল বাধ্য,
মানল তার সেই আধিপত্য।

৩। ঐশানন্দের, ঐশকৃপার
সকল দান কর মঞ্জুর;
কর ছিন্ন হিংসার শৃঙ্খল,
কর দৃঢ় শান্তির বন্ধন।

৪। কাম ক্রোধ যত রিপু
অন্তর হতে দিও দূরে,
পুণ্যজীবন যাপি যেন,
অন্তর শুভ্র রক্ষি যেন।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বাণী পাঠ

১ম সপ্তাহ **রো ১৫:১-৩**

আমাদের মধ্যে যারা বলবান, তাদের উচিত নিজেদের তুষ্ট করা নয়, কিন্তু দুর্বলদের দুর্বলতা তাদের সঙ্গে বহন করা। আমরা প্রত্যেকেই যেন মঙ্গল সাধনেই প্রতিবেশীকে তুষ্ট করতে সচেষ্ট থাকি, যেন পরস্পরকে গেঁথে তুলতে পারি। বাস্তবিকই খ্রীষ্ট নিজেকে তুষ্ট করতে চেষ্টা করেননি; বরং যেমন লেখা আছে: 'যারা তোমাকে অপবাদ দেয়, তাদের সেই অপবাদ আমার উপরেই এসে পড়েছে।'

২য় সপ্তাহ **১ করি ২:৭-১০ক**

আমরা এমন ঐশ্বরিক ও রহস্যময় প্রজ্ঞারই কথা বলছি যা গুপ্ত ছিল, যা ঈশ্বর আমাদের গৌরবের জন্য অনাদিকাল থেকেই নিরূপণ করেছিলেন। এ যুগের শাসনকর্তাদের মধ্যে কেউই তার কথা জানত না, কেননা যদি জানত, তবে গৌরবের প্রভুকে ক্রুশে দিত না। কিন্তু যেমন লেখা আছে, 'কোন চোখ যা যা দেখেনি, কোন কান যা যা শোনেনি, কোন মানুষের হৃদয়ে যা যা কখনও প্রবেশ করেনি, যারা তাঁকে ভালবাসে, ঈশ্বর তাদেরই জন্য এসব

কিছু প্রস্তুত করেছেন।' আমাদের কাছে কিন্তু ঈশ্বর আত্মা দ্বারাই সেই সবকিছু প্রকাশ করেছেন।

৩য় সপ্তাহ **যাকোব ১:২-৪**

হে আমার ভাই, তোমরা যখন নানা ধরনের পরীক্ষার সম্মুখীন হও, তখন তা পরম আনন্দের বিষয় মনে কর, একথা জেনে যে, তোমাদের বিশ্বাসের পরীক্ষা হল নিষ্ঠার উৎস। তবে নিষ্ঠা নিজের কাজে সিদ্ধি লাভ করুক, যেন তোমরা এমন সিদ্ধ ও পূর্ণ-পরিণত মানুষ হয়ে উঠতে পার, যাদের কোন কিছুর অভাব থাকে না।

৪র্থ সপ্তাহ **রো ৮:১-২**

যারা খ্রীষ্টযীশুতে আছে, তাদের বিরুদ্ধে আর কোন দণ্ডাজ্ঞা নেই। কেননা খ্রীষ্টযীশুতে জীবনদায়ী সেই আত্মার বিধান পাপ ও মৃত্যুর বিধান থেকে আমাকে মুক্ত করে দিয়েছে।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

প্র খ্রীষ্ট আমাদের ভালবেসেছেন, আমাদের ধৌত করেছেন * তাঁর নিজের রক্তে।

উ খ্রীষ্ট আমাদের ভালবেসেছেন, আমাদের ধৌত করেছেন * তাঁর নিজের রক্তে।

প্র আমাদের করে তুলেছেন রাজ্য, ঈশ্বরের উদ্দেশে যাজক,

উ তাঁর নিজের রক্তে।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ খ্রীষ্ট আমাদের ভালবেসেছেন, আমাদের ধৌত করেছেন * তাঁর নিজের রক্তে।

২য়, ৪র্থ সপ্তাহ

প্র খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরলেন * ঈশ্বরের কাছে আমাদের অর্পণ করার জন্য।

উ খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরলেন * ঈশ্বরের কাছে আমাদের অর্পণ করার জন্য।

প্র মাংসে তিনি নিহত হয়েছিলেন, আত্মায় কিন্তু সঞ্জীবিত হয়ে উঠলেন,

উ ঈশ্বরের কাছে আমাদের অর্পণ করার জন্য।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরলেন * ঈশ্বরের কাছে আমাদের অর্পণ করার জন্য।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ: আপন দয়া স্মরণ ক'রে * প্রভু আপন সন্তানদের সহায়তা করেছেন।

জোড় সপ্তাহ: তোমার দয়ার কথা * স্মরণ কর, প্রভু,
যেমনটি বলেছিলে আমাদের পিতৃপুরুষদের কাছে।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি আমাদের প্রেমময় পিতা, যিনি আমাদের যত্ন নেন এবং আমাদের সকল প্রয়োজন জানেন, আসুন, আশ্বাস নিয়ে সেই ঈশ্বরকে অনুনয় করি:

পিতা, দেখাও তোমার কৃপা।

-তোমার পুত্রের ক্রুশীয় আত্মবলিদানের কথা স্মরণ ক'রে তোমার মণ্ডলীর দুঃখক্লিষ্ট অঙ্গপ্রত্যঙ্গকে সান্ত্বনা দান কর।

-অত্যাচারিতকে মুক্তি, অন্ধকে দৃষ্টিশক্তি, অনাথ ও বিধবাকে সহায়তা দান কর।

-তোমার নিজের শক্তিতে আমাদের শক্তিশালী কর, আমরা যেন শয়তানের আক্রমণ থেকে রক্ষা পেতে পারি।

-আমাদের সকলকে প্রচুর আশীর্বাদ দান কর, আমরা যেন খ্রীষ্টপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তাঁর দেওয়া পবিত্র দায়িত্ব মৃত্যুকাল পর্যন্ত পালন করতে পারি।

-আমাদের মৃত ভাইবোনদের তোমার জ্যোতির্লোকে গ্রহণ কর, তাঁরা যেন চিরকালের মত তোমার শ্রীমুখ দর্শন

করতে পারেন।

২য় সপ্তাহ

যিনি জীবনকালে গরিবদের ও দুঃখক্লিষ্টদের অশ্রুজল মুছে দিয়েছিলেন, আসুন, সেই দয়ালু মেষপালক খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, দয়া কর।

-তুমি যে অবনমিতদের সান্ত্বনাদানকারী, গরিবদের অশ্রুজল মনে রেখ।

-মরণাপন্নদের হাহাকার শুনে তাদের যত্ন করতে এসো।

-প্রবাসী সকল মানুষ তোমার উপস্থিতি অনুভব ক'রে যেন সাহস পেতে পারে; তোমার আশীর্বাদে তারা যেন মাতৃভূমিতে ফিরে যেতে পারে, আবার একদিন যেন স্বর্গীয় যেরুসালেমের নাগরিক হতে পারে।

-যারা পাপময় জীবন যাপন করে, তোমার প্রেমে তাদের মন জয় কর; তোমার কৃপায় তারা যেন তোমার সঙ্গে ও তোমার মণ্ডলীর সঙ্গে পুনর্মিলিত হতে পারে।

-আমাদের মৃত ভাইবোনদের তোমার পরম শান্তিতে গ্রহণ কর, তাঁরা যেন মুক্তির পূর্ণ ফল ভোগ করতে পারেন।

৩য় সপ্তাহ

যিনি আমাদের পাপমোচনের উদ্দেশ্যে মৃত্যু বরণ করেছেন ও আমাদের পবিত্রীকরণের লক্ষ্যে পুনরুত্থান করেছেন, আসুন, বিনীত কণ্ঠে আমাদের সেই ত্রাণকর্তা যীশুকে ডাকি:

হে প্রভু, দয়া কর।

-আমাদের ব্যাকুল যাচনা পূরণ কর, আমাদের অপরাধ মার্জনা কর, আমাদের ক্ষমা ও শান্তি দান কর।

-পাপের তুলনায় তোমার অনুগ্রহ অপরিসীম; আমাদের অসংখ্য পাপ তোমার প্রেমের জলধারায় নিমজ্জিত কর।

-আমাদের পাপ স্বীকার করে আমরা তোমার অসীম দয়ার উপর নির্ভর করি; আমাদের মন তোমার মনের মত কর, যেন আমাদের জীবনের পরিবর্তন হয়।

-তোমার সন্ধি লঙ্ঘন করা থেকে তোমার জনগণকে রক্ষা কর, তারা যেন তোমার নিত্য উপকারিতায় উপকৃত হতে পারে।

-তুমি অনুতপ্ত দস্যুর জন্য স্বর্গের দ্বার খুলে দিয়েছিলে; আমাদের মৃত ভাইবোনদের তোমার গৃহে গ্রহণ কর।

৪র্থ সপ্তাহ

যিনি আমাদের আশার উৎস, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি জানাই:

হে প্রভু, দয়া কর।

-আমাদের দুর্বলতার কারণে আমরা সর্বদা পতনোন্মুখ। তোমার অনুগ্রহ দানে আমাদের সুস্থির করে রাখ।

-তুমি তো জান, পাপাসক্তি আমাদের কতই না প্রভাবান্বিত করে। তোমার ক্ষমা দানে আমাদের আত্মা নিরাময় কর।

-পাপ তোমাকে দুঃখ দেয়, প্রায়শ্চিত্ত তোমার প্রসন্নতা অর্জন করে। পাপী বলে আমরা তোমার শাস্তির যোগ্য হলেও আমাদের কাছ থেকে তোমার ক্রোধের আঘাত দূর করে দাও।

-তুমি সেই পাপিষ্ঠা নারীকে ক্ষমা করেছিলে এবং পথ-হারানো মেষকে কাঁধে তুলে নিয়েছিলে। তোমার করুণা থেকে আমাদের কখনও বঞ্চিত করো না।

-ক্রুশ দ্বারা আমাদের জন্য স্বর্গের দ্বার খুলে দিয়েছ। যাঁরা তোমাতে ভরসা রেখে পরলোকগমন করেছেন, তাঁদের সকলকে তোমার রাজ্যে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, তোমার এই দাসদের বুঝতে দাও তোমার পুত্রের যন্ত্রণাভোগের মর্মসত্য, আমরা যেন তাঁর সেই লঘুভার জোয়াল অনুক্ষণ বহন করতে পারি।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, ক্রুশের অজ্ঞতায় তোমার পরম প্রজ্ঞার প্রকাশ! আশীর্বাদ কর: তোমার পুত্রের

যন্ত্রণাভোগের ঐশগৌরব উপলব্ধি করে আমরা যেন তাঁর ক্রুশ-মাহাত্ম্য নিয়ে সর্বদা গর্ব করতে পারি।

৩য় সপ্তাহ: হে প্রভু, হে পবিত্রতম পিতা, তুমি চেয়েছিলে, তোমার পুত্র যীশুখ্রীষ্ট জগতের মুক্তিপণ রূপে নিজেকে অর্পণ করবেন। আশীর্বাদ কর: তাঁর যন্ত্রণাভোগের সহভাগী হয়ে জীবন যাপন করে আমরা যেন একদিন তাঁর পুনরুত্থানের গৌরবের অংশীদার হতে পারি।

৪র্থ সপ্তাহ: হে সর্বশক্তিমান করুণাময় ঈশ্বর, তুমি চেয়েছিলে, তোমার পুত্র যীশুখ্রীষ্ট জগতের পরিত্রাণের জন্য যন্ত্রণাভোগ করবেন। আশীর্বাদ কর: জীবন্ত বলিরূপে নিজেকে উৎসর্গ করে তোমার মণ্ডলী যেন তোমার প্রেমের পূর্ণ মাধুর্যে পরিতৃপ্ত হতে পারে।

শনিবার

আহ্বান সঙ্গীত

জাগরণী

স্তোত্র

১। দয়ার সাগর পরমেশ্বর,
ওগো সৃষ্টিকর্তা,
পুণ্যের উৎস, দিব্য জ্যোতি,
ত্রিত্ব বিধানকর্তা।

২। অশ্রুপূর্ণ ভক্তিভরা
শোন এ মিনতি;
কৃপা কর, মোরা যেন
পুণ্য হয়ে উঠি।

৩। ঐশপ্রেমের অগ্নি দ্বারা
অন্তর জ্বলবে যখন,
সবকিছুতে তোমায় দেখতে
চক্ষু শিখবে তখন।

৪। রাতের গতি ভেঙে মোরা
গাইছি তব স্তুতি;
মাতৃভূমি পাবার যেন
যোগ্য হয়ে উঠি।

৫। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
ত্রিত্ব পরমেশ্বর;
শোন যাচনা, কর কৃপা,
ওগো জীবনেশ্বর। (৬ষ্ঠ শতাব্দী)

বিকল্প (দিনমানে)

১। গৌরবময় বিশ্বরাজন,
ভক্তের যাচনা কর মঞ্জুর:
হৃদে সপ্তদানের আত্মা
করুন বসবাস।

২। দেহের ব্যাধি দূরে রেখ,
ইচ্ছাশক্তি কর দৃঢ়,
রিপুর প্রভাব কর ছিন্ন,
দিও মনোবল।

৩। অন্তর কর উদ্দীপিত,
শুভকর্মে হও দিশারী,
প্রদান কর দিব্য জীবন,
পুণ্য কর প্রাণ।

৪। সাতদিন হল সপ্তার গঠন,
তবু অষ্টম দিনও আছে,
সেই যে-দিনকে মোরা বলি
শেষ বিচারের দিন।

৫। সেই দিবসে, মুক্তিদাতা,
তব ক্রোধ যেন না দেখি;
তুমি বরং দক্ষিণ পাশেই
মোদের দিও স্থান।

৬। তবে তুমি ভক্তজনদের
যাচনা যখন গ্রহণ করবে,
মোরা তখন গাইতে পারব:
ত্রিত্বের গৌরব হোক!

১ম পর্ব

বিজোড় সপ্তাহ ℟ এসো, তোমরা; দেখ প্রভুর কর্মকীর্তি;
℟ পৃথিবীতে কী ভয়ঙ্কর কাজ করেছেন তিনি।

জোড় সপ্তাহ ℟ হে প্রভু, মেঘলোক-প্রসারী বিশ্বস্ততা তোমার,
℟ মহা অতলের মত তোমার ন্যায়।

২য় পর্ব

বিজোড় সপ্তাহ ℟ আমাকে চিনিয়ে দাও তোমার পথসকল, প্রভু;
℟ আমাকে শিখিয়ে দাও তোমার পন্থাসকল।

জোড় সপ্তাহ ℣ আমরা তোমাদের জন্য অবিরত প্রার্থনা ও মিনতি করে আসছি:
℟ ঈশ্বরের ইচ্ছা কি, তোমরা যেন তা সম্পূর্ণরূপে উপলব্ধি করতে পার।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

যাচনামালা

নতুন দিনের শুরুতে, আসুন, নিখিল সাধুসাধ্বীর সঙ্গে মিলিত হয়ে ঈশ্বরের দয়া প্রার্থনা করি:

প্রভু, দয়া কর।	খ্রীষ্ট, দয়া কর।
স্বর্গমর্তের স্রষ্টা, পিতা পরমেশ্বর,	আমাদের প্রতি দয়া কর।
জগৎত্রাতা, পুত্র পরমেশ্বর,	”
অনুপ্রেরণাদানকারী, আত্মা পরমেশ্বর,	”
সন্ন্যাসিনীদের মাতা, ধন্যা মারীয়া,	আমাদের মঙ্গল প্রার্থনা কর।
সাধ্বী মারীয়া মাগ্‌দালেনা,	”
সাধ্বী মাক্রিনা ও স্কলাস্তিকা,	”
স্বর্গীয় সন্ন্যাসিনীবৃন্দ	”
সাধু ··· (কিংবা সাধ্বী ···)	”

সমাপন প্রার্থনা: রবিবারের সংখ্যা অনুসারে, পৃঃ ৩৭৯–৪০৪।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। উষার শুভ জয়যাত্রা:
নবদিনের আগমনে
নবজ্যোতি বিকশিত:
পূর্বকলুষ বিতাড়িত।

২। নিশির ছলন হোক নাশিত,
মনের ত্রুটি হোক ধ্বংসিত,
যত তমস যত অমঙ্গল
দূরে চল, আসুক মঙ্গল।

৩। নত হয়ে কাতর কণ্ঠে
ডাকি মোরা, কর মঞ্জুর
উষার সঙ্গে খ্রীষ্ট-দর্শন,
জ্যোতির সঙ্গে আত্মা-বর্ষণ।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
তব গৌরব মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে।

(৭ম শতাব্দী)

বাণী পাঠ

১ম সপ্তাহ **২ পি ১:১০-১১**

ভাই, তোমাদের তেমন আহ্বান ও মনোনয়ন উত্তরোত্তর সুদৃঢ় করার জন্য আরও বেশি সচেষ্ট থাক; তেমন চেষ্টা করলে তোমাদের কখনও হোঁচট খেতে হবে না, কেননা এভাবে চললেই তোমাদের দেওয়া হবে আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশুখ্রীষ্টের চিরন্তন রাজ্যে প্রবেশ করার পূর্ণ অধিকার।

২য় সপ্তাহ **রো ১২:১৪-১৬ক**

যারা তোমাদের নির্যাতন করে, তাদের আশীর্বাদ কর, আশীর্বাদ কর, অভিশাপ দিয়ো না; যারা আনন্দ করে, তাদের সঙ্গে আনন্দ কর; যারা কাঁদে, তাদের সঙ্গে কাঁদ। তোমরা পরস্পর একপ্রাণ হও; অতি উঁচু বিষয়ে মন দিয়ো না, বরং সরল বিষয়ে মন নমিত কর।

৩য় সপ্তাহ **ফিলি ২:১৪-১৫**

গজগজ না ক'রে, কোন তর্ক না করেই সবকিছু কর যেন নিখুঁত ও সরল মানুষ হতে পার; কুটিল ও ভ্রষ্ট এক প্রজন্মের মানুষদের মধ্যে যেন হতে পার ঈশ্বরের অনিন্দনীয় সন্তান; ওদের মধ্যে তোমরা জগতে জ্যোতিষ্কেরই

মত উজ্জ্বল আলোতে উদ্ভাসিত হও।

৪র্থ সপ্তাহ **২ পি ৩:১৩-১৫ক**

প্রভুর প্রতিশ্রুতি অনুসারে আমরা এমন এক নতুন আকাশ ও নতুন পৃথিবীর প্রতীক্ষায় রয়েছি, যেখানে ধর্মময়তা নিত্যই বসবাস করে। এজন্য, প্রিয়জনেরা, তোমরা যখন এসব কিছুর প্রতীক্ষায় রয়েছ, তখন তাঁর সম্মুখে নিষ্কলঙ্ক ও অনিন্দনীয় হয়ে, শান্তিতে দাঁড়াবার জন্য সচেষ্ট থাক। আমাদের প্রভুর সেই অসীম সহিষ্ণুতাকে তোমরা পরিত্রাণ বলে মনে কর।

শ্লোক

১ম, ৩য় সপ্তাহ

℣ প্রভু, তোমার কাছে চিৎকার করে বলি : * তুমি আমার আশ্রয়।

℟ প্রভু, তোমার কাছে চিৎকার করে বলি : * তুমি আমার আশ্রয়।

℣ তুমি আমার অংশ জীবিতের দেশে।

℟ তুমি আমার আশ্রয়।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু, তোমার কাছে চিৎকার করে বলি : * তুমি আমার আশ্রয়।

২য়, ৪র্থ সপ্তাহ

℣ তোমার স্তবগান গেয়ে * আনন্দচিৎকারে মুখর হয়ে উঠবে আমার ওষ্ঠ।

℟ তোমার স্তবগান গেয়ে * আনন্দচিৎকারে মুখর হয়ে উঠবে আমার ওষ্ঠ।

℣ আমার জিহ্বা তোমার ধর্মময়তা প্রচার করে যাবে,

℟ আনন্দচিৎকারে মুখর হয়ে উঠবে আমার ওষ্ঠ।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তোমার স্তবগান গেয়ে * আনন্দচিৎকারে মুখর হয়ে উঠবে আমার ওষ্ঠ।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

বিজোড় সপ্তাহ : হে প্রভু, * তাদেরই আলো দিও,
যারা বসে আছে অন্ধকারে ও মৃত্যু-ছায়ায়।

জোড় সপ্তাহ : প্রভু, * আমাদের চরণ চালিত কর শান্তির পথে।

মিনতি নিবেদন

১ম সপ্তাহ

যিনি পিতার কাছে দয়ালু ও বিশ্বাসযোগ্য মহাযাজক হবার জন্য সবদিক দিয়েই আমাদের মত হতে চাইলেন, আসুন, সেই খ্রীস্টের কাছে বিনীত প্রার্থনা অর্পণ করি :

হে প্রভু, তোমার দয়ার ঐশ্বর্য মঞ্জুর কর।

-হে ধর্মময়তার সূর্য, দীক্ষাস্নানে তুমি আমাদের আলোকিত করেছ। আমরা তোমার কাছে এদিন নিবেদন করি।

হে প্রভু, তোমার দয়ার ঐশ্বর্য মঞ্জুর কর।

-ঘণ্টায় ঘণ্টায় আমরা তোমার প্রশংসাবাদ করব, কাজে কর্মে তোমার নামকীর্তন করব।

-তোমার মা মারীয়া তোমার ঐশবাণী ভক্তিভরে অন্তরে গেঁথে রাখতেন। তোমার সুসমাচারের আলোতে আমাদের চালিত কর।

-আমরা এ জগতে প্রবাসী। আমাদের অন্তরে অমর জীবনের নিশ্চিত প্রত্যাশা জাগিয়ে রাখ, আমরা যেন এখন থেকেও তোমার সাহচর্যের মাধুর্য আস্বাদন করতে পারি।

২য় সপ্তাহ

যিনি বিশেষভাবে তাঁর দেহের গরিব ও দুঃখক্লিষ্ট অঙ্গগুলির মধ্যেই উপস্থিত, আসুন, সেই খ্রীস্টের অপার দয়ার

গুণকীর্তন করে প্রার্থনা করি :

হে প্রভু, ভ্রাতৃপ্রেমে আমাদের উজ্জ্বল করে তোল।

-আমরা তোমার পুনরুত্থানের কথা স্মরণ করে এ নতুন দিন শুরু করি; সর্বজাতির মানুষের উপর তোমার পরিত্রাণের শুভফল বর্ষণ কর।

-মানুষের সামনে তোমার সাক্ষী হবার জন্য শক্তি দাও, আমরা যেন তোমার নিজের আত্মবলিদানের অর্ঘ্যে অংশ নেবার যোগ্য হতে পারি।

-সহায়তা কর, আমরা যেন আমাদের ভাইবোনদের মধ্যে তোমাকে চিনে তাদের সেবা করে তোমারই সেবা করতে পারি।

-আঙুরলতার সঙ্গে শাখা-প্রশাখার মত তুমি তো তোমার সঙ্গে আমাদের একত্রিত কর; তোমার প্রেমের আশ্রয়ে আমাদের স্থিতমূল কর, আমরা যেন পিতা ঈশ্বরের গৌরবার্থে প্রচুর ফসলে ফলপ্রসূ হতে পারি।

৩য় সপ্তাহ

যিনি তাঁর আপন পুত্রের মাতাকে সকল সৃষ্টজীবের ঊর্ধ্বে উন্নীত করতে চেয়েছেন, আসুন, মাতা মারীয়ার সহায়তার উপর ভরসা রেখে সেই পিতা ঈশ্বরকে ডাকি :

তোমার পুত্রের মাতার দিকে তাকিয়ে আমাদের প্রার্থনা শোন।

-তুমি কুমারী মারীয়াকে আমাদের মাতা ও খ্রীষ্টীয় জীবনের আদর্শ রূপে প্রতিষ্ঠিত করেছ; তাঁর নিত্য সহায়তায় আমাদের পবিত্রতার পথে চালিত কর।

-তোমার অনুগ্রহে কুমারী মারীয়া তোমার বাণীর মনোযোগী শ্রোতা ও তোমার বিশ্বস্ত দাসী হতে পেরেছিলেন; তাঁর নিত্য সহায়তায় আমাদের সকলকে তোমার পুত্রের প্রকৃত শিষ্য ও নম্র দাস করে তোল।

-তুমি পবিত্র আত্মার প্রভাবে কুমারী মারীয়াকে মাতৃত্বের মর্যাদা দিয়েছিলে; তাঁর নিত্য সহায়তায় আমাদের উপর তোমার আত্মার দানগুলি বর্ষণ কর।

-তুমি ক্রুশের তলায় উপস্থিত কুমারী মারীয়ার অন্তরে সহিষ্ণুতা সঞ্চার করেছিলে, এবং তোমার পুত্রের পুনরুত্থানে তাঁর হৃদয় পরম আনন্দে পরিপূর্ণ করেছিলে; তাঁর নিত্য সহায়তায় সঙ্কটকালে আমাদের সান্ত্বনা দাও, আমাদের প্রাণ আশায় ভরিয়ে তোল।

৪র্থ সপ্তাহ

যিনি তাঁর একমাত্র পুত্রের ভাইয়ের মত আমাদের গ্রহণ করেছেন এবং বরাবর আমাদের সঙ্গে থেকে আপন ভালবাসায় আমাদের আশ্রয় দিয়েছেন, আসুন, সেই প্রেমময় বিধাতা পিতা ঈশ্বরকে ডাকি :

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তুমি আমাদের দান করেছ এক নতুন দিন। আশীর্বাদ কর, যেন খ্রীষ্টকে ভক্তি ক'রে ও তোমার প্রশংসাবাদ ক'রে এদিন যাপন করতে পারি।

-পবিত্র আত্মা আমাদের অন্তরে যে বিশ্বাস, আশা ও ভক্তি সঞ্চার করেছেন, তোমার আশীর্বাদে তা যেন আমাদের জীবনে প্রচুর ফলে ফলশালী হয়।

-আমাদের দৃষ্টি অনুক্ষণ তোমার প্রতি নিবদ্ধ থাকুক, আমরা যেন তোমার ডাকে নির্দ্বিধায় সাড়া দিতে পারি।

-এ দেশের ও সমগ্র জগতের অন্যান্য ধর্মাবলম্বীদের কথা তোমার কাছে স্মরণ করিয়ে দিই; তোমার আশীর্বাদে তাঁরা যেন সুখে শান্তিতে জীবনযাপন করতে পারেন।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, তোমার পুত্রের পুনরুত্থানের আলোতে আমাদের হৃদয়-মন আলোকিত কর, আমরা যেন পাপময় মৃত্যুর অন্ধকার এড়িয়ে চিরকালীন জ্যোতির্লোকে গিয়ে পৌঁছতে পারি।

২য় সপ্তাহ: হে প্রভু, আমাদের ওষ্ঠ তোমার প্রশংসাগান করুক, তোমার প্রশংসাগান করুক আমাদের প্রাণ, আমাদের জীবন। যেহেতু আমাদের সমস্ত জীবন তোমারই দান, আমাদের দেহ-মন, কাজকর্ম, যাবতীয় যা কিছু আছে সবই যেন তোমারই হয়।

৩য় সপ্তাহ: আমাদের পরিত্রাণের উৎস হে ঈশ্বর, আশীর্বাদ কর, আমাদের সমস্ত জীবনে আমরা যেন তোমার গৌরবের কথা স্বীকার করি, স্বর্গলোকেও আমরা যেন তোমার নিত্য প্রশংসাগানে রত থাকতে পারি।

৪র্থ সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, হে সত্যকার আলো ও অনন্ত দিবস, তোমার ভক্তদের প্রাতঃকালীন অর্ঘ্য গ্রহণ কর। রাত্রির পাপময় অন্ধকার থেকে আমাদের মন মুক্ত কর, আমরা যেন তোমার আগমনের আলোতে উদ্ভাসিত হতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,
তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: তৃতীয় ঘণ্টা পালন ক'রে; পৃঃ ৪৩৬।

বাণী পাঠ

১ম সপ্তাহ **১ রাজা ৮:৬০-৬১**

পৃথিবীর সকল জাতি জানতে পারবে যে, প্রভুই পরমেশ্বর, অন্য কেউ নেই। তোমাদের হৃদয় আমাদের পরমেশ্বর প্রভুর প্রতি একাগ্র থাকুক, যেন তাঁর বিধিপথে চলতে পারে এবং তাঁর আজ্ঞা পালন করতে পারে।

℟ আমাকে শিখিয়ে দাও তোমার পন্থাসকল, প্রভু;
℣ তোমার সত্যে আমাকে চালনা কর।

২য় সপ্তাহ **দ্বিঃবিঃ ৮:৫খ-৬**

যেমন পিতা তার আপন ছেলেকে শাসন করেন, তেমনি তোমার পরমেশ্বর প্রভু তোমাকে শাসন করেন। তাঁর সমস্ত পথে চ'লে ও তাঁকে ভয় ক'রেই তুমি তোমার পরমেশ্বর প্রভুর আজ্ঞা পালন কর।

℟ প্রভুর উক্তি শুদ্ধ, চিরস্থায়ী,
℣ প্রভুর বিচারগুলি সত্যাশ্রয়ী, সব ক'টি ধর্মময়।

৩য় সপ্তাহ **১ সামু ১৫:২২**

আহুতি ও যজ্ঞবলি এবং প্রভুর প্রতি বাধ্য হওয়া, এই দুইয়ে প্রভু কী সমানভাবেই প্রীত? দেখ, যজ্ঞবলির চেয়ে বাধ্যতাই শ্রেয়; ভেড়ার চর্বির চেয়ে আত্মসমর্পণই শ্রেয়।

℟ স্তুতি-যজ্ঞ, সেই তো আমার প্রতি সম্মান,
℣ যার আচরণ নিখুঁত, তাকে দেখাব পরমেশ্বরের পরিত্রাণ।

৪র্থ সপ্তাহ **দা ৬:২৭খ-২৮ক**

আমাদের ঈশ্বর জীবনময় ঈশ্বর ও চিরকালস্থায়ী; তাঁর রাজ্য অবিনাশ্য, তাঁর আধিপত্য অন্তহীন। তিনি নিস্তার করেন ও উদ্ধার করেন, স্বর্গে ও মর্তে চিহ্ন ও আশ্চর্য কাজ সাধন করেন।

℟ শান্ত হও তোমরা, জেনে নাও, আমিই তো পরমেশ্বর,
℣ জাতি-বিজাতির মাঝে আমি উচ্চতম, পৃথিবী জুড়ে উচ্চতম।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান পিতা ঈশ্বর, তোমার মাহাত্ম্যে অনুগত সন্তানদের অন্তরে পবিত্র আত্মার আলো সঞ্চার কর, আমরা যেন যত শত্রু থেকে রক্ষা পেয়ে তোমার স্তুতিবন্দনা গানে মুখর হয়ে উঠি।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত :
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি ;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে ; পৃঃ ৪৩৭।

বাণী পাঠ

১ম সপ্তাহ **যেরে ১৭:৯-১০**

হৃদয় সবকিছুর চেয়ে প্রবঞ্চক, ও আরোগ্যের অতীত ; কে হৃদয়কে বুঝতে পারে? আমি যে প্রভু, আমি হৃদয় তলিয়ে দেখি, মন যাচাই করি ; আমি প্রতিটি মানুষকে তার আচরণ অনুসারে, তার কর্মফল অনুসারে যোগ্য প্রতিদান দিই।

℣ আমার অজ্ঞাত পাপ ক্ষমা কর, প্রভু ;
℟ স্পর্ধা থেকেও তোমার এ দাসকে দূরে রাখ।

২য় সপ্তাহ **১ রাজা ২:২খ-৩**

তুমি বলবান হও, পুরুষত্ব দেখাও। সমস্ত পথে চ'লে, তাঁর বিধি, আজ্ঞা, বিচার ও সাক্ষ্য সকল পালন ক'রে তুমি তোমার পরমেশ্বর প্রভুর আদেশগুলি পালন কর, যেন যত কাজে ও সঙ্কল্পে সফল হতে পার।

℣ তোমার আজ্ঞাবলির পথে আমায় চালনা কর, প্রভু ;
℟ সেইখানে যে আমার প্রীতি।

৩য় সপ্তাহ **গা ৫:২৬;৬:২**

এসো, আমরা যেন অসার অহঙ্কার না করি, পরস্পরকে জ্বালাতন না করি, পরস্পরকে ঈর্ষা না করি। তোমরা একে অপরের বোঝা বহনে সাহায্য কর, এভাবেই খ্রীষ্টের বিধান পূরণ করবে।

℣ দেখ, ভাইদের একত্রে বাস করা কতই না ভাল, কতই না সুন্দর!
℟ সেইখানে তো প্রভু জারি করেছেন আশীর্বাদ।

৪র্থ সপ্তাহ **রো ১৫:৫-৭**

নিষ্ঠা ও আশ্বাস দানকারী ঈশ্বর তোমাদের এই বর প্রদান করুন, যীশুখ্রীষ্টের আদর্শ অনুসারে তোমরা যেন পরস্পর একমন হতে পার, যেন একপ্রাণে এককণ্ঠে তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর ও পিতার গৌরবকীর্তন করতে পার। তাই ঈশ্বরের গৌরবের খাতিরে তোমরা পরস্পরকে সাদরে গ্রহণ কর, স্বয়ং খ্রীষ্ট যেইভাবে তোমাদের গ্রহণ করেছেন।

℣ প্রভু তাঁর আপন জাতিতে প্রসন্ন আছেন ;
℟ বিনম্রদের ত্রাণমুকুটেই বিভূষিত করেন।

সমাপন প্রার্থনা

হে প্রভু, প্রসন্ন হয়ে আমাদের দান কর অনন্ত ভালবাসার জাজ্বল্যমান আলো, আমরা যেন তোমার ভালবাসার শিখায় প্রদীপ্ত হয়ে উঠে, সবকিছুর ঊর্ধ্বে তোমাকে এবং তোমার খাতিরে আমাদের ভাইবোনদের একমাত্র ভালবাসায় ভালবাসতে পারি।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর,
তোমায়, প্রভু, স্থিতি;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: নবম ঘণ্টায়, এসো, করি; পৃঃ ৪৩৮।

বাণী পাঠ

১ম সপ্তাহ **প্রজ্ঞা ৭:২৭; ৮:১**

ঈশ্বরের প্রজ্ঞা সবকিছু করতে সক্ষম; নিজে অভিন্ন হয়ে থেকেও সে সবকিছু নবীন করে তোলে, ও যুগের পর যুগ পুণ্যবানদের প্রাণে প্রবেশ ক'রে সে তাদের করে তোলে ঈশ্বরের বন্ধু, তাদের করে তোলে নবী। প্রজ্ঞা জগতের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত শক্তির সঙ্গে পরিব্যাপ্ত; উত্তম মঙ্গলময়তার সঙ্গে সবকিছু নিয়ন্ত্রণ করে।

℣ কতই না মহান তোমার কর্মকীর্তি, প্রভু;
℟ তোমার চিন্তা-ভাবনা কতই গভীর।

২য় সপ্তাহ **যেরে ৬:১৬ক**

তোমরা পথে পথে দাঁড়িয়ে দেখ; অতীতকালের মার্গের কথা, উত্তম পথ কোথায় জিজ্ঞাসা ক'রে সেই পথে চল। তবে তোমাদের প্রাণের জন্য বিশ্রাম পাবে।

℣ তোমার নির্দেশমালাই আমার চিরকালীন উত্তরাধিকার,
℟ কারণ আমার হৃদয়ের আনন্দ সেই মালা।

৩য় সপ্তাহ **মিখা ৬:৮**

হে মানুষ, যা মঙ্গলকর, এবং প্রভু তোমার কাছ থেকে যা প্রত্যাশা করেন, তা তোমাকে বলাই হয়েছে; শুধু এ: তুমি সদাচরণ করবে, দয়া-মমতার প্রতি আসক্তি দেখাবে, ও তোমার পরমেশ্বরের সঙ্গে নম্রচিত্তে চলবে।

℣ তোমার নির্দেশ পথেই, প্রভু, আনন্দ আমার,
℟ তোমার বাণী কখনও ভুলব না।

৪র্থ সপ্তাহ **ফিলি ৪:৮,৯খ**

ভাই, যা কিছু সত্য, শ্রদ্ধার যোগ্য, ধর্মসম্মত ও পুণ্যময়, প্রীতিকর, শুভদায়ক, সদ্‌গুণমণ্ডিত ও প্রশংসনীয়, তোমরা তারই অনুধ্যান কর। তাহলে শান্তিবিধাতা ঈশ্বর তোমাদের সঙ্গে থাকবেন।

℣ ওগো আমার পরমেশ্বর, ওগো রাজন, আমি তোমার বন্দনা করব;
℟ ধন্য করব তোমার নাম চিরদিন চিরকাল।

সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি তোমায় : পরম শান্তি মঞ্জুর কর, ধন্যা কুমারী মারীয়া আমাদের হয়ে প্রার্থনা করলে আমরা যেন আমাদের জীবনের সমস্ত দিন ধরে তোমাতেই আনন্দ ক'রে তোমার কাছে নিরাপদে পৌঁছবার যোগ্য হয়ে উঠি।